ইংরেজি শিখতে হলে

ইংরেজি শিখতে হলে

সুরেশ কুণ্ডু

জ্ঞান বিচিত্রা প্রকাশনী
১১, জগন্নাথবাড়ি রোড, আগরতলা

INGREJI SHIKHTE HOLE

By

Suresh Kundu

প্রথম প্রকাশ

কলকাতা বইমেলা মার্চ 2008

প্রকাশক

দেবানন্দ দাম

জ্ঞান বিচিত্রা প্রকাশনী

11 জগন্নাথবাড়ি রোড, আগরতলা 799 001

ফোন : (0381) 232 6342 / 232 3781

প্রচ্ছদ

[illegible] পাল

মুদ্রক

এস ডি প্রিন্টার্স

12A পটুয়াটোলা লেন কলকাতা 700 009

কলকাতায় অফিস ও বিক্রয়কেন্দ্র

জ্ঞান বিচিত্রা

16 ডা: কার্তিক বোস স্ট্রিট, কলকাতা - 700 009

ফোন : (033) 2360-8981

ISBN 978 - 81 - 8266 - 135 - 6

150 টাকা

দীর্ঘ পঁয়ত্রিশ বছর

বাংলা ও ইংরেজি মাধ্যমের

অসংখ্য পড়ুয়াকে ইংরেজি পড়াতে পড়াতে

পড়েছি এবং শেখাতে শেখাতে শিখেছি

- আমার সেইসব স্নেহের ছাত্র-ছাত্রীদের উদ্দেশে

লেখকের কথা

এই বইয়ের অধ্যায় আটটা। কিন্তু মূল আলোচনার বিষয় চারটি। এই চারটি বিষয়ই ইংরেজি ভাষার আদি থেকে অন্ত। অর্থাৎ শুরু থেকে শেষ। ইংরেজি শেখা মানে এই চারটি বিষয়ের 'যত কিছু' শেখা। এই বিষয় চারটি হলো — ইংরেজি অক্ষর, ইংরেজি শব্দ, ইংরেজি বাক্যাংশ (phrase & clause) এবং ইংরেজি বাক্য।

ইংরেজি অক্ষর নিয়ে জানা ও বোঝার রয়েছে অনেক কিছু। অক্ষরের এইসব জানা-বোঝা পাকা করে ঢুকতে হবে ইংরেজি শব্দে। ইংরেজি শব্দগুলোকে কতদিক থেকে জানতে, চিনতে ও বুঝতে হয় তা বলে শেষ করা যায় না। শব্দের সঙ্গে পরিচয় পাকা করে যেতে হয় বাক্যাংশ অর্থাৎ phrase & clause-এর আলোচনায়। কারণ word-এর গুচ্ছ নিয়েই তো বাক্যাংশ। বাক্যাংশ শেখাটা শেষ করে অবশেষে ইংরেজি বাক্যে পৌঁছানো। ইংরেজি বাক্যের আলোচনায় শুদ্ধ বাক্যগঠনের নানা দিক নিয়ে কত আলোচনা।

উপরে-বলা সব বিষয়গুলো নিয়েই সবিস্তারে আলোচনা করেছি এই বইয়ে। এতসব নিয়ম-বিধিকে ইংরেজি ব্যাকরণের প্রচলিত নিয়মের নিগড়ে বেঁধে ফেলিনি। পড়তে পড়তে মনেই হবে না ইংরেজি শেখার জন্য ইংরেজি ব্যাকরণের নিয়ম মাথার ঘাম পায়ে ফেলে আয়ত্ত করে চলেছি। খুবই সহজ- সরলভাবে, কখনও ছড়া ও ছন্দের একটু দোল দিয়ে, ইংরেজি শেখার যাবতীয় নিয়ম জানতে চেয়েছি।

আমার এই জানানোটা কেবলমাত্র স্কুল-পড়ুয়াদের জন্য নয়। স্কুল পড়ুয়ারা এই বই পড়ে যথেষ্ট দখল তৈরি করতে পারবে ইংরেজিতে। পাশাপাশি যে-কোনো পেশার বয়স্ক আগ্রহী পাঠক প্রভূত উপকৃত হবেন এই বই থেকে। বয়স্ক পাঠক হয়তো ভুলে গেছেন ইংরেজির অনেক কিছু। কেউ কেউ হয়তো শিখতে চান ইংরেজিটা। এঁদের জন্যেও এই বই। গল্পের বই পড়ার মতো করেই বয়স্ক পাঠক পড়ুন না এই বইটা। এই সময়ে ইংরেজি শেখাটা সবার জন্যেই প্রয়োজন। এই সত্যটাও মনে রেখে লিখেছি এই বই। বারো থেকে বাষট্টি — সবাই শিখে নিক ইংরেজিটা, এটাই আমার উদ্দেশ্য।

২৮ ফেব্রুয়ারি ২০০৮

কলকাতা - ৭০০১২৯

সুরেশ কুন্ডু

সূচিপত্র

অধ্যায় এক : ইংরেজি অক্ষরের নানা কথা নানা কাজ ৯ – ১৪

শুরুর কথা

ইংরেজি শিখতে ইংরেজি গ্রামার

English Letters : শেখার আনন্দ

26টি Letter-এর ধ্বনির কথা

ইংরেজি উচ্চারণে Vowel-এর ভর

বাংলা অক্ষরের অনুষঙ্গ

অধ্যায় দুই : ইংরেজি অক্ষরে ইংরেজি শব্দ ১৫ – ৪৬

এক Letter-এ একটি শব্দ

দুই Letter-এ word গড়ো

একটি word অনেক কাজ

একটি word-এ Letter তিন, চার, পাঁচ

Question-tag-এর ব্যবহার

বেঁচে থাকতে এক নাম

পড়া, ভাবা এবং মজা

ইংরেজি শব্দের আর এক মজা

অধ্যায় তিন : ইংরেজি word-এর নানা পরিচিতি ৮৭ – ৯৪

সব word-এর আট ভাগ

কোন্ wordগুলোকে আমরা noun বলে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা pronoun বলে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা adjective বলে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা verb বলে চিনবো?

24 Auxiliary Verbs হলো 'Not'-এর বন্ধু

কোন্ wordগুলোকে আমরা adverb হিসাবে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা preposition হিসাবে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা conjunction হিসাবে চিনবো?

কোন্ wordগুলোকে আমরা interjection হিসাবে চিনবো?

Noun-এর Number

Pronoun-এর singular এবং plural

Reflexive Pronouns

Noun-এর gender

Pronoun-এর wordগুলো চিনে নেওয়া

Adjective-এর তুলনা-বোঝানো wordগুলোর সঙ্গে পরিচয়
Latin adjectiveগুলোর কথা
Verb-এর তিন রূপ : Present, Past, Past Participle
Parts of Speech বদলের পাঠ
একটা word-এর কত কাজ
একটা শব্দ, একই বানান, একই অর্থ, দ্বৈত কাজ
Adjective ও Adverb ব্যবহারে ধাঁধা
'To' বসানো যাবে না

অধ্যায় চার : **Vocabulary** শব্দভাণ্ডার গড়ে তুলতে ৯৫ – ১২৮

শব্দ ভাণ্ডার : Prefix & Suffix
শব্দ ভাণ্ডার : Antonyms
উচ্চারণ আর বানানে বিরোধ
শব্দ ভাণ্ডার : Phrasal Group Verbs

অধ্যায় পাঁচ : ইংরেজি **Word**-এর অন্যবিধ ব্যবহার

Preposition-এর ভুল ব্যবহার এড়াতে হলে
বিভ্রান্তিকর শব্দের সঠিক ব্যবহার
Compound Words যৌগিক শব্দ
Collective Nouns
শব্দের কতিপয় বিশেষ ব্যবহার
যৌগিক শব্দ ব্যবহারে ভুল
সংক্ষিপ্ত প্রকাশ
কোন্ প্রাণীর কেমন ডাকে
বিভিন্ন বস্তুর বিভিন্ন শব্দ
American and British Spelling

অধ্যায় ছয় : **Phrases & Clauses** ১৫১ – ১৭৫

Phrase-এর পরিচিতি
Noun Phrase : পাশাপাশি দুটো Noun বসিয়ে
Adjective Phrase : Present Participle-এর পরে Preposition
Adjective Phrase : Appropriate Preposition-এর সাহায্যে
Comparison of Adjective Phrases
Idiomatic Adjective Phrases
Adverbial Phrases
Everyday use of Adverbial Phrases
Prepositional Phrases
Verbal Phrases

Some Foreign Phrases
Adjective Clause/Clause Relative
Noun এবং Adjective Clause পাশাপাশি
Adverb Clause
Co-ordinate Clause
Non-Finite Clause
Verbless Clause
Joining of Sentences with Noun Clauses
Joining of Sentences with Adjective Clauses
Joining of Sentences with Adverb Clauses
সঠিক শব্দ বাছাই

অধ্যায় সাত : ইংরেজি বাক্য গঠন ১৭৬ – ২০৪

দুটো অংশ এক করো, একটি sentence তৈরি করো
কোন্ pronoun-এর পরে কী, জানতে হবে verb to 'be'
বাংলায় যদিও নেই/ইংরেজিতে থাকবেই
Do, Does, Did-এর ব্যবহার
'Not' নিয়ে সমস্যা নেই
'Wh-Word' দিয়ে Wh-Sentence গঠন
Question-tag Sentences প্রশ্ন লেজুড় বাক্য
Five kinds of Sentences
Tense-এর ধারণায় Sentence গঠন
Subject-Verb-এর বনিবনা (Agreement)
Introductory 'There'
Introductory 'It'

অধ্যায় আট : ইংরেজি সঠিকভাবে লেখা ২০৫ – ২২৪

Sentence-এ Noun-এর ব্যবহারের ভুল
Sentence-এ Pronoun-এর ব্যবহারের ভুল
Sentence-এ Adjective-এর ব্যবহারের ভুল
Sentence-এ Verb-এর ব্যবহারের ভুল
Tense-এ Verb-এর সঠিক ব্যবহার
Clause-এ Verb-এর সঠিক ব্যবহার
Narration-এ Verb-এর ব্যবহার
4টি Modal Auxiliary Verb-এর ব্যবহার
Sentence-এ Adverb-এর ব্যবহার
Sentence-এ Conjunction ব্যবহারের নিয়ম
Word, অর্থে এক হলেই ব্যবহারে এক রকম নয়

অধ্যায় : এক

১. ইংরেজি অক্ষরের নানা কথা নানা কাজ

১.১ শুরুর কথা

পৃথিবীতে এখন বাস করেন ছয়শো কোটির বেশি মানুষ। এত মানুষ কথা বলেন প্রায় ছয় হাজার ভাষায়। এই ছয় হাজার ভাষায় আবার রয়েছে বহু আঞ্চলিক বা উপভাষা। পৃথিবীর সব মানুষদের মাতৃভাষা কিন্তু ছয় হাজার ভাষা। ভাষার সংখ্যা এত হলে কী হবে! ভাষাবিজ্ঞানীরা বলছেন, আগামী একশো বছরের মধ্যে পৃথিবীর নব্বই শতাংশ ভাষা হারিয়ে যাবে। এই ভয়ের কারণে পৃথিবীর সব ভাষার মানুষই তাঁর মাতৃভাষা বাঁচিয়ে রাখার চেষ্টা করছেন।

বর্তমান বিশ্বে প্রধান ভাষা হয়ে উঠেছে এগারোটি ভাষা। এগুলো হলো, চীনা, ইংরেজি, হিন্দি, স্প্যানিশ, রুশ, জাপান, জার্মান, বাংলা, ইন্দোনেশিয়ান, আরবী, ও ফরাসী। এই এগারোটি ভাষার মধ্যেও লড়াই রয়েছে। এই লড়াইয়ে সবচেয়ে এগিয়ে গেছে ইংরেজি ভাষা। পৃথিবী জুড়ে এক ভাষার মানুষ অন্য এক বা একাধিক ভাষা শেখার চেষ্টা করেন। ভাষা শেখার এই চেষ্টায় শীর্ষস্থানে রয়েছে ইংরেজি। পৃথিবীর নানা ভাষার মানুষদের মধ্যে আদান-প্রদান ঘটে ইংরেজি ভাষার মাধ্যমে। ইংরেজি তাই আজ বিশ্বভাষা বা আন্তর্জাতিক ভাষা।

ইংরেজি ভাষার চাপে বহু দেশের এক শ্রেণির মানুষ মাতৃভাষাকেও ভুলতে চাইছেন। অথচ এটার কোনো প্রয়োজন নেই। মাতৃভাষা ভালো করে শিখেই ইংরেজি শেখাটা প্রয়োজন। মাতৃভাষার অনুষঙ্গে ইংরেজি শিখতে হয়। এটাই ভাষা শেখার বৈজ্ঞানিক পদ্ধতি।

এইভাবে ইংরেজি শেখার চেষ্টা করলে আমরা ইংরেজিটা শিখতে পারব আনন্দে আর আগ্রহে। মাতৃভাষা বাতিল করে অন্য ভাষা শেখার মধ্যে মজা নেই, আনন্দও নেই। আনন্দ ছাড়া কোনো ভাষা শেখার মধ্যে এক ধরনের নিরানন্দ থাকে। এই নিরানন্দ স্নায়ুর ওপর চাপ ফেলে। মনটাকে পঙ্গু করে। শাসনে ভাষাটা কতক শেখা হতে পারে, কিন্তু তাতে ক্ষতি হয় পড়ুয়ার নার্ভ ও মনের। কী ক্ষতি হয়, এই ক্ষয়ক্ষতির ফলাফল কী, জীবনের কোন্ সময়ে কীভাবে এইসব ক্ষয়ক্ষতির ফল ফলতে শুরু করে সেসব নিয়ে সমীক্ষা বা গবেষণা হয় না বলে ভাষা-পীড়নের বিষয়ে কিছুই জানতে পারি না। অথচ অন্য ভাষা শেখার তো পীড়ন থাকার কথা নয়। থাকতে হবে ভাষা-প্রেম। অন্য ভাষাটা শিখতে হবে সেই ভাষার প্রতি অনুরাগ ও ভালোবাসা নিয়ে। এমনটা হতে পারে আনন্দের মধ্য দিয়ে।

ইংরেজিটাও শিখতে হবে আনন্দে। যত শেখা যাবে ততই আনন্দ বাড়বে। আনন্দ আর ইংরেজি মাখামাখি করে শেখার কথা নিয়েই আমাদের ইংরেজি শেখানোর আলোচনা।

১.২ ইংরেজি শিখতে ইংরেজি গ্রামার

আগে কিংবা পরে, এভাবে অথবা ওভাবে, ইংরেজি শিখতে ইংরেজি গ্রামার শিখতেই হয়। কিন্তু কীভাবে শিখতে হবে ইংরেজি গ্রামার? গ্রামারের নিয়মগুলো মুখস্থ করে করে উদাহরণ-চর্চা? নাকি ইংরেজি গ্রামারের মজা ও আনন্দের বিষয়গুলো আগে খুঁজে খুঁজে বের করে সেগুলো থেকেই শেখাটা শুরু হবে? আমরা বলি, শেখাটা শুরু করতে হবে মজা থেকে। দেখতে হবে, গ্রামারের নিয়মের চাপে পড়ুয়ার মনটা যেন পঙ্গু না হয়। ইংরেজি শেখার আনন্দের মধ্যে পড়ুয়ার মনটাকে মজাতে হবে। এই মজার পথে পড়ুয়া এগিয়ে যাবে ইংরেজিকে ভালোবাসার আগ্রহে। ভালোবাসায় আনন্দ থাকে। যা আনন্দের মন ও মেধা সেটাই আগে গ্রহণ করে। স্মৃতিশক্তি সেটাকেই ধরে রাখে। জোর করে যা শেখানো হয়, প্রথম সুযোগে মন ও স্মৃতি সেটা ভুলতে চায়। মনোবিজ্ঞানের এই সত্যটা সামনে রেখে আমরা ইংরেজি ভাষাটাকে ভাষা হিসাবে শেখাতে চাই। এই শেখানোতে ইংরেজি গ্রামার আসবে তার সবটুকু আনন্দ নিয়ে, রক্তচক্ষু, শাসন ও নিপীড়নকে পুরোপুরি ত্যাগ করে।

১.৩ English Letters : শেখার আনন্দ

মানুষ তো একসময় ভাষাহীন ছিল। তখন সংকেত দিয়ে ভাষার কাজ চলত। মনের ভাব প্রকাশ করার জন্য আমরা এখন শব্দ উচ্চারণ করি। এই শব্দ মানে ধ্বনি (sound)। এসব ধ্বনিকে তো লিখতে হয়। কারণ লিখেও তো মনের ভাব বোঝাতে হবে। এক একটি ধ্বনিকে লেখার জন্য আমরা এক একটি সাংকেতিক চিহ্ন কাজে লাগাই। এই ধরনের একটি সাংকেতিক চিহ্নকে বলা হয় একটি অক্ষর। ইংরেজিতে letter।

আমাদের মাতৃভাষা বাংলায় এমন অক্ষর রয়েছে 52টি। ইংরেজিতে এমন অক্ষরের সংখ্যা 26টি। ইংরেজির এই letter গুলো কি ইংরেজি ভাষার? তা কিন্তু নয়। ইংরেজির এই letterগুলো এসেছে গ্রীক বর্ণমালা থেকে। গ্রীক বর্ণমালার প্রথম অক্ষর Alpha। লেখা হয় এভাবে — α। দ্বিতীয় বর্ণটা Beta। লেখার ধরন β। এমন করে গ্রীক বর্ণমালা থেকে পাওয়া গেছে ইংরেজির letterগুলো। এখানে মজাটা কোথায় বলো তো। ইংরেজি ভাষার নিজের অক্ষরগুলোও নিজের নয়। ধার করা। বড়ো হয়ে এটা জেনে আরও মজা পাবে যে, বহু ইংরেজি word পৃথিবীর অন্যান্য অনেক ভাষা থেকে ইংরেজিতে চলে এসেছে। এদের বলা হয় ধার-করা শব্দ। ইংরেজিতে 'লোন ওয়ার্ড' (loan word)। ল্যাটিন, গ্রীক, ফ্রেঞ্চ শব্দ কিছু আছে ইংরেজি ভাষায়। এক ভাষার শব্দ অন্য ভাষায় দু'ভাবে ঢুকে পড়ে। অন্য ভাষার শব্দটা মূল চেহারা নিয়েই আর একটি ভাষায় ঢুকে যেতে পারে। যেমন, ল্যাটিন (Latin) শব্দ 'geo' (পৃথিবী) ইংরেজিতে 'geo' হিসেবে সরাসরি ঢুকে গেছে। যেমন,

geography। দ্বিতীয়ত, অন্য ভাষার শব্দ একটু সাজবদল করে আর একটি ভাষায় ঢুকতে পারে। ইংরেজির 'street' (স্ট্রিট) শব্দটা যখন ল্যাটিনে ছিল তখন সেটা ছিল 'strata' (স্ট্র্যাটা) — এই চেহারায়। ইংরেজিতে এসে সে হয়ে গেল 'street'। ইংরেজি ভাষা আরবী থেকে নিয়েছে coffee (কফি), cotton (কটন্) প্রভৃতি। গ্রিক থেকে নিয়েছে christ (ক্রাইস্ট) এবং আরও কিছু শব্দ। মালয় ভাষা থেকে নিয়েছে bamboo (বাম্বো), taboo (ট্যাবু) প্রভৃতি। মনে রাখতে হবে কিছু কিছু সংকেতও ইংরেজিতে রয়ে গেছে। যেমন, £ = পাউণ্ড (pound), $ = ডলার (dollar), & = and (মূল কথাটা ampersand, অ্যাম্পারস্যান্ড)।

১.৪ 26টি Letter-এর ধ্বনির কথা

ধ্বনি (sound) নিয়ে ভাবতে বলতে হয় 26টি ইংরেজি letter-এর ধ্বনি দুটো। স্বর ধ্বনি vowel sound (ভাওয়েল সাউন্ড) এবং ব্যঞ্জন ধ্বনি consonant sound (কন্সোন্যান্ট সাউন্ড)। এদের স্বরবর্ণ (vowel) এবং ব্যঞ্জনবর্ণও (consonant) বলা হয়। vowel হলো পাঁচটি a,e,i,o,u। এবং বাকী একুশটি consonant।

শেখো, ইংরেজি স্বরবর্ণের উচ্চারণ
ভয় কোরোনা ইংরেজি ব্যাকরণ

মনে রাখতে হবে, vowel বা স্বরবর্ণের সাহায্য নিয়ে consonant বা ব্যঞ্জনবর্ণের উচ্চারণ করা যায়। এ সাহায্য না পেলে কোনো ইংরেজি word-এর উচ্চারণ করা সম্ভব নয়।

ইংরেজি স্বরবর্ণ বা vowelগুলোর নানা ধরনের উচ্চারণ হতে পারে। নিচের নমুনাটা মনে রাখতেই হবে।

a-এর	উচ্চারণ	আ	car কার, far ফার, father ফাদার
a-এর	উচ্চারণ	অ	all অল, ball বল, call কল
a-এর	উচ্চারণ	অ্যা	bat ব্যাট, cat ক্যাট্, fat ফ্যাট্
a-এর	উচ্চারণ	এই	base বেইস্, case কেইস্, face ফেইস্
e-এর	উচ্চারণ	এ	beg বেগ্, egg এগ্, leg লেগ্
i-এর	উচ্চারণ	ই	big বিগ, dig ডিগ, pin পিন্
o-এর	উচ্চারণ	ও	go গো, no নো, roll রোল
o-এর	উচ্চারণ	আ	come কাম, done ডান, gone গান
u-এর	উচ্চারণ	উ	put পুট, pull পুল, rule রুল
u-এর	উচ্চারণ	আ	but বাট, cut ক্যাট্, hut হাট্
u-এর	উচ্চারণ	ইউ	huse হিউজ, union ইউনিয়ন, uniform ইউনিফর্ম

এর মধ্যে মজা কোথায়? দেখো, a অক্ষরটির চার রকম উচ্চারণ। a-এর উচ্চারণ 'আ' যথা, car কার। আবার o-এর উচ্চারণ 'আ' যথা come কাম। put-এর উচ্চারণ হলো 'পুট' কিন্তু but-এর উচ্চারণ 'বাট'।

১.৫ ইংরেজি উচ্চারণে Vowel-এর ভর
Diphthong মানে যৌগিক স্বর

যৌগিক স্বর এখানে বিশেষ ধ্বনি। ইংরেজিতে একের বেশি letter জুড়ে গিয়ে এই ধ্বনি তৈরি করে। এইসব উচ্চারণ খুব ভালোভাবে তৈরি করে ফেলতে হবে।

- ai-এর উচ্চারণ হবে 'এই'
  fail ফেইল, rail রেইল, tail টেইল, drain ড্রেইন
- 'i'-এর গা ঘেঁষে কিংবা শব্দের শেষে 'e' থাকলে উচ্চারণ হবে 'আই'
  die ডাই, lie লাই, five ফাইভ, hive হাইভ
- 'o'-এর পাশে 'a' বসে দুয়ে মিলে 'ওউ' উচ্চারণ
  coat কোউট্, goat গোউট্, road রোউড, goal গোউল
- 'o'-এর পাশে 'i' থাকলে উচ্চারণ হবে 'অয়'
  oil অয়েল, boil বয়েল, coil কয়েল, soil সয়েল
- 'o'-এর গায়ে 'y' — উচ্চারণে 'অয়'
  boy বয়, toy টয়, joy জয়, ploy প্লয়
- 'o'-এর সঙ্গে 'w' — উচ্চারণে 'আউ'
  cow কাউ, how হাউ, now নাউ

১.৬ নিয়মের বাইরেও উচ্চারণ হয়
এগুলো কিন্তু Diphthong নয়

নিয়ম থাকলেও ইংরেজি গ্রামারে তার ব্যতিক্রম আছে। উচ্চারণের ক্ষেত্রে এই ব্যতিক্রম জানা না থাকলে বিপদ হয়। এ বিপদ ভুল উচ্চারণের। নিচে তেমন ব্যতিক্রমগুলো দেখে নাও। এগুলোতে পর পর দুটো vowel আছে। অথচ উচ্চারণে কিন্তু যৌগিক স্বর নেই। তাই এগুলো উপরের মতো diphthong নয়।

- পাশাপাশি দুটো vowel 'ea' — উচ্চারণে 'ঈ'
  beatবীট্, cheat চীট্, please প্লীজ্, cease সীজ্
- 'ea' — উচ্চারণে 'এ'
  dead ডেড্, head হেড্, bread বেড্, lead লেড্
- 'ee' — উচ্চারণে 'ঈ'
  feed ফীড্, deed ডীড্, need নীড্, bleed ব্লীড্
- 'e'-এর সঙ্গে 'i' — উচ্চারণে 'ঈ'
  conceive কন্‌সীভ্, deceive ডিসীভ্, perceive পারসীভ্, receive রিসীভ্
- দুটো 'oo' — উচ্চারণে 'উ', 'ঊ'

book বুক্, look লুক্, roof রুফ্, nook নুক্

মনে রাখার : *শব্দের শেষে 'r' রয়েছে। 'r'-এর পরে কোনো vowel নেই। এমন হলে শব্দের ওই 'r'টা উচ্চারিত হয় না। যথা, four ফো, flower ফ্লাওয়া।*

১.৭ *বাংলা অক্ষরের অনুষঙ্গ ইংরেজি letter-এর প্রসঙ্গ*

কোন্ বাংলা অক্ষরের জন্য কোন্ ইংরেজি letterটা বসাতে হবে সেটা কিন্তু বাংলাভাষী পড়ুয়াদের জানতেই হবে। এটা জানতে হবে প্রধানত বাঙালীদের মাস এবং স্থানের নাম লেখার জন্য। এই শেখাটাকে বলা হয় ইংরেজি ব্যঞ্জনবর্ণ বা consonant-এর উচ্চারণ। অর্থাৎ বাংলা ও ইংরেজি ব্যঞ্জনবর্ণের ধ্বনির সম্পর্ক।

বাংলা অক্ষরগুলোর পাশাপাশি ইংরেজি letter বসানো হলো।

ক k/c, খ kh, গ g, ঘ gh, চ ch ছ chh, জ j/g, ঝ jh, ট t, ঠ th, ড d, ঢ dh, ণ n, ত t, থ th, দ th, ধ dh, ন n, প p, ফ ph/f, ব b/w, ভ v/bh, ম m, য y/j, র r, ল l, ব w, শ sh, ষ sh, স s, হ h, ড় rh, ঢ় rhh, ৎ t, ং ng, ঁ n, জ্ঞ jn,

মনে রাখার : *'ব'-ফলা* 'v' বা 'w' দিয়ে লিখতে হবে। *যথা ঃ দ্বারকানাথ* Dwarakanath, বিশ্বেশ্বর Biweswar, বিশ্বভারতী Visvabharati।

১.৮ *বাংলা কোন্ অক্ষরের ইংরেজি letter কী হবে ব্যক্তির নাম স্থানের নাম শেখো তোমরা সবে*

১.৮.১ ব্যক্তির নাম

কনক Kanak, খগেন Khagen, গগন Gagan, চামেলি Chameli, ছবি Chhabi, জয়ন্ত Joyanta, ঝুম্পা Jhumpa, টুম্পা Tumpa, ডালিয়া Dalia, তপেশ Tapesh, থমাস Thomas, দেবব্রত Debabrata, ধীরেন Dhiren, নবেন্দু Nabendu, প্রতিভা Prativa, বীরেশ্বর Bireswar প্রভৃতি।

১.৮.২ স্থানের নাম

কলকাতা Kolkata, খড়্গপুর Kharagpur, গড়িয়া Garia, চাঁদপুর Chandpur, জগদীশপুর Jagadishpur, ঝরিয়া Jharia, টাটানগর Tatanagar, ঠাকুরনগর Thakurnagar, ডান্ডি Dandi, ঢাকা Dhaka, তাহেরপুর Taherpur, দণ্ডকারণ্য Dandakaranya, বারাণসী Varanasi, পটলডাঙ্গা Pataldanga, ফরিদপুর Faridpur, মধুপুর Madhupur, রায়গঞ্জ Raygunj, সোদপুর Sodepur, ব্যারাকপুর Barrackpore, ভগবানগোলা Bhagabangola, ভুবনেশ্বর Bhubaneswar, দিল্লি Delhi,

ইংরেজিতে লিখতে শেখো ভারতের রাজ্যগুলোর নাম

পদে পদে কাজে লাগবে
শেখার কাজে দিও না বিরাম

১.৮.৩ রাজ্যসমূহ

অন্ধ্রপ্রদেশ Andhra Pradesh, অরুণাচল প্রদেশ Arunachal Pradesh, আসাম Assam, বিহার Bihar, ছত্তিশগড় Chhattisgarh, গোয়া Goa, গুজরাট Gujarat, হিমাচল প্রদেশ Himachal Pradesh, মিজোরাম Mizoram, জম্মু ও কাশ্মীর Jammu & Kashmir, ঝাড়খণ্ড Jharkhand, কর্ণাটক Karnataka, কেরালা Kerala, মধ্যপ্রদেশ Madhya Pradesh, মহারাষ্ট্র Maharashtra, মণিপুর Manipur, মেঘালয় Meghalaya, নাগাল্যান্ড Nagaland, উড়িষ্যা Orissa, পাঞ্জাব Punjab, রাজস্থান Rajasthan, সিকিম Sikkim, তামিলনাড়ু Tamil Nadu, ত্রিপুরা Tripura, উত্তরাখণ্ড Uttarakhand, উত্তর প্রদেশ Uttar Pradesh, পশ্চিমবঙ্গ West Bengal।

১.৮.৪ কেন্দ্রশাসিত অঞ্চল Union Territories

আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ Andaman & Nicobar Islands, চণ্ডীগড় Chandigarh, দাদরা ও নগর হাভেলি Dadra & Nagar Haveli, দিল্লি Delhi, দমন ও দিউ Daman & Diu, লাক্ষাদ্বীপ Lakshadweep, পণ্ডীচেরী Pandichery।

অধ্যায় : দুই

২. ইংরেজি অক্ষরে ইংরেজি শব্দ

২.১ *অক্ষর দিয়ে শব্দ গড়ি*
এসো মোরা মজা করি

যে-কোনো বিষয়ে একপ্রস্থ ইংরেজি লেখা দেখে নাও। ওই লেখাটিকে পাঁচ ভাগে ভাগ করে নেওয়া যায়। একটু ছড়া কেটে বলি, 'একখণ্ড ইংরেজি লেখা/পাঁচ ভাগে যায় যে দেখা।' এই পাঁচটি ভাগ কী কী? (এক) গোটা লেখাটা কতিপয় অনুচ্ছেদে (paragraph) ভাগ করা থাকে। (দুই) প্রতিটি অনুচ্ছেদে থাকে কতিপয় বাক্য (sentence)। (তিন) বাক্যগুলোতে থাকে কতিপয় বাক্যাংশ (phrase এবং clause)। (চার) phrase এবং clause গুলোতে থাকে শব্দ (word)। (পাঁচ) word-এ থাকে অক্ষর (letter)। এই অক্ষরই হল ইংরেজির সবচেয়ে ছোট একক (unit)।

২.২ *এক letter-এ একটি শব্দ*
ইংরেজি ভীতি হবে জব্দ

এক বা একের বেশি letter দিয়ে একটি word তৈরি করা যায়। ইংরেজিতে এক অক্ষরের শব্দ আছে তিনটি। এগুলো হলো, A, I, O। প্রথমে আমরা 'A' letterটিকে নানাভাবে চিনে নেবো ওর তো নানা পরিচয় এবং অনেক কাজ।

ইংরেজি বর্ণমালার প্রথম অক্ষর 'A'। 'A' মানে এক, একটি, একজন, একখানা। এটা আবার একটি Article হিসাবে। নানা phrase-এ এটা বসে গিয়ে কাজ করে। Articile-এর দুটো ভাগ। Definite (নির্দিষ্ট) এবং Indefinite (অনির্দিষ্ট)। 'A'টা হলো Indefinite article। ব্যবহার — A dog is a faithful animal। Demonstrative Article হিসাবে 'A'-এর কাজ হলো কোনো ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট করে বুঝিয়ে দেওয়া। যথা, A white cat is on the table। Determiner হিসাবেও 'A' একই কাজ করে। নানা phraseএ ব্যবহার — a black sheep (অপদার্থ ব্যক্তি), a bolt from the blue (বিনা মেঘে বজ্রপাত), once in a blue moon (কদাচিৎ)। sentence-এ এদের ব্যবহার কেমন? Ramu is a black sheep in the family. রামু পরিবারের একটি কুলাঙ্গার। The news of his death came to me as a bolt from the blue. তাঁর মৃত্যু আমার কাছে বিনামেঘে বজ্রপাতের মতো। My friend comes to me once in a blue moon. আমার বন্ধু কদাচিৎ আমার সাথে দেখা করে।

'I'-কেও চিনতে হবে আমাদের। 'I' মানে 'আমি'। এটা ইংরেজি বর্ণমালার নবম অক্ষর। এটা আবার personal pronoun। এটা first person singular number। mausculine (পুংলিঙ্গ) এবং feminine (স্ত্রী লিঙ্গ), উভয় ক্ষেত্রে 'I' ব্যবহার করা যায়। present tense-এ 'I'-এর পর 'am' বসে।

বিভিন্ন tense-এ 'I' নানা auxiliary (সাহায্যকারী) verb গ্রহণ করে থাকে। যেমন : I had, I shall প্রভৃতি।

'O' how tall the tree is ! ও, গাছটি কী উঁচু! 'of' শব্দটার 'f' বাদ দিয়ে একটি উর্ধ্বকমা সাথে নিয়ে 'o' এক একটি word হয়ে কাজ করতে পারে। যথা, It is 5 o'clock now. এখন ৫টা বাজে।

২.৩ *দুই letter-এ word গড়ো*
ভয় নেই, ইংরেজি পড়ো

ইংরেজিতে অসংখ্য দুই-অক্ষরের শব্দ আছে। এখানে 25টি দুই অক্ষরের শব্দ তুলে ধরছি। এগুলো খুব বেশি কাজে লাগে। এগুলো হলো, am, as, at, an, be, by, go, hi, me, my, it, in, is, no, on, of, so, oh, to, we, he, if, up, ah প্রভৃতি। এর মধ্যে আমরা আটটি শব্দের সঙ্গে পড়ুয়াদের পরিচয় করিয়ে দেবো। এই আটটি শব্দ হলো, as, be, by, hi, it, no, of, is।

২.৪ *একটি word কাজ অনেক*
শেখো এসব, থেমে ক্ষণেক

◆ **'As'-এর কাজ**

Adverb হিসাবে	:	You are as good as your brother. তুমি তোমার ভাইয়ের মতোই ভালো।
Conjunction হিসাবে	:	I am happy as a bird. আমি পাখির মতো সুখী।
Clause হিসাবে	.	He could not go to school as he was ill. অসুস্থ থাকার জন্য সে স্কুলে যেতে পারেনি।

Phrase হিসাবে : অন্য word-এর সঙ্গে মিলে phrase হিসাবে 'as' কাজ করতে পারে। যথা, as soon as, as long as, as far as, as good as, as much, as if, as though, as well, as well as, so as to প্রভৃতি। sentence-এ এদের ব্যবহারটা বুঝে নিতে হবে।

The train left as soon as we reached the station. স্টেশনে পৌঁছোনো মাত্র ট্রেনটা ছেড়ে দিল। I will help you as long as (so long as) I am alive. যতদিন

বেঁচে থাকব আমি তোমাকে সাহায্য করে যাবো। Try as far as possible. যতদূর সম্ভব চেষ্টা কর। He is as good as his word. সে তার প্রতিজ্ঞা বজায় রাখে। This is as much to say that he is a stupid. বলতে গেলে এর মানে হল সে একটি নির্বোধ। He talks as if (as though) he were a dictator. এমন ভাবে কথা বলেন যেন তিনি একজন একনায়ক। He as well as his son is to blame. সে এবং তার পুত্র দু'পক্ষকেই নিন্দা করতে হয়। He worked hard so as to pass the examination. পরীক্ষায় পাশ করার জন্য সে খুবই খেটেছিল।

২.৪.১ 'At'-এর কাজ

'At' হলো preposition। Preposition হিসাবে 'at'-এর নানা কাজ।

সময় নির্দেশের কাজ	:	He came here at 6 this morning. আজ সকাল ৬টায় সে এখানে এসেছিল।
স্থান নির্দেশের কাজ	:	He lies at a small town. সে একটা ছোট শহরে বাস করে।
দিক নির্দেশের কাজ	:	He looked at me angrily. সে রাগতভাবে আমার দিকে তাকাল।
কাজ, পেশা, ডিগ্রি নির্দেশ করতে	:	He is at his studies now. সে এখন তার পড়া করছে। The tiger ran at a great speed. প্রবল গতিতে বাঘটি ছুটে গেল। The car is running at a full speed. পুরো গতিতে গাড়িটি ছুটছে।

wonder, surprise, angry, delighted, disappointed প্রভৃতি word-এর সঙ্গে ব্যবহৃত হবার কাজ :

I am surprised (wondered) at you behaviour
তোমার আচরণে আমি বিস্মিত।
My father was angry at my indiscipline.
আমার শৃঙ্খলাহীনতায় বাবা রেগে গিয়েছিলেন।
He was delighted at my success in the work.
আমার কাজে সফলতার জন্য তিনি খুব আনন্দিত হয়েছিলেন।
The boy is disappointed at his failure.
তার ব্যর্থতায় বালকটি হতাশ হয়েছিল।

◆ Phrase এবং Idiom (বাগ্‌ধারা) গঠনে :

At last/at length (অবশেষে) — He succeeded at last.
অবশেষে সে সফল হলো।

At arm's length (দূরে দূরে) — He always keeps me at arm's length.
তিনি সর্বদা আমাকে দূরে দূরে রাখেন।

At stone's throw (কম দূরত্ব) — My school is at a stone's throw from my home.
আমার বাড়ি থেকে আমার স্কুল খুব কাছে।

At sixes and sevens (বিশৃঙ্খল অবস্থায়) — The things were at sixes and sevens in the room.
ঘরের মধ্যে জিনিসপত্র বিশৃঙ্খল অবস্থায় ছিল।

At the mercy of (পুরোপুরি অসহায়) — Farmers are at the mercy of rain.
কৃষকেরা বর্ষার দয়ার উপর নির্ভরশীল।

২.৪.২ 'An'-এর কাজ

Indefinite article হিসাবে : He gave me an apple / an egg / an inkpot/an orange/an umbrella.

Vowel sound-এর আগে : an MP, an MLA, an honourable man, an honest person etc.

'Be'-এর কাজ

মনে রাখতে হবে 'be' একটি verb। এই 'be' verb-এর নয়টি form রয়েছে। সেগুলো, am, is, are, was, were, been, being, having been।

২.৪.৩ Be-এর আছে চেহারা 'নয়'
সে-সব জেনেই ভুল এড়াতে হয়

(i) If you do not walk fast you will <u>be</u> late for school.
দ্রুত না হাঁটলে তোমার স্কুলে দেরী হয়ে যাবে।

(ii) I <u>am</u> (I'm) very busy with my studies.
আমার পড়াশোনা নিয়ে আমি খুবই ব্যস্ত।

(iii) Whose pen <u>is</u> this ?
এটা কার কলম?

(iv) Why <u>are</u> you late ?
তোমার দেরী হল কেন?

(v) He <u>was</u> in the room all the morning.
সারা সকালটাই সে ঘরে ছিল।

(vi) They <u>were</u> in the school yesterday.
গতকাল তারা স্কুলে ছিল।

(vii) I have <u>been</u> to Kolkata last Monday.
গত সোমবার আমি কলকাতায় ছিলাম।

(viii) The work is <u>being</u> done.
কাজটা করা চলছে।

(ix) <u>Having been</u> failed in the examination, he left the school.
পরীক্ষায় ফেল করে সে স্কুল ছেড়ে দিল।

মনে রাখতে হবে পূর্ণ ক্রিয়া (full verb) এবং সাহায্যকারী ক্রিয়া (helping verb) হিসাবে 'be' কাজ করতে পারে।

Full verb হিসাবে —

(i) I <u>am</u> glad.
(ii) She <u>is</u> my friend.
(iii) They <u>are</u> players.
(iv) Have you ever <u>been</u> to Kolkata ?

Auxiliary verb হিসাবে —

(i) We shall <u>be</u> waiting for our friend.
(ii) I <u>am</u> going to market.
(iii) It <u>is</u> to be done by to-morrow.
(iv) They <u>are</u> going to playground.
(v) He <u>was</u> helped by me.

Prefix হিসাবে —

(i) Try to <u>be</u>friend him.
তাকে বন্ধু করার চেষ্টা কর।

(ii) <u>Be</u>ware of dogs.
কুকুর থেকে সাবধান।

(iii) The ground was bedewed (বিডিউয়েড) in the morning.
সকালে মাঠটা শিশিরে ভরে ছিল।

Phrase, Idiomsএর Proverb-এ (প্রবাদবাক্য) 'be'-এর কাজ

(i) Who is the would-be Headmaster of our school?
আমাদের বিদ্যালয়ের পরবর্তী প্রধান শিক্ষক কে?

(ii) 'To be on not to be' that's the question.
'করব কি করব না' সেইটা প্রশ্ন।

(iii) Some natural sorrow, loss or pain
That has been and may be again.
কোনো সাধারণ দুঃখ, ক্ষতি অথবা যন্ত্রণা
যা আগে ঘটেছে এবং ভবিষ্যতে আবার হয়তো ঘটবে।

২.৪.৪ 'By'-এর কাজ

মনে রাখা দরকার যে, by হলো adverb এবং preposition। Adverb হিসাবে

He went by without looking at me.
আমার দিকে না তাকিয়ে সে চলে গেল।

The time that is gone by cannot be recalled.
যে-সময় চলে যায় তা আর ফিরিয়ে আনা যায় না।

Preposition হিসাবে —

Our school is by the Railway Station.
রেল স্টেশনের কাছেই আমাদের স্কুল।

Can you do the work by yourself ?
তুমি একা কি কাজটি করতে পার?

I'll stand by you through thick and thin.
সুখ-দুঃখে আমি তোমার পাশেই থাকব।

Did you come by land or fly air ?
তুমি কী স্থলপথে না উড়ানে এসেছো?

What's the time by your watch?
তোমার ঘড়িতে ক'টা বাজে?

He toured by the day and took rest at night.
সে দিনে ঘুরত আর রাতে বিশ্রাম নিত।

Eggs are sold by the dozen.
ডজন হিসাবে ডিম বিক্রি হয়।

২.৪.৫ Phrase-এ 'by' বসেও কাজ করে

We must put by/lay by something for the hard days.
দুঃসময়ের জন্য আমাদের কিছু জমানো দরকার।

By the way/by the by, what is you view about the matter?
প্রসঙ্গক্রমে, বিষয় সম্পর্কে তোমার মতামত কী?

The boy will learn Tense by and by.
ধীরে ধীরে ছেলেটি Tense শিখে যাবে।

এধরনের আর কতিপয় — by way of উদ্দেশ্যে, by force of দ্বারা, by the side of পাশে, by hook or by crook যে-কোনো উপায়ে, by fair means or foul ভালো-খারাপ যে-ভাবেই হোক, by all means সর্বতোভাবে, প্রভৃতি।

Prefix হিসাবে —

He was elected an MP in the by-election.
উপ-নির্বাচনে তিনি এম. পি. হলেন।

Don't cry for the bygone days.
অতীত দিনের জন্য শোক কোর না।
He knows Municipal by-laws.
তিনি পৌর আইন জানেন।
Will this bus go via Kolkata by-pass?
এই বাসটি কি কলকাতা বাইপাস ধরে যাবে?
Coal has many by-products.
কয়লার অনেক উপজাত দ্রব্যাদি রয়েছে।
Jai Hind is the by-word of all Indians.
সমুদয় ভারতবাসীর প্রিয় কথা 'জয় হিন্দ'।

২.৪.৬ 'go'-এর কাজ

'go' হলো Intransitive verb। যেমন, I go to school daily. I am going to the town. The bus has already gone.

'go'-এর বিশেষ কাজ।
Who goes there?
কে যায়?
What is going on here?
এখানে কী চলেছে?
How goes the world with you?
দিনকাল কেমন কাটছে?

২.৪.৭ Verb হলেও 'go' noun-ও হতে পারে।

This is the go of the day.
এটাই এখন চলছে।
He solved this sum at one go.
একবারের চেষ্টাতেই সে অঙ্কটা কষেছিল।
The girl is full of go.
বালিকাটির কাজ করার বেশ শক্তি আছে।
Has the project got the go?
প্রোজেক্টটা শুরু হয়েছে কি?

Phrase এবং Idiom হিসাবে কাজ —

He can go to any length to get his work done.
কাজটি করতে সে সবকিছুই করতে পারে।
I shall go the whole hog to do the work.
কাজটি করার জন্য আমি পুরোপুরি চেষ্টা করব।

He may go ahead with his new plan.
তিনি তাঁর পরিকল্পনা নিয়ে এগিয়ে যেতে পারেন।
It will go against the custom.
এটা প্রথার বিরুদ্ধে যাবে।
It goes without saying that he is dishonest.
এটা বলাই বাহুল্য যে তিনি অসৎ।
He has gone off his head.
তার মাথা খারাপ হয়েছে।
The price of rice has gone up.
চালের দাম বেড়েছে।

Prefix হিসাবে —
He will act as a go-between the two parties.
দু'দলের মধ্যে তিনি মধ্যস্থতা করবেন।
Is this your go-to-school shirt ?
এটা কি তোমার স্কুলে যাবার জামা?

২.৪.৮ 'Hi'-এর কাজ

'Hi' একটা Interjection। এটার মানে হল 'hey'। 'Hi' শব্দটা প্রধানত আমেরিকায় ব্যবহৃত হয়। এখন তো ভারতের নতুন প্রজন্মও এটা ব্যবহার করছে। যুবকদের মধ্যে এটা এখন একটা ফ্যাশন-শব্দ।

২.৪.৯ 'It'-এর ব্যবহার

'It' হলো third person singular number। আসলে এটা impersonal pronoun।

◆ Subject হিসাবে 'it'
It's raining heavily.
It blows hard outside
বাইরে প্রবল বাতাস বইছে।

◆ object হিসাবে 'it'
Leave the matter, please.
দয়া করে বিষয়টা ছেড়ে দিন।
Take it seriously, please.
দয়া করে এটাতে গুরুত্ব দিন।

◆ False subject হিসাবে
It is very hard to have peace of mind these days.
আজকাল মানসিক শান্তি পাওয়া খুবই কঠিন।

◆ সময়, ঘণ্টা, দিন, ঋতু, আবহাওয়া, জলবায়ুর উল্লেখ করতে —

It is 8-30 now.

It is 20th May today.

It is very cool here.

এখানে বড্ড ঠান্ডা

It is winter now.

এখন শীতকাল।

It is a desert area.

এটা মরু অঞ্চল।

২.৪.১০ **পশুপাখি, কীটপতঙ্গ বোঝাতে —**

Chain your dog, it may bite me.

কুকুরটা বাঁধুন, ওটা কামড়াতে পারে।

I have a peacock as it is a beautiful bird.

আমার একটি ময়ূর আছে কারণ ময়ূর একটি সুন্দর পাখি।

◆ কোনো noun, pronoun অথবা কোনো কথায় জোর দিতে —

It matters little who did the work.

কে কাজটা করেছিল তাতে কিছু যায়-আসে না।

It is he who did me good.

তিনিই আমার উপকার করেছেন।

It is money that matters most in the modern world.

বর্তমান পৃথিবীতে টাকাই সব এখন।

২.৪.১১ 'In'-এর কাজ

Noun হিসাবে —

I know all the ins and outs of the matter.

আমি বিষয়টা সম্পর্কে সব কিছু জানি।

Adverb হিসাবে —

Come in, please.

At last, the enemy had to give in.

শেষ পর্যন্ত, শত্রু আত্মসমর্পণ করল।

Is the train in?

ট্রেনটা কি এসেছে?

He is doing the work day in and day out.

তিনি একনাগাড়ে কাজটি করেই চলেছেন।

Are you in for the race?
তুমি কি দৌড়ে প্রতিযোগিতা করবে?

২.৪.১২ Preposition হিসাবে —

'In' তো preposition হিসাবে খুব বেশি কাজ করে। পড়াশোনার পথে 'in'-এর এমন ব্যবহার পড়ুয়া পাবে অনেক। তবুও দু'চারটা উদাহরণ।

There are clouds in the sky.

The dog is in the room.

Cut this banana in two.

He was born in Kolkata.

Please write in ink.

Prefix হিসাবে —

কোনো word-এর বিপরীত অর্থ (opposite meaning) বোঝাতে prefix হিসাবে 'in' ব্যবহৃত হয়। এমন শব্দ আছে অনেক। তেমন কতিপয় শব্দ এখানে দেওয়া হলো। inactive নিষ্কর্মা, inattentive অমনোযোগী, incorrect অশুদ্ধ/ভুল, incomplete অসম্পূর্ণ, injustice অন্যায়, invalid অক্ষম, invisible অদৃশ্য, indiscipline বিশৃঙ্খলা, indefinite অনির্দিষ্ট, incapable অসাধ্য, incompetent অযোগ্য, ineffective অকেজো, ineligible অযোগ্য, insincere কপট, প্রভৃতি।

Phase এবং Idioms হিসাবে —

Honesty pays in the long run.
শেষ পর্যন্ত সততাই জয়ী হয়।

300 villagers in all visited the temple.
মোট ৩০০ জন গ্রামবাসী মন্দির দর্শন করেছেন।

He is all in all in this office.
এই অফিসে তিনিই সর্বেসর্বা।

In spite of hard work, he failed.
কঠিন পরিশ্রম করা সত্ত্বেও তিনি অকৃতকার্য হলেন।

Instead of helping me, he rather rebuked me.
সাহায্য করার পরিবর্তে তিনি বরং আমাকে তিরস্কার করলেন।

He took the pen in lieu of the book.
বইয়ের পরিবর্তে সে কলমটি নিল।

I'm sending the goods in compliance with your order.
আপনার অর্ডার অনুযায়ী আমি মালামাল পাঠাচ্ছি।

২.৪.১৩ 'No'-এর ব্যবহার

Adjective হিসাবে —

Take no troubles, please.

দয়া করে কষ্ট করবেন না।

No two men are alike.

কোনো দু'জন ব্যক্তি এক রকম নন।

I've no time to talk with you.

তোমার সঙ্গে কথা বলার সময় নেই।

No smoking in the bus, please.

দয়া করে বাসে ধূমপান করবেন না।

There was no end to his miseries.

তার কষ্টের কোনো সীমা ছিল না।

Adverb হিসাবে --

He is no more able to solve this problem.

তিনি আর এই সমস্যা সমাধানে যোগ্য নন।

The situation is no better today.

আজ সময়টা তত ভাল নয়।

কতিপয় phrase-এ 'no'

It is a matter of no concern.

এটা আর কোনো ভাবার বিষয় নয়।

It is no good trying this the second time.

দ্বিতীয়বাব চেষ্টা করে কোনো লাভ নেই।

There's no surprise that nobody likes him.

এটা কোনো বিস্ময় নয় যে, কেউ তাকে পছন্দ করে না।

It is of no use to try to help him.

তাকে সাহায্য করার চেষ্টা করে লাভ নেই।

You are no more busy in your work than I am in mine.

আমি আমার কাজে যতটা ব্যস্ত তুমি তোমার কাজে তার থেকে বেশি ব্যস্ত নও।

২.৪.১২ 'On'-এব কাজ

Adverb হিসাবে —

The rain went on for many hours.

কয়েক ঘণ্টা ধরে বৃষ্টি হয়েছে।

How is your business getting on?

তোমার ব্যবসা কেমন চলছে?

Come on, please.
Hurry on, please.
দয়া করে তাড়াতাড়ি করুন।
Move on, please.
দয়া করে এগিয়ে চলুন।

Preposition হিসাবে —

The train reached the station on time.
ঠিক সময়েই ট্রেনটি স্টেশনে পৌঁছেছে।
She was born on 20th May 1998.
১৯৯৮ সালে ২০ মে তিনি জন্মগ্রহণ করেন।
The cow lives on grass.
গরু ঘাস খেয়ে বাঁচে।
The Taj Mahal lies on the bank of the Yamuna.
তাজমহল যমুনা নদীর তীরে অবস্থিত।
Our Headmaster is on tour.
আমাদের প্রধান শিক্ষক ঘুরতে গেছেন।
You should not go back on your promise.
প্রতিজ্ঞা থেকে পিছু হটা তোমার ঠিক নয়।
Put the camera on the table.
ক্যামেরাটি টেবিলের উপর রাখ।

Prefix হিসাবে —

Be ready for the oncoming winter.
আসন্ন শীতের জন্য তৈরি হও।
The onlookers reported the matter to the police.
দর্শকরা বিষয়টি পুলিশের কাছে রিপোর্ট করল।
None can halt his onward march.
কেউ তার এগিয়ে চলাটা আটকাতে পারে না।

Adverb phrase হিসাবে —

He told me this on oath.
তিনি শপথ করে এটা আমাকে বললেন।
He came here on foot.
তিনি পায়ে হেঁটে এখানে এলেন।
You will take the responsibility on behalf of me.
আমার পক্ষ থেকে আপনি এই দায়িত্ব নেবেন।

You cannot avoid it on the pretence of your illness.
রোগের ছুতোয় তুমি এটা এড়িয়ে যেতে পার না।

২.৪.১৫ 'Of'-এর কাজ

Preposition হিসাবে —

The boy died of cholera.
বালকটি কলেরায় মারা গেল।

He is tired of life.
তিনি জীবন নিয়ে ক্লান্ত।

He came of rich family.
তিনি ধনী পরিবারে জন্মগ্রহণ করেন।

Neither of the two friends could solve the problem.
দুই বন্ধুর কেউ-ই সমস্যাটার সমাধান করতে পারল না।

It is a matter of honour for me.
এটা আমার পক্ষে একটা সম্মানের বিষয়।

He came of age last month.
গত মাসেই সে আঠারোতে পা দিল।

She is an woman of word and of principle.
তিনি এক কথা এবং নীতির মহিলা।

The girl is blind of one eye.
বালিকাটি এক চোখে দৃষ্টিহীন।

The man is dull of hearing.
লোকটি কানে খাটো।

I am fond of music.
আমি গান ভালবাসি।

He is short of money.
তার টাকা ফুরিয়ে গেছে।

I am sure of success.
সফলতা সম্পর্কে আমি নিশ্চিত।

২.৪.১৬ 'So'-এর কাজ

Conjunction হিসাবে --

'So' শব্দটা সাধারণত কারণটা ব্যাখ্যা করে। ফলে অর্থের দিক থেকে এটা 'therefore'-এর কাছাকাছি।

He requested me to stay, so I had to obey.

তিনি আমাকে থাকতে অনুরোধ করলেন, তাই আমি থেকে গেলাম।

Kittens look very charming, so they are loved by all.

বিড়াল ছানা দেখতে খুব আকর্ষণীয়, তাই সবাই ওদের ভালবাসে।

Adverb হিসাবে —

He is not so intelligent as he seems.

দেখতে যতটা মনে হয় তিনি ততটা বুদ্ধিমান নন।

She was so upset with grief that she could not talk even.

তিনি দুঃখে এতটাই দিশেহারা ছিলেন যে, তিনি কথা পর্যন্ত বলতে পারলেন না।

So far as I know, he is a knave.

আমি যতদূর জানি, তিনি একজন প্রতারক।

He is a good fellow, so I believe.

তিনি একজন ভালো মানুষ, এমনটাই আমি বিশ্বাস করি।

The Indians are brave so as the Chinese.

চীনাদের মতো ভারতীয়রাও সাহসী।

২.৪.১৭ 'Oh'-এর কাজ / 'Ah'-এর কাজ

Oh হলো Interjection। বিস্ময়, ভয়, আনন্দ — এসব আবেগের হঠাৎ প্রকাশ বোঝাতে এইসব শব্দ কাজ করে। 'Ah'-ও Interjection। দুঃখ, করুণা, বিস্ময় প্রকাশ করে এই শব্দটি।

Oh! What a charming scenery.

ওউঃ কী আকর্ষণীয় দৃশ্য।

Oh! Why did he behave thus?

ওউঃ তিনি এরকম ব্যবহার করলেন কেন?

Ah! What have I done?

আঃ আমি কী করেছি?

Ah! What will become of these penniless orphans?

আঃ এসব আর্থিক অসহায় অনাথদের কী হবে?

২.৪.১৮ 'To'-এর কাজ

Preposition হিসাবে —

Please keep to the left.

দয়া করে বাঁ দিক দিয়ে চলুন।

Please turn to the left.

দয়া করে বাঁ দিকে ঘুরুন।

The soldiers fought to the last.
সৈন্যরা শেষ পর্যন্ত লড়াই করল।
It is quarter to ten by my watch.
আমার ঘড়িতে পৌনে দশটা বাজে।
Whom did you give your pen to?
(To whom did you give your pen?)
আপনার কলমটা আপনি কাকে দিয়েছেন?
He is known to me.
তিনি আমার পরিচিত।
I prefer tea to coffee.
কফি থেকে আমি চা বেশি পছন্দ করি।
This road leads to Kolkata.
এই রাস্তাটা কলকাতা পর্যন্ত গিয়েছে।
Hard work is the key to success.
কঠিন পরিশ্রম সফলতার চাবিকাঠি।
The lady moved to tears.
মহিলাটি কেঁদে ফেললেন।
He is addicted to drug.
তিনি ড্রাগের নেশায় আসক্ত।
The dog is always faithful to its master.
কুকুর সর্বদা প্রভু ভক্ত।
They were busy from Monday to Sunday.
সোম থেকে রবিবার পর্যন্ত তারা ব্যস্ত ছিল।
He is praying to God for His mercy.
তাঁর দয়ার জন্য তিনি ঈশ্বরের কাছে প্রার্থনা করছেন।

Participle হিসাবে —

এটা 'to'-এর infinitive ব্যবহার। অর্থাৎ Infinitive হিসাবে 'to'-এর ব্যবহার

Will you like to have a cup of tea?
এক কাপ চা খাবেন?
I want to do your work gladly.
আমি আপনার কাজটা আনন্দের সঙ্গে করতে চাই।
I'm ready to accompany you.
আমি আপনার সঙ্গে যেতে প্রস্তুত।

This sum is easy to work out.

এই অঙ্কটা করা সহজ।

He is too lazy to do any work.

সে এত অলস যে কোনো কাজ করতে চায় না।

To err is human.

ভুল করা মানুষের স্বভাব।

The boy had to leave the school.

বালকটিকে স্কুল ছাড়তে হলো।

To walk is a good exercise.

হাঁটা একটা ভালো ব্যায়াম।

Early to bed and early to rise makes a man healthy, wealthy and wise.

সকাল সকাল ঘুমোতে যাওয়া এবং সকাল সকাল ঘুম থেকে ওঠার অভ্যাসে একজন মানুষ স্বাস্থ্যবান, সম্পদশালী এবং জ্ঞানী হয়ে ওঠেন।

To lend is to end friendship.

ধার দেওয়া মানে বন্ধুত্বের সম্পর্কে ছেদ।

২.৪.১৯ 'Is'-এর কাজ

Full verb (পূর্ণ ক্রিয়া) হিসাবে

It is very cold today.
She is my intimate friend.
What is your name?
Whatever is, is.

যা হবার হবে।

To err is human.

ভুল করা মানুষের স্বভাব।

Auxiliary verb (সাহায্যকারী ক্রিয়া) হিসাবে —

She is knitting a sweater.

তিনি একটি সোয়েটার বুনছেন।

Who is singing there?

ওখানে কে গান গাইছে?

A book is read by me.

আমার দ্বারা একখানা বই পঠিত হয়।

মনে রাখার : 'Is'-এর past indefinite হলে 'was'। Past participle হচ্ছে 'been'।

একটি word-এ letter তিন, চার, পাঁচ
Letter থেকে word গঠনের বুঝে নাও ধাঁচ।

তিনটি letter-এর word ইংরেজি ভাষায় অনেক রয়েছে। word শেখার সময় সে-সব খেয়াল রাখতে হবে। আমরা এখানে আমরা তিন অক্ষরের পাঁচটি word নিয়ে আলোচনা করব। এই পাঁচটি word খুবই ব্যবহৃত হয় ইংরেজি লিখতে এবং বলতে। এগুলো হলো — and, who, why, how।

২.৪.২০ And-এর কাজ

And একটা co-ordinating conjunction। এর কাজই হলো word, phrase, clause অথবা sentenceকে যুক্ত করা। এই কাজ করে বলেই এটার এই নাম। কিছু উদাহরণে এর কাজ।

- Mini and Rimi will go to school.
- The cat jumped over the boundary wall and came out of the house.
- He has to journey miles and miles of land.
- Go to the market and bring some fruits.

কখনও কখনও 'and' কোনো বাক্যে condition হিসাবে কাজ করে। যথা : Run fast and you'll catch the train। 'and' দিয়ে জুড়ে দেওয়া এই sentenceটিকে চারভাবে লেখা যায়।

(a) If you run fast, you'll catch the train.
(b) You can't catch the train unless you run fast.
(c) If you don't run fast, you won't catch the train.
(d) Unless you run fast. you can't catch the train.

জোড়াশব্দ এবং বাক্যাংশে (phrase) 'and' ব্যবহৃত হয়।

স্বামী-স্ত্রী husband and wife
ধনী-গরিব rich and poor
উঁচু-নিচু high and low
বার বার over and over again
আইন-শৃঙ্খলা law and order
জীবন-মৃত্যু life and death
সুখ দুঃখ weal and woe
এদিক ওদিক to and fro
যদি এবং কিন্তু ifs and buts
ন্যায় অন্যায় right and wrong
আলো ছায়া light and shade

আহার ও বাসস্থান board and lodging

সুবিধা অসুবিধা pros and cons

'and' দিয়ে এমন কতিপয় শব্দ জোড়া যায় যেখানে বাংলাতে যে wordটা আগে থাকে সেটা ইংরেজিতে পরে চলে যায়।

স্ত্রী পুরুষ man and woman

কালি কলম pen and ink

লেখাপড়া reading and writing

ধনজন men and money

গ্রহ-নক্ষত্র stars and planets

দেহ-মন mind and body

রক্ত মাংস flesh and blood

পশুপাখি birds and beasts

তীর ধনুক bow and arrow

পাপপুণ্য virtue and vice

দোষগুণ merits and demerits

কাজ ও কথা word and deed

জলস্থল land and water

শত্রু-মিত্র friends and foe.

২.৪.২১ Who-এর কাজ

Relative Pronoun হিসাবে —

I know the man who came here yesterday.

গতকাল যে-লোকটি এখানে এসেছিল আমি তাকে চিনি।

This is the girl who danced in the function.

এই হল সেই বালিকাটি যে অনুষ্ঠানে নেচেছিল।

Rabindranath who wrote 'Gitanjali' is a great poet.

রবীন্দ্রনাথ যিনি গীতাঞ্জলি লিখেছিলেন তিনি একজন বিখ্যাত কবি।

মনের রাখার : এই Relative Pronoun দিয়ে Adjective বা Relative clause তৈরি করতে হয়। এখানে Relative Pronoun হিসাবে 'who'-এর কথা বলা হ'ল। অন্যান্য Relative Pronoun হল whom, whose, which, that প্রভৃতি। 'Who'-এর objective form হল 'whom'। এই whom ব্যক্তির পরিবর্তে বসে। যেমন : This is the boy whom I helped. এই হল সেই বালক যাকে আমি সাহায্য করেছিলাম। 'Who'-এর possessive form হলো 'Whose'। যথা : This is the man whose

pen I used. এই হলো সেই ব্যক্তি যার কলম আমি ব্যবহার করেছিলাম। এইসাথে এটাও মনে রাখতে হবে যে, Relative adverb দিয়েও Adjective অথবা Relative clause গঠন করা যায়। যথা : I know the place where he lives। তিনি যেখানে বাস করেন সে-জায়গাটা আমি চিনি। এমন কতিপয় Relative adverb হল when, why, how প্রভৃতি।

Interrogative pronoun হিসাবে —

Who did the work?

কাজটি কে করেছিল?

Whom do you want?

আপনি কাকে চান?

Whose pen is this?

এটি কার কলম?

What is your present address?

আপনার বর্তমান ঠিকানা কি?

Which pen do you like?

কোন্ কলমটি তুমি পছন্দ কর?

২.৪.২২ 'Why'-র ব্যবহার

Interrogative Adverb হিসাবে —

Why are you late?

আপনার দেরী হল কেন?

Why are you laughing?

তুমি হাসছ কেন?

Does he know why the officer rejected the application?

তিনি কি জানেন অফিসার কেন তাঁর দরখাস্ত প্রত্যাখ্যান করেছেন?

Why not to call in a doctor right now?

এখনই একজন ডাক্তার ডাকা হচ্ছে না কেন?

Relative Adverb হিসাবে —

Tell me the reason why you are late.

তোমার দেরী হওয়ার কারণটা আমাকে বলো।

Why he told me so I have failed to understand.

তিনি আমাকে এটা কেন বললেন তা আমি বুঝতে পারছি না।

Interjection হিসাবে —

Why, what more do you want?

কেন, তুমি আর কী চাও?

Why, so nice a toy?

কেন, এত সুন্দর খেলনাটা পছন্দ নয়?

Why, it's so simple!

কেন, এটা তো খুবই সোজা!

২.৪.২৩ 'How'-এর ব্যবহার

Adverb হিসাবে —

How are you ?

আপনি কেমন আছেন?

তুমি কেমন আছো?

How many boys are playing in the park?

পার্কে কত ছেলে খেলছে?

How did you solve this sum?

এই অঙ্কটি তুমি করলে কী করে?

How old are you?

তোমার বয়স কত?

How beautiful the flower is !

ফুলটি কী সুন্দর!

How about joining this club?

এই ক্লাবে সদস্য হবার নিয়ম কী?

How happy I am!

আমি কী সুখী!

Please tell me how you did the work.

দয়া করে আমাকে বলুন আপনি কাজটা করলেন কী ভাবে?

'Get'-এর কাজ —

'Get'টি transitive এবং intransitive verb হিসাবে কাজ করতে পারে। 'get'এর বাংলা 'পাওয়া।' কিন্তু get শব্দটি verb হিসাবে এবং group verb (phrasal verb) হিসাবে নানা অর্থে ব্যবহৃত হয়। group verb হলো একটি verb এবং একটি preposition মিলে একটি যৌগিক ক্রিয়া। এখানে কতিপয় উদাহরণ দেওয়া হলো।

We are getting late.

আমাদের দেরী হচ্ছে।

Don't get impatient.

অধৈর্য হবেন না।

He has got new watch.
তিনি একটি নতুন ঘড়ি কিনেছেন।
I got my brother's letter yesterday.
আমি গতকাল আমার ভাইয়ের চিঠি পেয়েছি।
Have you got your salary for this month?
আপনি কি এ মাসের বেতন পেয়েছেন?
What books have you got from the library?.
গ্রন্থাগার থেকে তুমি কী কী বই পেয়েছ?
The box failed to get at the grapes.
খেঁকশিয়ালটি আঙুর ফলের নাগাল পেল না।
How are you getting on with your studies?
তোমার পড়াশোনা কেমন চলছে?
Try to get up early in the morning.
খুব ভোরে ঘুম থেকে ওঠার চেষ্টা করো।
I got to school in time.
আমি ঠিক সময়ে স্কুলে পৌঁছালাম।
The secret got out soon.
গোপনীয়তা শীঘ্রই প্রকাশ পেল।
Get out from the room.
ঘর থেকে বেরিয়ে যাও।
It is dangerous to get down from a running bus.
চলন্ত বাস থেকে নামা বিপজ্জনক।
Get down what I say.
আমি যা বলছি লিখে রাখো।
The train got in late.
ট্রেন দেরীতে এসেছে।
The boy got into the train.
ছেলেটি ট্রেনে উঠল।
The girl got through the examination.
বালিকাটি পরীক্ষায় পাশ করেছে।

২.৪.২৪ 'Not'-এর ব্যবহার

'Not' হল একটি adverb। একটি finite verb-এর negative form (না-বোধক) বোঝাতে এই 'not' কাজ করে।

I told him not to be afraid.
ভয় না পাওয়ার জন্য আমি তাকে বললাম।
I'm not ready to help you.
আমি তোমাকে সাহায্য করতে প্রস্তুত নই।
Not a bird flew in the summer noon.
গ্রীষ্মের দুপুরে একটি পাখিও ওড়েনি।
He does not know where she lives.
তিনি (পুং) জানেন না তিনি (স্ত্রী) কোথায় বাস করেন

অন্য word-এর সঙ্গে not যুক্ত হয়ে tag তৈরি করে।

do not = don't	cannot = can't
does not = doesn't	may not = mayn't
am not = amn't	would not = wouldn't
is not = isn't	should not = shouldn't
are not = aren't	ought not to = oughtn't to
have not = haven't	might not = mightn't
has not = hasn't	dare not = daren't
had not = hadn't	need not = needn't
shall not = shan't	could not = couldn't
will not = won't	was not = wasn't
	were not = weren't

৩. Question tag-এর ব্যবহার

You are a player, aren't you?
তুমি একজন খেলোয়াড়, নও কি?
You are not a player, are you?
তুমি খেলোয়াড় নও, তাই তো?
You have a car, haven't you?
তোমার একটি গাড়ি আছে, আছে না কি?
She sang very well, didn't she?
সে খুব ভাল গেয়েছিল, নয় কি?
The dogs bark at us, don't they?
কুকুরগুলো আমাদের দেখে ঘেউ ঘেউ করছে, নয় কি?

৩. *বেঁচে থাকলে এক নাম*
মরে গেলে অন্য

বহু ইংরেজি শব্দ ফরাসী ভাষা থেকে ধার করা হয়েছে। তেমন কতিপয় ধার-করা শব্দ হুবহু সেভাবেই ইংরেজিতে ব্যবহৃত হচ্ছে। এমন গোটা কতক শব্দ নিয়েই মজার কথা

বলব এখানে। এই শব্দগুলো প্রাণীর মাংসের নাম। প্রাণীটি যখন বেঁচে তাকে তখন তার পরিচয় ইংরেজি নামে। যেমন ox, cow, calf, sheep, boar, deer প্রভৃতি। এই প্রাণীগুলোর বাংলা প্রতিশব্দ আমাদের সবারই জানা। এই প্রাণীগুলোর ইংরেজি নাম হলেও এদের মাংসের পরিচিতি ফরাসী শব্দে। রান্না হয়ে এই মাংস খাবারের টেবিলে এলেই ox, cow এবং calf-এর মাংসকে বলা হয় beef গোমাংস। sheep-এর মাংস mutton, ভেড়ার মাংস। boar-এর মাংস pork। Deer-এর মাংস venison।

প্রশ্ন তো হতেই পারে, ইংরেজি শব্দের এমন মজার ব্যবহার কেন? এর কারণ হলো ইংল্যান্ডে নর্মানদের বিজয় ও জীবনধারা। নর্মান প্রভুরা তাঁদের এসব প্রাণীদের পালনের দায়িত্ব দিয়েছিলেন 'নিম্নশ্রেণির' অ্যাংলো-স্যাক্সনদের উপর। জীবিত প্রাণী লালন-পালনের দায়িত্ব পেয়ে অ্যাংলো-স্যাক্সনরা ওদের নাম রাখে ইংরেজিতে। এদিকে ইংল্যান্ড বিজয়ী নর্মানদের সব পরিবারে পাচক (cook) ছিলেন নর্মান। তাই মাংস তৈরি এবং রান্নার পর মাংসের নাম দেওয়া হলো ফরাসী ভাষায়। সেই থেকে আজও এভাবেই চলছে।

৫. পড়া, ভাবা এবং মজা

এর মধ্যেই আমরা জেনে গেছি যে, ইংরেজি শব্দ ভাণ্ডার (ভোকাবুলারি) খুবই সমৃদ্ধ। অন্য একাধিক ভাষা থেকে ইংরেজি ভাষায় বহু শব্দ জায়গা করে নিয়েছে। ইংরেজি ভাষাবিদগণ তাতে কোনো আপত্তি তো করেনই নি বরঞ্চ সাদরে সে-সব শব্দকে গ্রহণ করেছেন। এই শব্দগ্রহণে ইংরেজি ভাষা সমৃদ্ধ হয়েছে, ভাষার শক্তি বেড়েছে। বাক্য গঠনের জন্য ইংরেজিতে হাজার হাজার শব্দ রয়েছে। তবুও ইংরেজিতে বাক্য গঠনের জন্য শব্দ ব্যবহারের দারুণ স্বাধীনতা রয়েছে। দেহের অঙ্গ-প্রতঙ্গের ইংরেজি শব্দগুলোকে দিব্যি বাক্যে ব্যবহার করা যায়। আপত্তি? কেউ করে না। বরং আগ্রহ দেখায় সবাই। পাঠক ও শিক্ষার্থী হিসেবে তোমার লুটে নাও মজা। এবং ভালো এটাই যে, ইংরেজিতে এত মজা! আর একটা কথা। মানুষের অঙ্গ-প্রত্যঙ্গের সাথে মানুষের কিছু কাজ দিয়ে ইংরেজি বাক্য গঠনের একটা মজাও এখানে পাবে।

Hair (চুল)	He had a hair-breath escape. সে কোনো মতে বেঁচে গিয়েছিল।
Head (মাথা)	He heads the ball skillfully. তিনি দক্ষতায় বলটা হেড করেন।
Face (মুখমণ্ডল)	He faces the trial in the court. আদালতে তার বিচার চলছে।
Eye (চোখ)	The man eyed me for a long time. লোকটি অনেকক্ষণ ধরে আমাকে লক্ষ করছিল।
Nose (নাক)	Don't poke your nose in the matter. বিষয়টাতে তুমি নাক গলিও না।

Brow (ভ্রূ)	Don't knit your brow. ভ্রূকুটি করো না।
Lip (ঠোঁট)	I need not your lip sympthy. আমি কেবল তোমার মৌখিক সহানুভূতি চাইছি না। He bites his lip when he sees me. আমাকে দেখলেই সে বিরক্তি প্রকাশ করে।
Ear (কান)	Please lend your ear to what I say. আমি যা বলছি সেটা শুনে নাও।
Tongue (জিহ্বা)	I cannot stand you sour tongue. তোমার কটু কথা আমি সহ্য করতে পারছি না। He cheats man with his sweet tongue. মিষ্টি কথায় সে লোক ঠকায়। The boy left the room tongue-tied. বালকটি মুখে কুলুপ এঁটে থেকে চলে গেল।
Throat (গলা)	I dislike this cut-throat competition. আমি এই বিষম প্রতিযোগিতা অপছন্দ করি। He spoke in a full-throated voice. তিনি ভরা গলায় বক্তৃতা দিলেন।
Neck (ঘাড়)	There was neck to neck competetion. জোরদার প্রতিযোগিতা চলছিল।
Shoulder (কাঁধ)	He is ready to shoulder any responsibility. তিনি যে-কোনো দায়িত্ব নিতে তৈরি। You should not rule shoulder with bad boys. বাজে ছেলেদের সঙ্গে তোমার গা ঘেঁষাঘেষি করা উচিত নয়।
Breast (বুক)	He came first in the breast-stroke swimming. বুক সাঁতারে তিনি প্রথম হলেন।
Back (পিঠ)	He did well is back-stroke swimming. চিত সাঁতারে তিনি ভালোই করেছেন। The teacher backed the boy in his attempt. ছেলেটির চেষ্টায় শিক্ষক তাকে সাহায্য করলেন।
Backbone (মেরুদণ্ড)	Teachers are the backbone of the society. শিক্ষক হলেন সমাজের মেরুদণ্ড স্বরূপ।

Arm (বাহু)	'Arm! arm! it is the cannon's opening roar!' (Byrom) সাজো! সাজো! ঐ কামানের গর্জন শুরু হল! Keep the wicked boy at arm's length. দুষ্টু ছেলেটিকে দূরে রাখো। Armed with reasons he defeated his opponent. যুক্তিসমৃদ্ধ হয়ে তিনি তাঁর প্রতিদ্বন্দ্বীকে পরাজিত করেন।
Hand (হাত)	If you neglect your child, he will go out of hand. তোমার শিশুটিকে অবজ্ঞা করলে সে কিন্তু শাসনের বাইরে চলে যাবে। Hands off! Don't step more. খবরদার! এক পা-ও এগোবে না। He talked with me with a high hand. উদ্ধতভাবে সে আমার সঙ্গে কথা বলল। The poor man lives from hand to mouth. গরীব মানুষটি কায়ক্লেশে বেঁচে আছেন।
Gut (নাড়িভুঁড়ি)	If you have the guts, go for it. হিম্মত থাকে তো লড়ে যাও। He is a man of guts. লোকটির বুকের পাটা আছে।
Spleen (প্লীহা)	The man was in a fit of spleen when he saw the boy. বালকটিকে দেখে লোকটির মেজাজ বিগড়ে গেল।
Fist (মুষ্টি)	The angry man fisted at the boy. ক্রুদ্ধ লোকটি বালকটিকে দেখে মুষ্টি বাগাল। He is a close-fisted man. তিনি একজন কৃপণ।
Finger (আঙ্গুল)	The chairman did not lift a finger against the disturbing member. সভাপতি গোলমাল বাধানো সদস্যটিকে কিছুই বললেন না। The total subject is at his fingertip. গোটা বিষয়টা তার নখদর্পণে।

Avoid it, don't burn your fingers.
এটা এড়িয়ে চলো, অনর্থক নাক গলাতে গিয়ে দুর্ভোগে ভুগবে।

Heart (হৃদয়) — Rambabu is a kind-hearted man.
রামবাবু একজন দয়ালু ব্যক্তি।

Have a heart! Don't trouble me anymore.
মনটাকে একটু নরম করো। আমাকে আর কষ্ট দিও না।

This heart-breaking news put him into deep sorrow.
এই হৃদয়বিদারক সংবাদটায় তিনি গভীরভাবে দুঃখিত হলেন।

Brain (মস্তিষ্ক) — Present brain-drain is harmful for the country.
বর্তমান মগজ-চালান দেশের পক্ষে ক্ষতিকর।

Try to solve this brain-teaser.
এই শক্ত ধাঁধাটা সমাধানের চেষ্টা কর।

Political leaders try to brainwash their followers.
রাজনৈতিক নেতারা তাঁদের অনুগামীদের মগজ ধোলাইয়ের চেষ্টা করেন।

Knee (হাঁটু) — We had to wade through knee-deep water.
হাঁটুজল ভেঙে আমাদের এগোতে হয়েছিল।

I shall bring you to your knees.
আমি তোমাকে হার মানতে বাধ্য করব।

Bone (হাড়) — The boy is a bone-lazy (bone-idle) from his childhood.
শৈশব থেকেই ছেলেটি হদ্দ কুঁড়ে (কুঁড়ের বাদশা)।

After such a long journey I am really bone-weary.
এত দীর্ঘ ভ্রমণের পরে আমি সত্যি সত্যি প্রচণ্ড ক্লান্ত।

The girl is bone headed.
বালিকাটি নিরেট বোকা (গবেট)।

Foot (পায়ের পাতা) — Who will foot the bill?
বিলটা কে মেটাবে?

He is a footman in an office.
তিনি একটি অফিসের বেয়ারা/আর্দালি।

Don't try to have a foot in both camps.
দু' নৌকায় পা দিয়ে চলার চেষ্টা কোরো না।
Your policy to have in foot in both camps will land you in troubles.
গাছেরও খাবে তলারও কুড়োবে, তোমার এই কৌশলে তুমি অসুবিধায় পড়বে।

Heel (গোড়ালি) Don't follow me at heels.
আমার পিছু পিছু এসো না।
He kicked up in his heels.
আনন্দ ও উত্তেজনায় সে হাত পা ছুঁড়ে নাচতে লাগল।

Toe (পায়ের বুড়ো আঙুল) The boy came into the room tip-toed.
চুপি চুপি ছেলেটি ঘরে ঢুকল।

Skin (চামড়া) Boil the potato and skin it off.
আলুটা সেদ্ধ করে ওটার খোসা ছাড়াও।
His knowledge of Bengali is no more than skin deep.
বাংলায় তার জ্ঞান ভাসা ভাসা (অগভীর)।
Within two years you have changed your skin.
দু'বছরের মধ্যে তোমার চরিত্রের অকল্পনীয় পরিবর্তন হয়েছে।
Disease has left boy skin and bone.
রোগে ছেলেটি অস্থিচর্মসার হয়ে পড়েছে (হাড় জিরজিরে)।
The man has a thick skin and nothing moves him.
লোকটির গন্ডারের চামড়া, কিছুতেই বিচলিত হয় না।

Blood (রক্ত) He is a blue-blood.
তিনি অভিজাত বংশের সন্তান।
There is a lot of bad blood between the two families.
দুটো পরিবারের মধ্যে ঝগড়া চলছে।
We want young blood for our organisation.
আমাদের সংগঠনের জন্য আমরা কমবয়সী সদস্য চাই।
Bismarck always followed policy of blood and

	iron.
	বিসমার্ক সর্বদা নির্মম বলপ্রয়োগের নীতি অনুসরণ করতেন।
	Mr. Roy is a new blood to our Library.
	আমাদের গ্রন্থাগারে মি. রায় একজন নতুন সদস্য।
Nerve (স্নায়ু)	The batsman lost his nerve and his wicket.
	মানসিক ধৈর্য হারিয়ে ফেলায় ব্যাটসম্যানটি আউট হয়ে গেলেন।
	I do not have the nerve to give him such a proposal.
	তাকে এই ধরনের প্রস্তাব দেবার দুঃসাহস আমার নেই।
	Every year Puja loudspeakers get on every one's nerves.
	ফি বছর পুজোর মাইক সবাইকে উত্যক্ত করে তোলে।
	He is a man of iron nerves.
	তিনি একজন দৃঢ় মনোবলসম্পন্ন ব্যক্তি।

৬. ইংরেজি শব্দের আর - এক মজা

এটা আব- এক ধরনের মজা। নানা বস্তু বা পদার্থ রয়েছে আমাদের আশেপাশে। এসবের তো একটা ইংরেজি নাম আছে। যেমন, table। Table বলতে কী বোঝায় সেটা আমরা জানি। Table-এর কাজ কী জানি সেটাও। কিন্তু এই table শব্দটাকে সম্পূর্ণ ভিন্ন অর্থে ব্যবহার করা যায়। মজাটা এখানেই। উদাহরণে মজাটা বোঝা যাবে। Put the book on the <u>table</u>। বইখানা টেবিলের উপর রাখ। যদি এভাবে লিখি — He <u>tabled</u> the proposal in the meeting—তাহলে অর্থ দাঁড়ায়, তিনি সভায় প্রস্তাবটি তুললেন। কোথায় 'টেবিলে বই রাখা' আর কোথায় 'সভায় প্রস্তাব তোলা!' এবার এমন কিছু মজাব ব্যবহার শিখে নাও।

Air (বাতাস)	In the class the boy tried to air his grievances.
	শ্রেণিকক্ষে বালকটি তার অভিযোগ জানাতে চেষ্টা করেছিল।
	He gives himself airs.
	সে ভারিক্কি ভাব নিয়ে চলে।
	He hates to give air to his feeling.
	তার অনুভূতিকে প্রকাশ করতে ঘৃণাবোধ করে।
Angle (বড়শি)	He is angling for a higher position in the office.
	অফিসে উচ্চতর পদের জন্য তিনি উমেদারি করছেন।

We must look at the matter from all possible angles.
সমস্ত সম্ভাব্য দৃষ্টিকোণ থেকে বিষয়টি আমাদের বিবেচনা করা উচিত।

Bag (থলে)
The boy bagged three prizes in the sports competition.
খেলাধুলোর প্রতিযোগিতায় বালকটি তিনটে পুরস্কার পেল।
He used the whole bag of tricks but he could not succeed.
সে সমস্ত রকমের কৌশল (ছলচাতুরি) খাটিয়েও সফল হতে পারল না।

Book (বই)
I had to book a berth in the train
ট্রেনে আমাকে একটি বার্থ সংরক্ষণ করতে হয়েছে।
The boy was brought to book by the teacher.
বালকটি শিক্ষক কর্তৃক তিরস্কৃত হলো।
Biology is a closed book to me.
জীববিদ্যা সম্পর্কে আমার কিছুমাত্র ধারণা নেই।
Try to read your new friend like a book.
তোমার নতুন বন্ধুটির মতলব পরিষ্কারভাবে বুঝতে চেষ্টা করো।

Bottle (বোতল)
Bottle the medicine and shake it.
ওষুধটা বোতলে ভরে ঝাঁকিয়ে নাও।
Try to bottle up your anger.
ক্রোধ নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করো।
The traffic bottlenecks at 12 noon.
বেলা ১২ টায় ট্র্যাফিক জাম তৈরি হয়।

Chair (চেয়ার)
Mrs. Bose chaired the meeting.
মিসেস বোস সভায় সভাপতিত্ব করেন।
The meeting was held with Mrs. Sen in the chair.
মিসেস সেনকে সভাপতি করে সভা পরিচালিত হল।

Cow (গরু)
We refuse to be cowed by your threat.
তোমার হুমকিতে আমি দমে যাবো না।
The poor man was cowed by the landowner.
ভূস্বামীর দাপটে গরীব লোকটি বশ্যতা স্বীকার করেছিল।

Dog (কুকুর)	The police dogged the culprit. পুলিশ দুষ্কৃতকারীর পিছু নিয়েছিল। I am really very dog-tired. আমি সত্যি সত্যি অসম্ভব ক্লান্ত। He is for dog in the manger policy. সে নিজেও খাবে না, অন্যকেও খেতে দেবে না। The boy has gone to dogs. ছেলেটি গোল্লায় গেছে।
Fan (পাখা)	The man tried to fan the fury of the mob. লোকটি জনতার উন্মত্ততা বাড়িয়ে দেবার চেষ্টা করেছিল। Don't try to fan the flame. উত্তেজনা বাড়িয়ে দেবার চেষ্টা করো না।
Father (পিতা)	Mr. Roy fathered the whole plan. মি. রায় গোটা পরিকল্পনার প্রধান পরিচালক ছিলেন।
Filter (তরলশোধক যন্ত্র ছাঁকনি)	The news of his death filtered through. তাঁর মৃত্যুর সংবাদটা ছড়িয়ে পড়েছিল। The ideas of nationalism filtered into people's minds. জাতীয়তাবাদের ধারণা জনমনে আসন করে নিয়েছিল।
Gun (বন্দুক)	The police gunned down the criminal. পুলিশ দুষ্কৃতীকে গুলি করে মারল। He is a big gun in our locality. তিনি আমাদের এলাকার একজন হোমরাচোমরা। The farmers stuck to their guns. আঘাত আসা সত্ত্বেও কৃষকরা মাটি কামড়ে পড়েছিল।
Hammer (হাতুড়ি)	The carpenter hammered the nail properly. ছুতোর মিস্ত্রি পেরেকটা ঠিকমতো পুঁতেছিল। I had to hammer the idea into his head. বহু চেষ্টায় তার মাথায় ব্যাপারটা ঢোকাতে পারলাম।
Husband (স্বামী)	The Municipality husbanded the project with money. অর্থ দিয়ে পৌরসভা পরিকল্পনাটিতে সাহায্য করল।
Milk (দুধ)	I don't like your milk and water talk. আমি তোমার নীরস কথাবার্তা পছন্দ করছি না।

There is no use crying over spilt milk.
মরা ছেলের জন্য কেঁদে লাভ নেই।
বা যা গেছে তার জন্য ভেবে লাভ নেই।

Net (জাল)
This project will net a sum of one crore rupees.
এই পরিকল্পনা এক কোটি টাকা আয় করবে।
The net result is zero.
পরিণাম শূন্য।

Oil (তেল)
You need not burn the midnight oil.
রাত জেগে তোমার পড়াশোনা করার দরকার নেই।
I am not to oil his palm.
আমি তাকে ঘুস দেবো না।

Pen (কলম)
He penned a book last year.
গতবছর তিনি একখানা বই লিখেছিলেন।
The staff went for a pen-down strike.
কর্মচারিবৃন্দ কর্মবিরতির ধর্মঘট করেন।
The pen-name of Sarat Chandra was Anila Devi.
শরৎচন্দ্রের সাহিত্যিক ছদ্মনাম ছিল অনিলা দেবী।
During boyhood everyone should have a pen-pal.
বালক বয়সে সবারই একজন পত্রবন্ধু (পত্রমিতা) থাকা উচিত।

Pin (আলপিন)
He pin-pointed every fault of the man.
তিনি লোকটির প্রতিটি দোষ সুনির্দিষ্টভাবে দেখিয়েছেন।
Seeing the horror film I was on pins and needles.
আতঙ্কের ছবিটা দেখে আমার রুদ্ধশ্বাস অবস্থা হয়েছিল।

Plug (বৈদুতিক প্লাগ, ছিপি)
The man tried to plug his loopholes.
লোকটি তার দোষত্রুটি ঢাকতে চেষ্টা করেছিল।
The politician was bent on plugging his image.
ক্রমাগত প্রচার চালিয়ে রাজনীতিক নিজের ভাবমূর্তি জনপ্রিয় করে তুলতে চেয়েছিলেন।

Pocket (পকেট) The begger pocketed the money as soon as he got it.
টাকাটা পাওয়া মাত্র ভিক্ষুক সেটি পকেটে পুরে দিল।
He pocketed the insult for this time.
এবারকার মতো তিনি অপমান হজম করে তোলেন।

Rain (বৃষ্টি) Rain or shine, he will fight to the last.
অবস্থা অনুকূল হোক বা না হোক, তিনি শেষ পর্যন্তই লড়বেন।
It has been raining cats and dogs since morning.
সকাল থেকে অঝোরধারে (মুষলধারে) বৃষ্টি পড়ছে।

Table (টেবিল) He tabled the point in the meeting.
তিনি সভায় পয়েন্টটা তুললেন।
He entertained us with a good table.
প্রচুর ভালো-ভালো খাবার তিনি আমাদের খাওয়ালেন।
Mr. Roy turned the table on his opponent.
মি. রায় তাঁর প্রতিদ্বন্দ্বীকে বেকায়দায় ফেললেন।

Water (জল) In his new position, the man is like a fish out of water.
নতুন অবস্থায় লোকটি খুবই অস্বস্তিকর পরিস্থিতিতে পড়েছে।
You should not try to fish in the troubled water.
নিজের স্বার্থসিদ্ধির জন্য বিশৃঙ্খল অবস্থার সুযোগ নিও না।
He poured cold water on my proposal.
আমার প্রস্তাবে সে আমাকে নিরুৎসাহিত করল।
You are fool of the first water, I see.
তুমি দেখছি একেবারেই নির্বোধ।
Faced with the problem, we found ourselves in deep water.
সমস্যা'র মুখোমুখি হয়ে আমরা বুঝলাম যে, খুবই অসুবিধার মধ্যে পড়েছি।
The speaker's watery style bored us.
বক্তার নীরস বাচনভঙ্গি আমাদের বিরক্ত করল।
The boatmen had a watery grave.
মাঝি-মাল্লাদের সলিল-সমাধি হয়েছিল।

অধ্যায় : তিন

৩. ইংরেজি Word-এর নানা পরিচিতি

৩.১ সব Word-এর আট ভাগ

Word বিভ্রান্তি দূরে থাক

অক্ষর বা letter দিয়ে word তৈরি হয়। শব্দ বা word দিয়ে বাক্য বা sentence তৈরি হয়। শুদ্ধভাবে sentence লিখতে পারলেই তো লেখ্য ইংরেজি শেখা হয়ে যায়। এই sentence তৈরি করতে হলে সবার আগে চিনতে হবে ইংরেজি word। ইংরেজি ভাষায় যত word আছে তাদের আট ভাগে ভাগ করা হয়। যে কোনো ধরনের sentence-এ কম-বেশি এই আট ধরনের word থাকবেই। এমন sentence খুবই কম যেটাতে এই আট ধরনের word-ই থাকে। তবে এই আট ধরনের word-এর মধ্যে সব থেকে কদর বেশি verb বা ক্রিয়াপদের। সাধারণত verb-কে বাদ দিয়ে কোনো ইংরেজি sentence তৈরি করা হয় না। এই আট ধরনের word-এর সাথে পরিচয় করতে হবেই। আট শ্রেণির এক-একটা শ্রেণিকে বলা হয় part of speech। part মানে অংশ আর speech (স্পীচ্) মানে এখানে বাক্য বা sentence। মনে রাখতে হবে, যে কোনো sentence-এর যে কোনো word এই আট প্রকারের word-এর কোনো না কোনো শ্রেণিতে পড়বেই। যদি a, an, the—এই তিনটে article-ও হয়, তাহলেও এদের পরিচয় adjective হিসাবে।

ইংরেজি words-এর এই আট প্রকার ভাগ হলো—1. Noun (নাউন) বিশেষ্য। 2. Pronoun (প্রোনাউন) সর্বনাম। 3. Adjective (অ্যাড্জেকটিভ) বিশেষণ। 4. Verb (ভার্ব) ক্রিয়া। 5. Adverb (অ্যাড্ভার্ব) ক্রিয়া বিশেষণ। 6. Preposition (প্রিপোজিশন) সম্বন্ধবাচক অব্যয়। 7. Conjunction (কনজাংশন্) সংযোজক অব্যয়। 8. Interjection (ইন্টারজেকশন্) আবেগসূচক অব্যয়।

৩.২ কোন্ word-গুলোকে noun বলে চিনবো?

যে-wordগুলো কোনো কিছুর নাম করবে সেগুলোকেই আমরা noun বলব। 'কোনো কিছু' হল কোনো ব্যক্তি, কোনো বস্তু. কোনো স্থানের নাম। কোনো গুণ বা দোষের নামও noun। যেমন—ব্যক্তির নাম—Anil, Rupak, Rabindranath। বস্তুর নাম—Book, pencil, ring। স্থানের নাম—Kolkata, Delhi, Madras। গুণের নাম—mercy (মার্সি) দয়া, honesty (অনেস্টি) সততা। দোষের নাম—sin (সিন) পাপ, cruelty (ক্রুয়েল্টি) নিষ্ঠুরতা।

একটু গুছিয়ে বললে, কোনো কিছুর নামকেই noun বলে। ইংরেজি পরিচয়—A noun is a naming word।

মনে রাখার ঃ যে কোনো জাতের প্রাণীর সাধারণ নাম হল noun। যথা—The cow gives us milk. The dog is a faithful (ফেইথফুল) animal.

কোনো সংঘ বা সম্প্রদায়ের নামও noun। যথা—Our school has a team of players. My father serves in an army.

প্রতিদিনের ইংরেজিতে বহু noun ব্যবহার করে sentence তৈরি করতে হয়। পড়ুয়াকে তাই প্রতিটি ক্লাসে শুধু noun নয়, আটটি parts of speech-এর অনেক word তার শব্দভাণ্ডারে জমা করতে হবে। এই শব্দ ভাণ্ডার গড়ে তোলাকে বলা হয় stock (স্টক্) of words। শ্রেণি অনুযায়ী wordbook থেকে এই শব্দ জমানোর কাজটা করে যেতে হবে।

৩.৩ কোন্ word-গুলোকে pronoun বলে চিনবো?

কোনো কিছু লেখা বা বলার সময় আমাদের noun ব্যবহার করতে হয়। বারবার একই noun ব্যবহার করলে বলাটা বা লেখাটা শুনতে বা পড়তে কানে লাগে। যাই বলি আর যাই লিখি সেটা তো শুনতে ভালো লাগা দরকার। শুনতে ভালো লাগাটাকে শ্রুতিমধুরতা বলা হয়। এই শ্রুতিমধুরতার জন্যই noun-এর বদলে pronoun বসাতে হয়। pro মানে পরিবর্তে। noun মানে বিশেষ্য। Pronoun মানে বিশেষ্যের পরিবর্তে।

তাহলে বলতে হয়, noun-এর পরিবর্তে ব্যবহৃত শব্দই pronoun। ইংরেজিতে—A pronoun is a word used for-a-noun. Mini reads a book. She reads it carefully.

Pronoun-এর সংখ্যা কম। সব pronoun-গুলো এখানে দেওয়া হল। I আমি, me আমাকে, my আমার, we আমরা, us আমাদিগকে, our আমাদের, you তুমি, তোমরা ; your তোমার, তোমাদের ; you তোমাকে, তোমাদিগকে ; you আপনি, আপনারা ; your আপনার, আপনাদের ; you আপনাকে, আপনাদিগকে ; he তিনি, সে (পুং), she তিনি, সে (স্ত্রী); him তাকে (পুং), her তাকে (স্ত্রী); his তার, তাহার (পুং); her তার, তাঁহার (স্ত্রী); their তাদের, তাঁহাদের ; them তাহাদিগকে; who কে, যে, যিনি, কাহারা, যাহারা; what কী, which কোন্টি, কোন্গুলি ; whom যাকে, কাকে ; whose যার, কার ; this এই, that ঐ, these এইগুলি, those ঐগুলি।

বিশেষভাবে মনে রাখার ঃ My, mine আমার; our, ours আমাদের; your, yours তোমার বা আপনার, তোমাদের বা আপনাদের; her, hers তার, তাদের।

কিছু pronoun-এর সঙ্গে 'self' যোগ করা যায়। 'Self' যোগ করে আর-এক ধরনের pronoun গঠন করা হয়। এগুলোর পরিচয় Reflexive pronoun। যেমন ঃ myself (আমি নিজে), ourselves (আমরা নিজেরা), yourself (তুমি নিজে), yourselves (তোমরা নিজেরা), himself, herself (তিনি নিজে, সে নিজে),

themselves (তাহারা নিজেরা)। একজন বোঝালে 'self' কিন্তু একাধিক বোঝালে 'selves' হয়। কারণ 'self' হলে singular। এটার plural হলো 'selves'।

৩.৪ কোন্ word-গুলোকে adjective বলে চিনবো?

Adjective শব্দটার মানে হল 'added-to' (আরও কিছু যোগ করা)। কার সাথে আরও কিছু যোগ করা? Noun বা Pronoun-এর সাথে আরও কিছু যোগ করা। এইসব 'আরও কিছু' কী? এইসব আরও কিছু হলো দোষ, গুণ, সংখ্যা, অবস্থা প্রভৃতি। তাই বলা যায়, noun বা pronoun-এর দোষ, গুণ, সংখ্যা, অবস্থা, প্রভৃতি বিচার করে যে-word সেই wordটি adjective। ইংরেজিতে An adjective is a qualifying word। Sentence-এ adjective খুঁজতে হবে বা বসাতে হবে noun বা pronoun-এর সঙ্গে সম্পর্ক আছে এমনটা বুঝে নিয়ে। যেমন—

Mini is a good girl.
adj noun

মনে রাখার ঃ Adjective সব সময় noun-এর পূর্বে নাও বসতে পারে। Noun-এর পরেও adjective বসে। যথা ঃ

He is a rich man. The man is rich.
adj adj

Adjective-এর দুটো degree (তারতম্য) থাকে। একটি comparative। অন্যটি superlative। দুইয়ের মধ্যে তুলনা বোঝানোর জন্য ব্যবহৃত wordটা comparative হয়। তুলনায় দুইয়ের বেশি বোঝালে superlative degree হয়। যথা ঃ Raju is taller than Biju. Raju is the tallest of all the boys.

A, an, the—এই তিনটির পরিচয়ও adjective। English grammar-এ এদের আর একটা পরিচয় হলো, এরা articles।

৩.৫ কোন্ word গুলোকে verb বলে চিনবো?

verb-এর তিনটে পরিচয় আছে। পরিচয় তিনটি ইংরেজিতে। এগুলো হলো, telling word, saying word এবং doing word। এর মানে হলো কিছু বলা, কিছু করা বোঝানো। যে-word দ্বারা কোনো কাজ করা এবং অন্য word-কে সাহায্য করা বোঝায় তাকেই verb বলে। ইংরেজিতে—A verb is a doing and helping word। যেমন ঃ Rini reads a book. Rini is reading a book.
verb verb verb

প্রথম sentence-এ কাজটা করা বোঝায়। দ্বিতীয় sentence-এ 'is' verbটা 'reading' verbটাকে সাহায্য করছে, অর্থটা বোঝাতে। তাই এটা সাহায্যকারী ক্রিয়া বা auxiliary verb।

Verb-ই হলো ইংরেজির প্রাণ। Verb-এর ব্যবহার মানেই tense-এর বিষয়-আশয়। Sentence-এ verb-এর ভুল ব্যবহার করলে অর্থটাই অনর্থ হয়ে যায়। অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, সময়ের এই তিনটি ধারণাকে ধরা হয় verb দিয়ে।

Verb চার রকমের চেহারায় আমাদের কাছে ধরা দেয়। এক, base form, দুই, 's' form, তিন, 'ing' form এবং চার 'ed' form। '-ed' formটা দেখতে পাই past এবং past participle form-এ। একটি উদাহরণ—Base form 'love'। 's'-form হবে loves। 'ing' form হলো loving। 'ed' form দাঁড়াবে loved (past form) এবং loved (past participle form)।

৩.৬ 24 Auxiliary Verbs হলো 'Not'-এর বন্ধু

ইংরেজিতে সাহায্যকারী বা auxiliary verb-এর সংখ্যা হলো 24। এই 24টি verb-কে 'not'-এর বন্ধু বলা হয়। কেন? কারণ এদের প্রত্যেকের পর 'not' যোগ করে negative (না-বোধক) sentence তৈরি করা যায়।

am থাকা, আছি	am not নই,	is হয়, আছে	is not (isn't) নয়
are আছে	are not (aren't) নেই	was ছিল	was not (wasn't) ছিল না
were ছিল	were not (weren't) ছিল না	have আছে	have not (haven't) নেই
has আছে	has not (hasn't) নেই	had ছিল	had not (hadn't) ছিল না
do করি	do not (don't) করি না	does করে	does not (doesn't) করে না
did করল	did not (didn't) করেনি	shall করব	shall not (shan't) করব না

should করা উচিত	should not (shouldn't) করা উচিত নয়
will করবে	will not (won't) করবে না
would করত, করতাম	would not (wouldn't) করত না, করতাম না
can পারি, পারে	cannot (can't) পারি না, পারে না
could পারতাম, পারত	could not (couldn't) পারতাম না, পারত না
may পারি, পারে	may not (mayn't) পারি না, পারে না
might হয়ত করা যায়	might not (mightn't) হয়ত করা যায় না
must করা উচিত	must not (mustn't) করা উচিত না
ought করা উচিত	ought not (oughtn't) করা উচিত নয়
need করা দরকার	need not (needn't) করা দরকার নেই
dare সাহস করা	dare not (daren't) সাহস না করা
used অভ্যাস থাকা	used not অভ্যাস না থাকা

প্রতিদিন বাক্যে ব্যবহারের প্রয়োজনে বেশ কিছু verb তৈরি করতে হবে। Verb-এর stock (সঞ্চয়) যত বাড়বে ইংরেজি sentence তৈরি করা তত সহজ হবে।

৩.৭ কোন্ word-গুলোকে adverb হিসাবে চিনবো?

সেই word-গুলো adverb হিসাবে চিনতে হবে যে-wordগুলো verb, adjective এবং অন্য adverb-এর ভাব, অবস্থা, পরিমাণ, সময় প্রভৃতি প্রকাশ করে। 'প্রকাশ করা' বলতে modify বোঝায়। ইংরেজিতে—An adverb is a modifying word। Adverb অনেক সময় preposition এবং conjunction-কেও বিশেষিত (modify) করে।

Adverbগুলোর গঠন অনুযায়ী তিন ধরনের adverb আমরা লক্ষ্য করি। এক, adverb-এর আগে preposition। যথা ঃ asleep ঘুমন্ত, aloud উচ্চস্বরে, away দূরে। দুই, adverb-এর শেষে preposition। যথা ঃ hereby এতদ্বারা, herewith এই সঙ্গে, hereafter এরপর থেকে। তিন, adjective-এর সাথে 'ly' যোগ করে। যথা ঃ slowly, quickly, promptly। এই তিন ধরনের adverb সাধারণ adverb থেকে আলাদা। এই তিন প্রকার adverb ছাড়া আরও অনেক adverb আছে। সেগুলোই আগে তৈরি করে নিতে হবে।

৩.৮ কোন্ word-গুলোকে preposition হিসাবে চিনবো?

Preposition চিনতে হলে, প্রথমে 'preposition' এই wordটাকে একটু ভাঙতে হবে। 'pre', মানে 'পূর্বে' এবং 'position'-এর অর্থ 'অবস্থান'। 'পূর্বে অবস্থান'। ইংরেজিতে 'placed before'। প্রশ্ন হয়, কার পূর্বে অবস্থান? Noun বা pronoun-এর পূর্বে অবস্থান। তাহলে চেনার সংজ্ঞাটা কী? যে-word noun বা pronoun-এর পূর্বে বসে sentence-এ অন্য word-এর সঙ্গে সম্পর্ক বোঝায় তাকে preposition বলে। ইংরেজিতে—A preposition is a placed-before and relation-showing word। যথা ঃ The book is <u>on</u> the table. The book is <u>in</u> the box. The book is <u>under</u> the bench.

Sentence-এ preposition-এর ব্যবহারও গুরুত্বপূর্ণ। যথাযথভাবে preposition না বসাতে পারলে sentenceটির গঠন ভুল হয়েছে বলে ধরা হয়। তাই 'preposition'গুলো মনে রেখে ঠিক জায়গায় ঠিক মতো ব্যবহার করতে হবে। নিচের সব preposition তৈরি করে ফেলো।

৩.৮.১ একটি word-এর preposition

at তে, এ, দিকে ; on, up, upon, over, above উপরে ; in মধ্যে ; within ভিতরে ; into ভেতরের দিকে ; of র, এর ; off দূরে ; with সঙ্গে ; without ছাড়া, ব্যতীত ; through ভিতর দিয়ে ; for জন্য ; to তে, দিকে, প্রতি ; from হইতে, থেকে ; by দ্বারা, দিযা, কর্তৃক ; before পূর্বে ; after পরে ; below নিম্নভাগে ; beside পাশে; down, beneath, under নিচে ; between দুই-এর মধ্যে ; among তিন বা ততোধিকের মধ্যে ; inside ভেতরে ; outside বাইরে ; since কোনো নির্দিষ্ট সময় থেকে ; about সম্বন্ধে ; near নিকট ; against বিরুদ্ধে ; around চারিদিকে ; along বরাবর ; towards অভিমুখে ; till যে পর্যন্ত ; until যে পর্যন্ত না।

৩.৮.২ দুটো word-এর preposition

out of কোনো কিছু থেকে, according to অনুসারে, along with সঙ্গে, because of হেতু, কারণে; due to হেতু, কারণে, owing to কারণে; up to উচ্চতর অংশ, away from দূরে, instead of পরিবর্তে।

৩.৮.৩ তিন word-এর preposition

in spite of সত্ত্বেও, in front of সামনে, in lieu of বদলে, in comparison with তুলনায়, in view of বদলে, in case of কিছু ঘটলে, in response to উত্তরে, in the event of বিবেচনায়, in compliance with অনুসারে, in order to উদ্দেশ্যে, in place of পরিবর্তে, in respect of সম্বন্ধে, in accordance with অনুসারে, on account of কারণে, on behalf of পক্ষে, by dint of সাহায্যে, by virtue of সাহায্যে, by means of সাহায্যে, with a view to কারণে, for the sake of জন্য।

৩.৮.৪ 'ing' Prepositions

barring বাদ দিয়ে, pending সময় ব্যাপিয়া, considering বিবেচনা করিয়া, during কোনো সময় ব্যাপিয়া, regarding সম্পর্কে, বিষয়ে।

৪. বিভক্তি এবং Preposition

বাংলা বিভক্তি। আর ইংরেজি preposition। একটির সঙ্গে অন্যটির সম্পর্ক রয়েছে। অবশ্য কিছু ক্ষেত্রে ব্যতিক্রমও আছে। তবুও বাংলার বিভক্তির অনুষঙ্গে ইংরেজি preposition বুঝে নেওয়াটা প্রয়োজন।

বিভক্তি	বাংলা	ইংরেজি
প্রথমা	X	X
দ্বিতীয়া	কে, রে, প্রতি	to
তৃতীয়া	দ্বারা, দিয়া, কর্তৃক	by, with (person হলে 'by', thing হলে 'with')
চতুর্থী	জন্য	for
পঞ্চমী	হইতে, থেকে	from
ষষ্ঠী	র, এর	of, 's
সপ্তমী	এ, য়, তে	in, at

৫. কোন্ word-গুলোকে conjunction হিসাবে চিনবো?

দুটো word বা দুটো sentence-কে যুক্ত করে যে-সব word সেগুলোই conjunction। ইংরেজিতে—A conjunction is a joining word.

Conjunction-এর সংখ্যাও কম। তাই একটু চেষ্টা করলেই conjunction-গুলো তৈরি করে ফেলা যায়। এখানে দেওয়া conjunction-গুলো তৈরি করে রাখো।

৫.১ একটি word-এর conjunction

and এবং, ও, আর ; or অথবা, but কিন্তু, yet তথাপি, then তখন, তবে ; both উভয়, because কারণ, so সেজন্য, as যেহেতু, if যদি, lest পাছে, else নচেৎ, still তবু, though যদিও, than অপেক্ষা, however যাই হোক, unless যদি না, until যতক্ষণ না, till যে পর্যন্ত, either যে কোনো একটি/একজন, neither কোনোটিই না, কোনজনই নয়, therefore অতএব।

৫.২ একাধিক word-এর conjunction

একাধিক word-এর conjunctionগুলোকে correlatives বলা হয়। এগুলো জোড়ায় জোড়ায় ব্যবহৃত হয়।

either—or হয় এটা না হয় ওটা ; neither—nor এটাও না, ওটাও না ; both—and উভয়ই ; not only—but also ; no sooner—than ; so—that ; scarcely—when ; hardly—before ; though—yet ; same—as , as well as such—that ; the more—the more ; as—as ; as—so ;

৫.৩ একাধিক word-এর conjunction-এর ব্যবহার

এই Correlative conjunction গুলোকে sentence-এ ব্যবহার ভালো করে বুঝে নেবার জন্য এগুলোকে বাক্যে প্রয়োগ করে দেখানো হল

either—or = He will come here either on Sunday or on Monday. (সে এখানে হয় শনিবার নতুবা রবিবার আসবে।)

neither—nor = Neither he nor his brother can do it (সে অথবা তার ভাই কেউই এটা করতে পারে না।)

both —and = Both Jadu and Madhu failed in the examination. (যদু এবং মধু দুজনেই পরীক্ষায় ফেল করেছে।)

not only—but also = He is not only meritorious but also intelligent. (সে শুধু মেধাবী নয়, বুদ্ধিমানও বটে।)

no sooner—than = No sooner did we reach the station than the train left. (যখনই স্টেশনে পৌঁছলাম, তখনই গাড়িটি ছেড়ে দিল।)

No sooner had we reached the station than the train left.

so—that = The man is so fat that he cannot run quickly. (লোকটি এত মোটা যে জোরে দৌড়াতে পারে না।)

scarcely—when = Scarcely had the inspector entered the class when the students stood up. (পরিদর্শক শ্রেণিকক্ষে প্রবেশ করতে না করতে ছাত্ররা উঠে দাঁড়াল।)

hardly—before = Hardly was the bus out of the bridge before it fell off. (বাসটি সেতু পার না হতেই এটি পড়ে গেল।)

though—yet = Though the man has much money yet he will not help the poor. (যদিও লোকটির প্রচুর অর্থ আছে তবুও সে গরীবকে সাহায্য করবে না।)

same—as = This is the same beggar as I saw at the station. (এই সেই ভিক্ষুক যাকে আমি স্টেশনে দেখেছিলাম।)

as well as = Rabindranath was a poet as well as a dramatist. (রবীন্দ্রনাথ একজন কবি ও নাট্যকার ছিলেন।)

such—that = The soldier is such a coward that he left the battle-field as soon as the battle began. (সৈনিকটি এত ভীরু যে যুদ্ধ শুরু হতেই সে যুদ্ধক্ষেত্র থেকে পালাল।)

the more—the more = The more you read, the more you learn. (যতই পড়িবে ততই শিখিবে।)

as—as = He is as intelligent as his brother. (তার ভাই যেমন বুদ্ধিমান সেও তেমনি বুদ্ধিমান। অথবা, সে তার ভাইয়ের মতোই বুদ্ধিমান।)

as—so=As you sow, so shall you reap. (যেমন কর্ম তেমন ফল।)

৬. কোন্ word-গুলোকে Interjection হিসাবে চিনবো?

Interjection শব্দটাকে 'inter' এবং 'jection' এভাবে ভাঙা যায়। এভাবে ভেঙে অর্থও দাঁড় করানো যায়। 'inter'-এর অর্থ হতে পারে 'ভিতরে'। যে-word বা sound ছুঁড়ে দেওয়া হয় তার মানে হতে পারে 'jection'। অর্থাৎ ভেতরে ছুঁড়ে দেওয়া 'throw-in'। মনের আবেগ প্রকাশের জন্য কিছু word-কে sentence-এর ভিতরে ছুঁড়ে দেওযা হয় বলে এই ধরনের word-গুলোর পরিচয় interjection। তাই বলা হয় যে, interjectionগুলো sentence-এর অঙ্গ নয়। Sentence-এ interjection-এর পরে আবেগসূচক চিহ্ন (note of exclamation) বসাতে হয়। যে-সব word আনন্দ, দুঃখ, ঘৃণা, বিস্ময় প্রভৃতি মনের আবেগ প্রকাশ করে সেগুলিকে interjection বলে।

ইংরেজিতে—An Interjection is an emotion-telling word। Interjection বাদ দিলেও sentence-এর অর্থের কোনো অনর্থ ঘটে না। এই কারণে বহু ব্যাকরণবিদ একে part of speech বলতে নারাজ।

নিচের interjectionগুলো মাথায় রাখতে হবে।

মনোযোগ আকর্ষণের জন্য

Oh! ও! O! ওরে! ওহে! ah! আঃ! eh! এ (ইস) Hallo! ওহে!

বিদায় জানাতে

Good bye! বিদায়! farewell! বিদায়! adieu! বিদায়!

আমোদ প্রকাশে

Ha! ha!

তিরস্কার করতে

Fie! ছি, ছি! Shame! ধিক! কী লজ্জা!

প্রশংসা করতে

Bravo! সাবাস! Capital! দারুণ! Well done! বাহবা (বেশ করেছো)

আহ্বান করতে

Hallo! ওহে!

সন্দেহ প্রকাশ করতে

Hum! Humph!

সতর্ক করতে

Hark! ঐ শোনো! hush! চুপ

দুঃখ প্রকাশে

Alas! হায়!

আনন্দ প্রকাশে

Hurrah! কী আনন্দ! Ha! হা-হা!

৭. Noun-এর Number (বচন) ঃ Word-গুলো জানতে হবে

Noun-এর দুটো number বা বচন। একটি singular (সিঙ্গুলার) এক বচন। অন্যটি plural (প্লুরাল) বহুবচন। একজন ব্যক্তি, একটিমাত্র বস্তু বা প্রাণী বোঝাতে singular number-এর word বসাতে হবে। দুই বা ততোধিক ব্যক্তি, বস্তু বা প্রাণী বোঝানোর জন্য plural number-এর word ব্যবহার করতে হবে। যেমন—আমি একটি পাখি দেখি—I see a bird. আমি তিনটি পাখি দেখি—I see three birds.

শুদ্ধ ইংরেজি বাক্য (correct English sentence) লিখতে হলে singular থেকে plural করার নিয়মগুলো বুঝতে হবে। এইভাবে বুঝে নিয়ে wordগুলো জানা হলে sentence-এ ঠিকভাবে বসানো যাবে। ভুল এড়ানো যাবে।

(এক) অনেক noun আছে যেগুলো singular থেকে plural করার সময় 's' যোগ করতে হয়। এমন কিছু word হলো—apple আপেল, snake সাপ, tiger বাঘ, tailor দর্জি, pencil পেন্সিল, boat নৌকা, night রাত। Plural হিসাবে এগুলো লিখতে হবে—apples, snakes, tigers, tailors, pencils, boats।

(দুই) এমন অনেক noun আছে যেগুলোর শেষে 's', 'ss', 'sh', 'ch' (চ), 'x', 'z' থাকে। এগুলো plural-এ ব্যবহার করতে হলে 'es' যোগ করে নিতে হবে। gas

গ্যাস, ass গাধা, class শ্রেণি, brush বুরুশ, bush ঝোপ, bench বেঞ্চ, church গীর্জা, fox খেঁকশিয়াল, topaz দামী পাথর, প্রভৃতি। Plural হলে এগুলো হবে—gases, asses, classes, brushes, bushes, benches, churches, foxes, topazes। কিন্তু 'ch' শেষে থাকলেও monarch (রাজা বা রাণী) হবে monarchs। Stomach (পাকস্থলী) হবে stomachs। কারণ এ দুটোর ক্ষেত্রে 'ch'-এর উচ্চারণ 'ক'-এর মতো।

(তিন) কিছু noun-এর শেষে 'en' যোগ করে plural করে নিতে হয়। ox–oxen, child–children, brother—brethren.

(চার) এমন কিছু noun আছে যে-গুলোর plural করার সময় ভেতরের vowel বদলে দিতে হয়। man-men, woman-women, gentleman gentlemen, goose-geese, tooth-teeth, foot-feet, mouse ইঁদুর—mice, louse উকুন—lice.

(পাঁচ) 'O' দিয়ে শেষ হওয়া noun-গুলোর plural করার সময় দুটো জিনিস দেখতে হবে। এই 'O'-এর আগে consonant থাকলে 'es' যোগ করে plural করতে হবে। Hero বীরপুরুষ—heroes, potato আলু—potatoes, mango আম—mangoes, negro নিগ্রো—negroes, buffalo মহিষ—buffaloes, volcano আগ্নেয়গিরি—volcanoes, cargo মালবাহী জাহাজ—cargoes। কিন্তু এই 'O'–এর আগে vowel থাকলে শুধু 's' যোগ করতে হবে। Bamboo বাঁশ—bamboos, studio স্টুডিও—studios, radio—radios, cuckoo (কুকু—কোকিল) cuckoos।

মনে রাখার ঃ উপরের নিয়মের বাইরে থাকা word-ও আছে। শেষে 'O', এবং 'O'-এর আগে consonant। তবুও শুধু 's' যোগ করতে হবে। piano পিয়ানো pianos, memento স্মৃতিচিহ্ন mementos।

(ছয়) Noun-এর শেষে 'y' এবং 'y'-এর আগে consonant আছে, এমন হলে 'y'টা হবে 'i' তারপরে 'es' যোগ করতে হবে। তেমন উদাহরণ ঃ fly মাছি—flies, baby শিশু—babies, body শরীর—bodies, city শহর—cities, lady ভদ্রমহিলা—ladies, army সেনা—armies, duty কর্তব্য—duties, country দেশ—countries। কিন্তু শেষের এই 'y'টার আগে vowel থাকলে শুধু 's' যোগ হবে। boy–boys, toy খেলনা—toys, day–days, key চাবি—keys।

(সাত) যে-সব noun-এর শেষে 'f' বা 'fe' থাকে সেগুলো plural করতে 'ves' বসাতে হবে। life জীবন—lives, knife ছুরি—knives, leaf পাতা—leaves, half অর্ধেক—halves, calf বাছুর—calves, thief চোর— thieves, wife স্ত্রী—wives, wolf নেকড়ে বাঘ—wolves, loaf পাঁউরুটি—loaves।

এই নিয়মের বিপরীতে-চলা noun-ও আছে। শেষে 'f' এবং 'f'-এর আগে vowel তবুও এদের 'ves' যোগ করে plural করা যায় না। যোগ করতে হয় শুধু 's'। Roof ছাদ—roofs, proof প্রমাণ—proofs, chief প্রধান—chiefs।

(আট) একাধিক word দিয়ে গঠিত হয় compound noun। এমন compound roun-এর প্রধান অংশের সাথে 's' যোগ করে plural করতে হয়। brother-in-law (শ্যালক) হবে brothers-in-law, son-in-law (জামাতা)—sons-in-law, daughter-in-law (পুত্রবধূ)—daughters-in-law, passer-by (পথিক)—passers-by, step-brother (বৈমাত্রেয় ভাই)—step-brothers।

(নয়) কতিপয় noun আছে যেগুলো singular এবং plural-এ একই রকম থাকে। deer হরিণ, hair চুল, dozen ডজন, sheep ভেড়া, hundred শত, thousand হাজার। কিন্তু অন্য ক্ষেত্রে dozen, hundred এবং thousand এই তিনটে noun-এর শেষে 's' যোগ করে ব্যবহার করলে কী দাঁড়ায়? পাঁচ ডজন—five dozen। কিন্তু ডজন ডজন পেন্সিল—dozens of pencils। পাঁচশো টাকা—five hundred rupees। কিন্তু শত শত টাকা—hundreds of rupees। এক হাজার ছাত্র—one thousand students। কিন্তু হাজার হাজার ছাত্র—thousands of students.

(দশ) কিছু Collective noun আছে যেগুলো আকারে singular। কিন্তু প্রয়োগে plural। Cattle গরু-বাছুর, people লোকসকল, poultry পোলট্রি।

(এগারো) Nounগুলো দেখলে মনে হবে plural। কিন্তু ব্যবহার করতে হবে singular হিসাবে। এগুলো হল—news সংবাদ, Mathematics গণিতবিদ্যা, Physics পদার্থবিদ্যা, Politics রাজনীতি।

(বারো) এমন কতিপয় noun আছে যেগুলো singular-এ এক অর্থ কিন্তু plural-এ অন্য অর্থ। Advice উপদেশ advices (information) সংবাদ, air বায়ু airs (manners) চালচলন, good (benefit) উপকার goods (things) মালপত্র, physic (medicine) physics পদার্থবিদ্যা, wood (timber) কাঠ woods অরণ্য (forest), iron লৌহ irons (chains) লৌহ শৃঙ্খল।

(তেরো) এমন তিনটি noun রয়েছে যেগুলোর একটা singular অথচ দুটো plural। Singular-টির এক অর্থ কিন্তু দুটো plural-এর দুটো অর্থ। Brother ভাই, brothers সহোদর ভাই, brethren একই সম্প্রদায়ভুক্ত সদস্য। cloth কাপড়, cloths কাপড়ের টুকরো, clothes জামাকাপড়। genius প্রতিভাধর, geniuses প্রতিভাধর ব্যক্তিবর্গ, genii প্রেতাত্মা।

(চোদ্দো) এমন noun আছে যার singular-এ এক অর্থ কিন্তু দুটো plural-এ দু-রকম অর্থ। Arm বাহু, arms অঙ্গ-প্রত্যঙ্গ, arms অস্ত্রশস্ত্র। Colour রঙ, colours রঙসমূহ, colours পতাকা। part অংশ, parts অংশসমূহ, parts দক্ষতা।

(পনেরো) অন্য ভাষা থেকে ইংরেজিতে বেশ কিছু noun এসেছে। এমন noun-গুলোর singular এবং plural forms মুখস্থ করে রাখতে হবে। তেমন কয়েকটি noun-এর উদাহরণ এখানে দেওয়া হল।

Basis—bases, cricis—crises, datum—data, agendum—agenda, formula—formulas, formulae, syllabus—syllabi, syllabuses প্রভৃতি।

৮. Pronoun-এর singular এবং plural

Noun-এর মতো pronoun-এরও number হয়। pronounগুলোর singular থেকে plural করার কোনো নির্দিষ্ট নিয়ম নেই। প্রত্যেকটি pronoun-এর নিজস্ব plurul form আছে। I—we, me—us, my—our, mine—ours, you—you, your—your, he/she—they, him—them, his—their, theirs, her—their/theirs, it—them, its—their/theirs, this—these, that—those।

নিচের pronoun-গুলোর বাংলা অর্থ জানতে হবে। mine আমার, ours আমাদের, theirs তাহাদের, ইহাদের ; this এই, these এই সকল, that ঐ, those ঐ সকল।

৯. Reflexive Pronouns

এমন কতিপয় pronoun আছে যেগুলোর সাথে singular-এ 'self' এবং plural-এ 'selves' যোগ করে pronoun গঠন করা হয়। এগুলোর পরিচয় reflexive pronouns। বাংলা অর্থসহ এগুলো তৈরি করতে হবে।

myself আমি নিজে—ourselves আমরা নিজেরা
yourself তুমি নিজে—yourselves তোমরা নিজেরা
himself সে নিজে (পুং)—themselves তাহারা নিজেরা
herself সে নিজে (স্ত্রী)—themselves তাহারা নিজেরা
itself ইহা নিজে—themselves ইহারা নিজেরা।

১০. Noun-এর Gender : Word-গুলো জানতে হবে

Gender-এর বাংলা অর্থ লিঙ্গ। পুরুষ ও স্ত্রী ভেদে noun ও pronoun-এর বদল ঘটে। gender-এর wordগুলো জেনে রাখলে sentence-এ ঠিকঠাক ব্যবহার করা যায়। পুরুষ লিঙ্গ থেকে স্ত্রী লিঙ্গে বদলেরও নিয়ম আছে। সে-সব নিয়মগুলো জানার সাথে সাথে wordগুলো spelling সহ তৈরি করতে হবে।

পুরুষ বোঝালে masculine এবং স্ত্রী বোঝালে feminine gender হয়। স্ত্রী কিংবা পুরুষ উভয়কে বোঝালে common gender হয়। অচেতন পদার্থ বোঝালে neuter gender হয়।

এমন কিছু masculine gender আছে যেগুলো পুরোপুরি বদলে দিয়ে feminine করতে হয়। boy—girl, king—queen, son—daughter, man—woman, bull বলদ—cow গরু, brother—sister, father—mother, sir—madam, dog—

bitch কুকুরী, cock মোরগ—hen মুরগী, monk সন্ন্যাসী—nun সন্ন্যাসিনী, male মদ্দা—female মাদি, lad বালক—lass বালিকা, husband—wife, nephew ভাইপো—niece ভাইঝি, uncle—aunt.

কিছু masculine word-এর সাথে 'ess' যোগ করে এবং masculine থেকে একটি vowel বাদ দিয়ে feminine word করা যায়।

'ess' যোগ করে : god—goddess, lion–lioness, poet—poetess, heir উত্তরাধিকারী—heiress উত্তরাধিকারিণী, tutor—tutoress, prince রাজপুত্র—princess রাজকুমারী, host অতিথিসেবক —hostess, author লেখক—authoress লেখিকা।

'ess' যোগ এবং একটি vowel বাদ : actor–actress (vowel 'o' বাদ), hunter—huntress (vowel 'e' বাদ), negro—negress (vowel 'o' বাদ), tiger–tigress (vowel 'e' বাদ), master—mistress (vowel 'e' বাদ)। Masculine-এর সাথে 'ine' যোগ করে feminine করলে hero—heroine।

Noun-এর শেষে বা শুরুতে পুং বা স্ত্রীবোধক word বসিয়ে masculine বা feminine বোঝানো হয়। pea-cock—pea-hen, man-servant—maid-servant, milk-man গোয়ালা—milk-maid গোয়ালিনী, washer-man ধোপা—washer-woman ধোপানী, he-goat—she-goat, land-lord—land-lady, bull-calf—cow-calf, grand-father—grand-mother.

কিছু জড় পদার্থের উপর ব্যক্তিস্বভাব (personification) আরোপ করে এদের মধ্যে কতিপয় masculine এবং কতিপয় feminine gender করা হয়। জড় পদার্থের মধ্যে শক্তি (strength) বা ক্ষমতা (power)-এর অধিকারী বিষয়গুলোকে masculine gender করা হয়। যথা : sun, summer, winter, death, time—এগুলো masculine ভাবা হয়। অন্যদিকে সৌন্দর্য, মৃদুতা (gentleness), এবং মাধুর্য (gracefulness) প্রকাশক বিষয়গুলোকে feminine gender ভাবা হয়। সেগুলো—moon, earth, nature (প্রকৃতি), autumn শরৎ ঋতু, spring বসন্ত ঋতু, liberty স্বাধীনতা, ship প্রভৃতি।

Common gender ভাবা হয়—Child অল্পবয়সী ছেলে বা মেয়ে, friend বন্ধু বা বান্ধবী, student ছাত্র বা ছাত্রী, cousin (খুড়তুতো, মামাতুতো, পিসতুতো, ভাই বা বোন), teacher পুরুষ বা স্ত্রী শিক্ষক, parent পিতা বা মাতা, infant পুরুষ বা মেয়ে শিশু, beggar (ভিখারী বা ভিখারিনী)।

Noun-এর মতো pronoun-এরও gender হয়। সেগুলো হলো, he—she, him—her, his—her, hers · himself—herself. যে-সব pronoun-এর masculine এবং feminine-এ একই রূপ হয়ে থাকে সেগুলো হলো---I, we, you, they, them, their, this, these, that, those, what, who, me, us, my, our প্রভৃতি।

ইতর প্রাণী (lower animals)-কে সর্বদা neuter gender ধরা হয়।

মনে রাখতে হবে Mr.-এর feminine হলো Mrs.। এবং master-এর feminine হচ্ছে miss। Mr. Paresh Bose, Mrs. Parul Bose, Master Suman, Miss Sreetama.

বিশেষভাবে মনে রাখার : গত ত্রিশ বছর ধরে একটা ঝোঁক দেখা যাচ্ছে। এটি হলো লিঙ্গবৈষম্য দূর করা। তাই কতিপয় noun-এর masculine genderগুলো feminine-এও ব্যবহার করা হচ্ছে। সেগুলো হলো, administrator প্রশাসক, benefactor উপকারদাতা, director পরিচালক, executor কার্যনির্বাহী, hunter শিকারী, inheritor উত্তরাধিকারী, Doctor ডাক্তার, teacher শিক্ষক/শিক্ষিকা প্রভৃতি।

১১. Person (পুরুষ)-এর Word-গুলো চিনে নেওয়া

কথা বলার সঙ্গে person-এর সম্পর্ক। কে কথা বলছে, কাকে বলছে এবং কার সম্পর্কে বলছে, এই বিষয়গুলো দিয়ে person ঠিক হয়। বাংলায় 'পুরুষ' তিন প্রকার। উত্তম পুরুষ, মধ্যম পুরুষ এবং প্রথম পুরুষ। ইংরেজিতেও person তিন প্রকার। First person, Second person এবং Third person। মজার কথা, বাংলায় যেটা প্রথম পুরুষ ইংরেজিতে সেটা third person। বেশিরভাগ person হলো pronoun। কিন্তু ব্যক্তি, বস্তু এবং স্থানের নামগুলো noun হলেও এরা person। যেমন : Pratap, Kolkata, Iron, Water প্রভৃতি। Person-এর আবার singular এবং plural numberও হয়। এই person এবং number দিয়ে ইংরেজিতে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় ঠিক হয়। প্রতিটি পড়ুয়াকে এই বিশেষ বিষয়টা মনে রাখতেই হয়। এটি হল, কোনো sentence-এর subject যদি third person, singular number এবং present indefinite tense-এ থাকে তাহলে ওই sentence-এর verb-টির সঙ্গে 's' বা 'es' যোগ করতে হবে। যথা : He <u>eats</u> rice. Mahim <u>plays</u> football. Mini <u>goes</u> to market.

First person-এর singular এবং pluralগুলো পরপর দেখানো হলো। I—we, me—us, my—our। Second person-এ you—you, your—your।

Third person-এ he/she/it—they, him/her—them, his, her—their।

১২. Adjective-এর তুলনা (comparison) বোঝানো word-গুলোর সঙ্গে পরিচয়

কোনো ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করা চলে। এই তুলনা ভালো-মন্দ কিংবা ছোটো-বড়োর তুলনা হতে পারে। এই তুলনাগুলো ইংরেজিতে বোঝাতে adjective ব্যবহার করে সে-সব বোঝাতে হয়। এই ধরনের তুলনা করতে adjective-এর তিনটে রূপ কাজে লাগানো হয়। একে বলা হয় Three Degrees of Comparison। এদের নাম positive degree, comparative degree এবং superlative degree। কোনো তুলনা না বোঝালে adjective-এর positive degree হয়। দুই ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করে উৎকর্ষ বা অপকর্ষ দেখাতে adjective-এর comparative degree হয়। দুই-এর অধিক ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করতে adjective-এর superlative degree হয়।

এক syllable-এর word-এর শেষে 'er' যোগ করে comparative এবং 'est' যোগ করে superlative degree গঠন করতে হয়।

তেমন কিছু ঃ Cold (ঠান্ডা)—colder—coldest, old বয়স্ক বা পুরাতন—older, elder—oldest, eldest, great (বড়ো)—greater—greatest, poor (গরীব)—poorer—poorest, rich (ধনী)—richer—richest, hard (কঠিন)—harder—hardest, tall (লম্বা) taller—tallest, high (উঁচু)—higher—highest, long (লম্বা) —longer—longest, small (ছোটো)—smaller—smallest, strong (বলবান) — stronger—strongest, clever (চালাক) —cleverer—cleverest, sweet (মিষ্ট) — sweeter—sweetest, young (যুবক)—younger—youngest.

Adjective-এর শেষে 'e' থাকলে শুধু 'r' এবং 'st' যোগ করতে হয়। যেমন, large (বড়ো)—larger—largest, wise (জ্ঞানী)—wiser—wisest, able (সমর্থ) —abler—ablest, brave (সাহসী)—braver—bravest, fine (সূক্ষ্ম)—finer—finest, noble (মহৎ)—nobler—noblest, white (সাদা)—whiter—whitest.

Adjective-এর শেষে 'y' এবং 'y'-এর পূর্বে consonant থাকলে 'er' এবং 'est' যোগ করার সময় 'y'টা 'i' হবে। busy (ব্যস্ত)—busier—busiest, easy (সহজ)—easier—easiest, dry (শুকনো)—drier—driest, heavy (ভারী)—heavier—heaviest, holy (পবিত্র)—holier—holiest, ugly (কুৎসিত)—uglier—ugliest, merry (প্রফুল্ল)-merrier—merriest, wealthy (ধনী)—wealthier—wealthiest.

উপরের নিয়মটা বদলে যাবে যদি 'y'-এর পূর্বে vowel থাকে। এক্ষেত্রে 'y'-টার কোনো বদল হবে না।

gay (প্রফুল্ল)—gayer—gayest, grey (ধূসর)—greyer—greyest।

Adjective-এর শেষে একটিমাত্র consonant আছে, এই consonant-টির আগে আছে একটি vowel, এমন word-এর সাথে 'er' এবং 'est' যোগ করার সময় শেষের consonant-টি double হয়।

big—bigger—biggest, fat—fatter—fattest, hot—hotter—hottest, mad—madder—maddest, sad (বিষণ্ণ)—sadder—saddest, thin (পাতলা)—thinner—thinnest.

একের বেশি syllable-থাকা adjective-এর পূর্বে 'more' এবং 'most' বসিয়ে comparative এবং superlative degree করতে হয়।

faithful (বিশ্বস্ত)—more faithful–most faithful,
careful (সতর্ক)—more careful—most careful,
beautiful (সুন্দর)—more beautiful—most beautiful,
important (গুরুত্বপূর্ণ)—more important—most important,
intelligent (বুদ্ধিমান)—more intelligent—most intelligent,

difficult (কষ্টদায়ক)—more difficult—most difficult.

কোনো নিয়ম না-মানা কতিপয় adjective আছে যাদের comparative এবং superlative করতে ভিন্ন ভিন্ন word ব্যবহার করতে হয়।

bad/evil/ill—worse—worst, good/well—better—best, little—less—least, much/many—more—most, near—nearer—nearest/next, far—farther—farthest, forth—further—furthest.

১৩. Latin Adjective গুলোর কথা

Noun থেকে তৈরি হয় adjective। Parts of speech-এর বদল ঘটিয়ে এটাই শিখতে হয়। ইংরেজি শেখার ক্ষেত্রে parts of speech-এর বদল ঘটানোটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। এটা ঠিক মতো শিখতে পারলে word-এর stock (সঞ্চয়) বেড়ে যায়। দ্বিতীয়ত, sentence-এ এগুলো ঠিকঠাক বসাতে পারলে নানা ধরনের sentence তৈরির কৌশলটাও বোঝা যায়। দুটো উদাহরণ। He is an active man. 'Active' wordটা এখানে adjective। এই sentence-টাকে এভাবেও লেখা যায়—He is a man of action। অন্য উদাহরণটি She is a kind lady। এটাকে এভাবে লেখা যায়—She is a lady of kindness। এগুলো সব English adjective-এর উদাহরণ। কিন্তু ইংরেজিতে এমন noun আছে যেগুলোর Latin adjective করা যায়। এই Latin adjectiveগুলোকে ইংরেজি ভাষায় ব্যবহার করা যায়। পড়ুয়াকে নিচের Latin adjectiveগুলো আয়ত্ত করে রাখতে হবে। প্রথম word-টি noun এবং পরেরটি Latin adjective।

body—corporal (দৈহিক), brain—cerebral (মস্তিষ্ক বিষয়ক), heart—cordial (আন্তরিক), country—rural (গ্রাম্য), town—urban (শহুরে), death—mortal (মরণশীল), mouth—oral (মৌখিক), word—verbal (মৌখিক), sun—solar (সূর্য সম্পর্কীয়), home—domestic (গৃহপালিত), mind—mental (মানসিক), man—human (মানবিক), end—final (চরম), tooth—dental (দন্ত সম্বন্ধীয়), egg—oval (ডিম্বাকৃতি), place—local (স্থানীয়), husband—conjugal (দাম্পত্য) অথবা marital (বিবাহ বিষয়ক দাম্পত্য), hand—manual (হস্তকৃত), servant—menial (দাস্যপূর্ণ), water—aquatic (জলজ), sea—marine (সামুদ্রিক), head—capital (প্রধান), tongue—lingual (ভাষাগত), nose—nasal (নাসিক), eye—ocular (চাক্ষুষ, দৃষ্টি সংক্রান্ত), king—royal (রাজকীয়), salt—saline (লবনাক্ত), money—fiscal (অর্থ সংক্রান্ত), moon—lunar (চান্দ্র), east—oriental (প্রাচ্য), west—occidental (পাশ্চাত্য) God—divine (স্বর্গীয়), law—legal (আইনত), name (নাম)— nominal (নামমাত্র), point—punctual (সময়নিষ্ঠ), rule—regular (নিয়মিত), ship—naval (নৌবিষয়ক), side—lateral (পার্শ্বগত), sight—visual (দৃশ্য), will—voluntary (ঐচ্ছিক), year—annual (বার্ষিক)।

১৪. Verb-এর তিন রূপ : Present, Past, Past Participle

আটটি parts of speech-এর মধ্যে verb-ই হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। Sentence গঠনের সময় verb-এর তিনটি রূপ (verb forms) ঠিকমতো ব্যবহার করতে হয়। এই তিনটি forms হলো—verb-এর present form, verb-এর past form এবং verb-এর past participle form। তবে কোনো কোনো verb আছে, ব্যবহারের দিক থেকে সে-সব verb-এর 4টি এমনকি 5টি forms-ও হতে পারে। formগুলো play, prayed, prays এবং praying। 'do' verbটির 5টি form—do, did, done, does, এবং doing। এখানে আমরা verb-এর তিনটি forms-ই হাজির করছি।

যে-verbগুলোর তিনটি form আমরা হাজির করছি সেগুলোকে দুটি ভাগে ভাগ করা হয়। এক, strong verbs এবং দুই, weak verbs। যে-সব verb-এর past tense গঠিত হয় অন্তরের স্বর পরিবর্তনে এবং এদের শেষে 'ed' বা 't' যোগ হয় না সেগুলোই strong verb। যেমন eat—ate—eaten। আর weak verbs হলো সেই সব verb যার past tense গঠনে 'ed' অথবা 't' ব্যবহার করতে হয়। যথা : buy—bought—bought ; play—played—played.

১৪.১ তিনটি form একই থাকে : মনে রাখো ভালো করে

Present form (base)	*Past*	*Past Participle*
bet (বাজি ধরা)	bet	bet
bid (দিতে চাওয়া)	bid	bid
burst (ফাটা)	burst	burst
cast (নিক্ষেপ করা)	cast	cast
cost (দাম লাগা)	cost	cost
cut (কাটা)	cut	cut
fit (মিল হওয়া)	fit	fit
forecast (পূর্বাভাস)	forecast	forecast
hit (আঘাত করা)	hit	hit
hurt (আঘাত করা)	hurt	hurt
knit (বোনা)	knit	knit
let (ভাড়া দেওয়া/অনুমতি দেওয়া)	let	let
put (রাখা)	put	put
quit (ত্যাগ করা)	quit	quit
rid (পরিত্রাণ করা)	rid	rid
set (স্থাপন করা)	set	set
shut (বন্ধ করা)	shut	shut

Present form (base)	*Past*	*Past Participle*
shed (পাত করা)	shed	shed
split (পৃথক করা)	split	split
spread (ছড়ানো)	spread	spread
wed (বিয়ে করা)	wed	wed
wet (ভেজানো)	wet	wet

১.৪.২ প্রথমটি ভিন্ন পরের দুটো অভিন্ন

Present	*Past*	*Past Participle*
bend (বাঁকানো)	bent	bent
bind (বাঁধা)	bound	bound
bleed (রক্ত ঝরা)	bled	bled
breed (জন্মানো)	bred	bred
bring (আনা)	brought	brought
build (নির্মাণ করা)	built	built
buy (ক্রয় করা)	bought	bought
cling (আঁকড়ে থাকা)	clung	clung
creep (হামাগুড়ি দেওয়া)	crept	crept
deal (ব্যবসা করা)	dealt	dealt
dig (খনন করা)	dug	dug
dream (স্বপ্ন দেখা)	dreamed/ dreamt	dreamed/ dreamt
feed (খাওয়ানো)	fed	fed
feel (অনুভব করা)	felt	felt
fight (যুদ্ধ করা)	fought	fought
find (খোঁজা, দেখতে পাওয়া)	found	found
flee (পালানো)	fled	fled
get (পাওয়া)	got	got
have (থাকা, পাওয়া)	had	had
hang (ঝোলানো)	hung	hung
hang (ফাঁসি দেওয়া)	hanged	hanged
hear (শোনা)	heard	heard
hold (ধরা)	held	held
keep (রাখা)	kept	kept

Present	*Past*	*Past Participle*
lay (রাখা, শায়িত করা)	laid	laid
lead (চালনা করা)	led	led
lean (হেলান দেওয়া)	leant	leant
learn (শিক্ষা করা)	learned/learnt	learned/learnt
leave (ত্যাগ করা)	left	left
lend (ধার দেওয়া)	lent	lent
light (আলোকিত করা)	lighted/lit	lighted/lit
lose (হারানো)	lost	lost
make (তৈরি করা)	made	made
meet (সাক্ষাৎ করা)	met	met
mean (অর্থ করা)	meant	meant
read (পড়া)	read (রেড)	read (রেড)
rend (বিদীর্ণ করা)	rent	rent
say (বলা)	said	said
seek (খোঁজা)	sought	sought
sell (বিক্রি করা)	sold	sold
send (পাঠানো)	sent	sent
shine (কিরণ দেওয়া)	shone	shone
Present	*Past*	*Past Participle*
shoot (তীর ছোঁড়া/গুলি করা)	shot	shot
sit (বসা)	sat	sat
sleep (ঘুমানো)	slept	slept
smell (ঘ্রাণ নেওয়া)	smelt	smelt
spell (বানান করা)	spelt	spelt
spend (খরচ করা)	spent	spent
spit (থু থু ফেলা)	spat	spat
spoil (নষ্ট করা)	spoiled/spoilt	spoiled/spoilt
stand (দাঁড়ানো)	stood	stood
strike (আঘাত করা)	struck	struck
teach (শিক্ষা দেওয়া)	taught	taught
tell (বলা)	told	told
upset (উল্টে পড়া)	upset	upset

Present	*Past*	*Past Participle*
weep (কাঁদা)	wept	wept
win (জয় করা)	won	won
withhold (আটকে রাখা)	withheld	withheld
wring (মোচড়ানো)	wrung	wrung

১৪.২ প্রথম ও শেষেরটি এক

Present	*Past*	*Past Participle*
come (আসা)	came	come
become (হওয়া)	became	become
run (দৌঁড়ানো)	ran	run
overcome (অতিক্রম করা)	overcame	overcome

১৪.৪ তিন verb-এর তিন ঠাঁই ঃ কারোর সঙ্গে কারোর মিল নাই

দুই অক্ষরের present form

Present	*Past*	*Past Participle*
do (করা)	did	done
go (যাওয়া)	went	gone
am, is (হওয়া)	was	been

তিন অক্ষরের present form

Present	*Past*	*Past Participle*
are (হওয়া)	were	been
bid (আদেশ করা)	bade	bidden
eat (খাওয়া)	ate	eaten
fly (ওড়া)	flew	flown
lie (শোয়া)	lay	lain
mow (ঘাস কাটা)	mowed	mown
saw (করাত করা)	sawed	sawn
see (দেখা)	saw	seen
sew (সেলাই করা)	sewed	sewn

চার অক্ষরের present form

bear (বহন করা)	bore	borne
beat (মারা)	beat	beaten
bite (কামড়ানো)	bit	bitten

Present	Past	Past Participle
blow (ফুঁ দেওয়া/বাতাস করা)	blew	blown
draw (আঁকা)	drew	drawn
give (দেওয়া)	gave	given
grow (জন্মানো)	grew	grown
hide (লুকানো)	hid	hidden
know (জানা)	knew	known
ride (চড়া)	rode	ridden
ring (বাজানো)	rang	rung
rise (ওঠা)	rose	risen
sing (গান গাওয়া)	sang	sung
sink (ডুবে যাওয়া)	sank	sunk
slay (হত্যা করা)	slew	slain
spin (সুতা কাটা)	span	spun
take (লওয়া)	took	taken
tear (ছিঁড়ে ফেলা)	tore	torn
wear (পরা)	wore	worn

পাঁচ অক্ষরের present form

Present	Past	Past Participle
arise (ওঠা)	arose	arisen
awake (জাগানো)	awoke	awaken
begin (আরম্ভ করা)	began	begun
break (ভাঙা)	broke	broken
drink (পান করা)	drank	drunk
drive (চালানো)	drove	driven
forget (ভুলে যাওয়া)	forgot	forgotten
forgo (অধিকার ত্যাগ করা)	forwent	forgone
shake (নাড়া দেওয়া)	shook	shaken
speak (কথা বলা)	spoke	spoken
stink (গন্ধ বেরোনো)	stank	stunk
strew (ছড়ানো)	strewed	strewn
steal (চুরি করা)	stole	stolen

Present	*Past*	*Past Participle*
swear (শপথ নেওয়া)	swore	sworn
throw (নিক্ষেপ করা)	threw	thrown
weave (বোনা)	wove	woven
write (লেখা)	wrote	written

ছয় এবং ততোধিক অক্ষরের present form

choose (পছন্দ করা)	chose	chosen
freeze (জমে যাওয়া)	froze	frozen
foresee (ভবিষ্যৎ দেখা)	foresaw	foreseen
forsake (পরিত্যাগ করা)	forsook	forsaken
mistake (ভুল করা)	mistook	mistaken
beseech (মিনতি করা)	besought	besought
withdraw (তুলে নেওয়া)	withdrew	withdrawn

১৫.১ Parts of Speech বদলের পাঠ

শব্দভাণ্ডার (vocabulary) গড়ে তুলতে এটা এক খুবই প্রয়োজনীয় পদ্ধতি। একটি word-কে একাধিক parts of speech-এ বদলাতে পারলে এবং সে-অনুযায়ী sentence-এ ব্যবহার করতে শিখলে ইংরেজি শেখার কাজটা পাকা হয়ে যায়। বাংলা ব্যাকরণেও পদ-পরিবর্তন রয়েছে। সে-সব একবার পড়ে নিয়ে তারপর ইংরেজির এই পঠন এগিয়ে নিলে ভালো হয়।

নিচে এমন বদলের অনেক উদাহরণ দেওয়া হলো।

১৫.২ *Nouns থেকে adjectives : 'able' এবং 'ible'-এর ভূমিকা*

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
comfort (আরাম)	comfortable (আরামদায়ক)
honour (সম্মান)	honourable (সম্মানীয়, সম্মানজনক)
knowledge (জ্ঞান)	knowledgeable (জ্ঞানসম্পন্ন)
memory (স্মৃতি)	memorable (স্মরণীয়)
profit (লাভ)	profitable (লাভজনক)
objection (আপত্তি)	objectionable (আপত্তিকর)
reason (যুক্তি, কারণ)	reasonable (যুক্তিপূর্ণ, যুক্তিসংগত)
sale (বিক্রয়)	saleable (বিক্রয়যোগ্য)
value (মূল্য)	valuable (মূল্যবান)
force (বল)	forcible (বলপূর্বক)

contempt (ঘৃণা)	contemptible (ঘৃণ্য)

১৫.২ *Nouns থেকে Adjectives : 'ful'-এর ভূমিকা*

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
beauty (সৌন্দর্য)	beautiful (সুন্দর)
care (যত্ন, মনোযোগ)	careful (যত্নশীল, মনোযোগী)
cheer (আনন্দ)	cheerful (আনন্দদায়ক)
duty (কর্তব্য)	dutiful (কর্তব্যপরায়ণ, কর্তব্যনিষ্ঠ)
fear (ভয়)	fearful (ভীতিজনক, ভীতিপ্রদ)
force (শক্তি, বল)	forceful (শক্তিমান)
harm (ক্ষতি)	harmful (ক্ষতিকর)
hope (আশা)	hopeful (আশাপ্রদ, আশাজনক)
meaning (অর্থ)	meaningful (অর্থপূর্ণ)
mercy (দয়া, ক্ষমা)	merciful (ক্ষমাপূর্ণ)
pain (যন্ত্রণা)	painful (যন্ত্রণাদায়ক)
success (সফলতা)	successful (সফল)
truth (সত্য)	truthful (সত্যবাদী)

◆ 'full' আলাদা লেখার সময় দুটো 'l'। কিন্তু অন্য word-এ জুড়ে গেলে একটা 'l' হবে।

১৫.২ *Nouns থেকে Adjectives : 'al'-এর ভূমিকা*

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
accident (দুর্ঘটনা)	accidental (দুর্ঘটনাজনিত)
brute (পশু)	brutal (পাশবিক)
centre (কেন্দ্র)	central (কেন্দ্রীয়)
condition (শর্ত)	conditional (শর্তাধীন, শর্তসাপেক্ষ)
culture (কৃষ্টি, সংস্কৃতি)	cultural (সাংস্কৃতিক)
education (শিক্ষা)	educational (শিক্ষা সংক্রান্ত)
music (সঙ্গীত)	musical (সঙ্গীত সম্পর্কীয়)
nature (প্রকৃতি)	natural (প্রাকৃতিক)
origin (মূল)	original (মৌলিক)
person (ব্যক্তি)	personal (ব্যক্তিগত)
zone (অঞ্চল)	zonal (আঞ্চলিক)

১৫.৪ *Nouns থেকে Adjectives : 'ous'-এর ভূমিকা*

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
advantage (সুযোগ)	advantageous (সুবিধাজনক)
ambition (উচ্চাকাঙ্ক্ষা)	ambitious (উচ্চাকাঙ্ক্ষী)
danger (বিপদ)	dangerous (বিপজ্জনক)
glory (গৌরব)	glorious (গৌরবজনক)
humour (কৌতুক)	humorous (কৌতুকপূর্ণ, কৌতুককর)
industry (পরিশ্রম)	industrious (অধ্যবসায়ী)
mystery (রহস্য)	mysterious (রহস্যজনক)
virtue (পুণ্য)	virtuous (পুণ্যবান)

১৫.৫ *Nouns থেকে Adjectives : 'ic' এবং 'ive'-এর ভূমিকা*

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
atom (পরমাণু)	atomic (পারমাণবিক)
class (শ্রেণি)	classic (শ্রেষ্ঠ)
hero (বীর)	heroic (বীরোচিত)
history (ইতিহাস)	historic/historical (ঐতিহাসিক)
attraction (আকর্ষণ)	attractive (আকর্ষণীয়)
expansion (বিস্তার, বিস্তৃতি)	expansive (বিস্তৃত)
expense (খরচ)	expensive (দামী, ব্যয়বহুল)
explosion (বিস্ফোরণ)	explosive (বিস্ফোরক)
production (উৎপাদন)	productive (উৎপাদনক্ষম)

১৬. *শব্দ বদলের পাঠ : Adjective থেকে Nouns*

Adjectives থেকে Nouns তৈরির বিষয়টাও সমান গুরুত্বপূর্ণ। এসব শব্দগুলোকেও বাক্যে ব্যবহারের মাধ্যমে বুঝতে হবে। আগে এগুলো তৈরি করে নিতে হবে নির্ভুল বানান এবং যথাযথ বাংলা অর্থসহ।

১৬.১ *Adjectives থেকে Nouns : 'ty', 'ry', 'ness'-এর ভূমিকা*

Adjectives (বিশেষণ)	*Nouns (বিশেষ্য)*
active (সক্রিয়)	activity (সক্রিয়তা)
brave (সাহসী)	bravery (সাহসিকতা)
busy (ব্যস্ত)	business (ব্যস্ততা)
certain (নিশ্চয়)	certainty (নিশ্চয়তা)

Nouns (বিশেষ্য)	*Adjectives (বিশেষণ)*
cruel (নির্দয়, নিষ্ঠুর)	cruelty (নির্দয়তা, নিষ্ঠুরতা)
equal (সমান)	equality (সমতা)
happy (সুখী)	happiness (সুখ)
human (মানবীয়)	humanity (মনুষ্যত্ব)
necessary (প্রয়োজন)	necessity (প্রয়োজনীয়তা)
poor (দরিদ্র)	poverty (দারিদ্র্য)
popular (জনপ্রিয়)	popularity (জনপ্রিয়তা)
pure (পবিত্র)	purity (পবিত্রতা)
real (বাস্তব)	reality (বাস্তবতা)
rival (প্রতিদ্বন্দ্বী)	rivalry (প্রতিদ্বন্দ্বিতা)
safe (নিরাপদ)	safety (নিরাপত্তা)
simple (সরল)	simplicity (সরলতা)
sweet (মিষ্টি, মধুর)	sweetness (মিষ্টতা, মধুরতা)
useful (উপযোগী)	usefulness (উপযোগিতা)

১৬.২ *Adjectives থেকে Nouns : নানাবিধ ভাবে*

Adjectives (বিশেষণ)	*Nouns (বিশেষ্য)*
broad (প্রশস্ত)	breadth (প্রসার)
deep (গভীর)	depth (গভীরতা)
free (স্বাধীন)	freedom (স্বাধীনতা)
high (উচ্চ)	height (উচ্চতা)
hot (গরম)	heat (উত্তাপ)
long (লম্বা)	length (দৈর্ঘ্য)
obedient (অনুগত, আজ্ঞানুবর্তী)	obedience (আনুগত্য, আজ্ঞানুবর্তিতা)
secret (গোপন)	secrecy (গোপনীয়তা)
strong (শক্তিশালী)	strength (শক্তি)
true (সত্য)	truth (সত্যতা)

১৭. *শব্দ বদলের পালা : Verbs থেকে Nouns*

আগের এক আলোচনায় verb-এর গুরুত্ব নিয়ে আলোচনা হয়েছে বিশদভাবে। Verb এবং noun-এর সম্পর্কটা বিশেষভাবে আয়ত্ত করা দরকার। বাক্যে verb-এর ব্যবহারই ইংরেজি শেখার মূল কথা।

Verbs (ক্রিয়া)	*Nouns (বিশেষ্য)*
act (কাজ করা)	action (কাজ)
admit (ভর্তি হওয়া, ভর্তি করা)	admission (ভর্তি)
agree (মতৈক্য হওয়া)	agreement (মতৈক্য)
apply (দরখাস্ত করা)	application (দরখাস্ত)
approve (অনুমোদন করা)	approval (অনুমোদন)
arrive (পৌঁছানো)	arrival (আগমন)
believe (বিশ্বাস করা)	belief (বিশ্বাস)
bless (আশীর্বাদ করা)	bliss, blessing (আশীর্বাদ)
break (ভাঙা)	breach (ভাঙন)
choose (পছন্দ করা)	choice (পছন্দ)
consider (বিবেচনা করা)	consideration (বিবেচনা)
decide (সিদ্ধান্ত করা)	decision (সিদ্ধান্ত)
deny (অস্বীকার করা)	denial (অস্বীকৃতি)
die (মারা যাওয়া)	death (মৃত্যু)
discover (আবিষ্কার করা)	discovery (আবিষ্কার)
do (করা)	deed (কাজ)
enter (প্রবেশ করা)	entrance (প্রবেশ পথ)
expect (প্রত্যাশা করা)	expectation (প্রত্যাশা)
fail (অসফল হওয়া)	failure (অসফলতা)
give (দেওয়া)	gift (দান)
hate (ঘৃণা করা)	hatred (ঘৃণা)
imitate (অনুকরণ করা)	imitation (অনুকরণ)
invite (নিমন্ত্রণ করা)	invitation (নিমন্ত্রণ)
judge (বিচার করা)	judgment (বিচার)
know (জানা)	knowledge (জ্ঞান)
laugh (হাসা)	laughter (হাসি)
live (বাস করা)	life (জীবন)
lose (ক্ষতিগ্রস্ত হওয়া)	loss (ক্ষতি)
marry (বিবাহ করা)	marriage (বিবাহ)
move (নড়াচড়া করা)	movement, motion (গতি)
obey (মান্য করা)	obedience (আনুগত্য, আজ্ঞানুবর্তিতা)
occupy (দখল করা)	occupation (দখল)

Verbs (ক্রিয়া)	*Nouns (বিশেষ্য)*
permit (অনুমতি দেওয়া)	permission (অনুমতি)
practise (অভ্যাস করা)	practice (অভ্যাস)
protect (রক্ষা করা)	protection (রক্ষা)
receive (গ্রহণ করা)	receipt (রসিদ)
refer (উল্লেখ করা)	reference (উল্লেখ)
refuse (প্রত্যাখ্যান করা)	refusal (প্রত্যাখ্যান)
rely (বিশ্বাস করা)	reliance (বিশ্বাস)
Collective noun সাধারণত singular হয়। এবং এগুলোর আগে article বসতে পারে। collective noun দুই প্রকার হতে পারে। Countable noun এবং Uncountable noun।

৭.১ Countable Nouns

An army of soldiers– সৈন্য দল
A band of robbers– ডাকাতের দল
A band of pilgrims– একদল তীর্থযাত্রী
A bunch of keys– একগোছা চাবি
A bunch of flowers– একগুচ্ছ ফুল
A bunch of grapes – আঙুরের থোকা
A bevy of ladies – রমণীবৃন্দ
A bundle of papers – এক তাড়া কাগজ
A bundle of clothes – এক গাঁট কাপড়
A bundle of sticks – একগোছা চাবি
A brood of chickens – একপাল মুরগীছানা
A bale of cotton – তুলোর গাট
A bench of judges – বিচারপতিদের সমষ্টি
A board of Directors – ডাইরেক্টরদের বোর্ড
A couple of games – কতিপয় খেলা
A council of ministers – মন্ত্রীপরিষদ
A crew of sailors – নাবিকদল
A chain of events – ঘটনা পরম্পরা

A company of merchants – ব্যবসায়ী সংঘ
A crowd of people – জনতা
A chain of mountains – শৈলমালা/পবর্তমালা
A cloud of words – কথার ঝুড়ি
A cluster/group of islands – দ্বীপপুঞ্জ
A cluster of atoms – পরমাণু সমষ্টি
A flock of birds – পাখির ঝাঁক
A fleet of ships – রণতরীপুঞ্জ
A fleet of boats – দলবদ্ধ নৌকা
A flight of bird – এক ঝাঁক উড়ন্ত পাখি
A gang of robbers – ডাকাতের দল
A gang of thieves – একদল চোর
A galaxy of stars – নক্ষত্রমণ্ডলী
A herd of cows/cattle/goats – গরুর পাল/একপাল গবাদি পশু/ছাগলের পাল
A heap of files – ফাইলের স্তূপ
A hive of bees – মৌচাক
A litter of pups – কুকুরছানার দল
A mass of clouds – মেঘের ভার
A majority of voters – ভোটদাতাদের অধিকাংশ
A posse of constables – একদল কনস্টেবল
A packet of cigarettes - এক প্যাকেট সিগারেট
A pile of books– একগাদা বই
A pack of rogues – বদমাশের দল
A pack of hounds – শিকারী কুকুরের দল
A pack of cards – এক বান্ডিল তাস
A queue of vehicles – গাড়ির সারি
A row of plants/trees – গাছের সারি
A row of benches – বেঞ্চের সারি
A swarm of flies -- এক ঝাঁক মৌমাছি
A stack of wood – একগাদা কাঠ
A shoal of fish – মাছের ঝাঁক
A sheaf of paddy – এক আঁটি ধান

A series of events – ঘটনা পরম্পরা
A shoal of fish – মাছের ঝাঁক
A suit of furniture – একপ্রস্থ আসবাব
A series of misfortunes – দুর্ভাগ্য রাশি
A string of pearls – মুক্তোর ছড়া
A team of footballers – একদল ফুটবল খেলোয়াড়
A team of inspectors – পরিদর্শকের দল
A troop of school children – স্কুলছাত্রের দল
A troupe of singers – একদল গায়ক
A train of camels – সারিবদ্ধ উট
A tuft of wool – একগোছা পশম
A volley of shells – যুগপৎ বর্ষিত গোলা

৭.২ Uncountable Nouns

Four bags of rice – চার বস্তা চাল
Five bottles of milk – পাঁচ বোতল দুধ
Two phials of medicine – দুই শিশি ওষুধ
Seven litres of petrol – সাত লিটার পেট্রোল
Two tons of iron – দুই টন লোহা
A bucket full of water – এক বালতি জল
Two spoonfuls of medicine – দুই চামচ ওষুধ
A mouthful of rice – একগাল ভাত

৮. Some Special Uses of Words
শব্দের কতিপয় বিশেষ ব্যবহার

বিশেষভাবে ব্যবহারের এই শব্দগুলো সময় সম্পর্কে। নানা বাক্যগঠনে এ-ধরনের শব্দ ব্যবহার করতে হবে। নিয়ত মনে রাখার মতো করে তৈরি করে ফেলতে হবে এসব শব্দ।

বুড়ো বয়সে – at the ripe age
প্রত্যুষে – at down, at daybreak
এত রাত্রে – so late at night
নিশীথ রাতে – at dead of night
বেলা বারোটার কাছাকাছি সময়ে – close upon 12 noon

এতক্ষণে – by this time on
এই মাসের ১০ তারিখে – the 10th instant
গত মাসের ১০ তারিখ – on the 10th ultimo
আগামী মাসের ১০ তারিখে – on the 10th proximo
অনেকদিন আগে – a long time ago
পুরাকালে – in ancient time
স্মরণাতীত কাল – time immemorial
আজকাল – now-a-days, in these days
দিনের পর দিন – day after day
প্রতিদিন –everyday
দিন দিন – day in and day out
একদিন অন্তর – every other day, on alternate days
চারদিন অন্তর – every four days
শেষ পর্যন্ত, পরিণামে – in the long run
শুক্লপক্ষ – the bright fortnight
পূর্ণিমা – the full moon
অমাবস্যা – the new moon

৯. Errors in the Use of Compound Words
যৌগিক শব্দ ব্যবহারে ভুল

কোন্ word একসাথে
আর কোন্ word পৃথক

ইংরেজিতে যৌগিক শব্দ (compound word) আছে বেশ কিছু। এদের মধ্যে কিছু শব্দ একসাথে জুড়ে থাকে। কিছু শব্দ আবার পৃথক হয়ে চলতে চায়। যে-শব্দ যা চায় তাকে সেভাবেই ব্যবহার করতে হবে। তেমনটা না করলে কিন্তু সেটা ইংরেজি লেখার ভুল বলে ধরা হবে।

এভাবে লেখা যাবে না	*এভাবে লিখতে হবে*
Any body	Anybody
Any thing	Anything
Alright	All right
Atrandom	At random
Can not	Cannot
Down ward	Downward

এভাবে লেখা যাবে না	এভাবে লিখতে হবে
Day break	Daybreak
Else where	Elsewhere
Every body	Everybody
Every where	Everywhere
Everyone	Every one
Here in	Herein
Here on	Hereon
Here upon	Hereupon
Here with	Herewith
Here by	Hereby
Here after	Hereafter
Hither to	Hitherto
Hence forth	Henceforth
In let	Inlet
Invain	In vain
Inspite of	In spite of
In side	Inside
Mean while	Meanwhile
More over	Moreover
No body	Nobody
No thing	Nothing
No where	Nowhere
Not withstanding	Notwithstanding
Other wise	Otherwise
Out put	Output
Off shoot	Offshoot
Off spring	Offspring
Out let	Outlet
Out break	Outbreak
Out cast	Outcast
Out lay	Outlay
Out look	outlook
Out burst	Outburst
Out right	Outright
Ofcourse	Of course
Some body	Somebody
Some thing	Something

এভাবে লেখা যাবে না	*এভাবে লিখতে হবে*
Some times	Sometimes
Sun set	Sunset
To day	Today
To morrow	Tomorrow
There in	Therein
There fore	Therefore
There from	Therefrom
There on	Thereon
There with	Therewith
Where in	Wherein
Where fore	Wherefore
Yester day	Yesterday
Youngman	Young man

১০. Abbreviated Expressions
সংক্ষিপ্ত প্রকাশ

বেশ কিছু শব্দ আছে যেগুলো পুরোটা না লিখে apostrophe ' (ঊর্ধ্ব কমা) ব্যবহার করে শব্দটিকে সংক্ষিপ্ত করে লেখা হয়। Apostropheটি দিয়ে একটি বা একাধিক letter উহ্য করে রাখা হয়। মূলত Spoken English-এ এই ধরনের শব্দের ব্যবহার বেশি।

let's – let us	Who's - who is
it's – it is	A. D. – anno domini (in the year of our Lord
'tis – it is	B.C. – before Christ
ma'm – madam	c. f. - compare
ne'er – never	do – ditto
e'en – even	e. g. – exampli gratia (for example)
e'er – ever	etc – etcetera (and the rest)
won't – would not	ibid - ibidem (in the same place)
we've – We have	i. e. – id est (that is)
we're – we are	N. B. – nota bene (note carefully)
we'd – we would	pp. – pages
we'd – we had	viz. – videlicet (namely)
what's – what is	

১১. Cries of Animals

কোন্ প্রাণী কেমন ডাকে

Apes gibber
Asses bray
Bears growl
Bulls bellow
Bees hum
Birds sing
Camels grunt
Cats mew, purr
Cocks crow
Cattle low
Crows caw
Cows low
Crickets chirp
Dogs bark
Ducks quack
Doves coo
Eagles scream
Elephants trumpet
Files buzz
Frogs creak
Foxes yelp
Goats bleat
Geese cackle, hiss
Hawks scream
Hens cackle
Horses neigh
Hyenas laugh
Jackals howl
Kittens mew
Lambs bleat
Lions roar
Larks sing
Monkeys chatter
Nightingales sing
Owls hoot
Oxen low, bellow
Pigs grunt
Puppies yelp
Ravens croak
Serpents hiss
Sheep bleat
Small birds chirp/twitter
Swallows chirp/twitter
Squirrels squeak
Tigers growl
Vultures scream
Wolves howl, yell

Word Clippings

শব্দ ছাঁটাই

বড়ো word-এর লেজটা একটু ছোটো করে Modern English-এ ব্যবহৃত হচ্ছে।

Clippings	Original Words
lab	laboratory
prof.	professor
pub	public house
perks	perquisites
mike	microphone
movie	moving pictures
pants	pantaloons

Clippings	Original Words
gym	gymnasium
photo	photograph
zoo	zoological garden
bike	bicycle
bookie	bookmaker
hanky	handkerchief
telly	television

১২ Different Sounds made by Different Things

বিভিন্ন বস্তুর বিভিন্ন শব্দ

আমাদের জীবনে নানা বস্তুর ভূমিকা আছে। এসব বস্তু কাজ করার সময় কত ভিন্ন ধরনের round (শব্দ) তৈরি করে। Soundগুলো তো নানা ধরনের কাজ করা বোঝায়। ফলে এসব soundগুলো verb।

Things বস্তু	*Sounds* শব্দ
anvil	clangs
arms	clang
aeroplanes	zoom
bugles	blow/call
bells	twang
babies	lisp
clouds	thunder
chains	clank
coins	jingle
clock	tick
drums	beat
doors	bang/slam
fire	crackle
flags	flutter
guns	boom/roar
glass	tinkles
hands	clap
hoofs	clatter
hinges	creak
horns	toot
metals	ring
nuts	crack

Things বস্তু	Sounds শব্দ
rifles	report, stutter
rain	patters
sails	flutter
streams	purl, hiss
silk	rustle
shoes	creak
trumpets	blare
teeth	chatter
trains	rumbles
telephones	buzz
thunder	rumbles
woods	crackle
winds	sigh, whistle, roar
water	lap
whistles	shriek
watches	tick
waves	ripple
wings	flutter

১৩. American and British Spelling

রাজনীতির মতামতে আমেরিকা এবং ব্রিটেনের খুবই মিল। কিন্তু ইংরেজি বানানের প্রশ্নে এই দুই দেশের মধ্যে গরমিল রয়েছে। ব্রিটেনে আগের চলতি বানান চালিয়ে যেতে চায়। আমেরিকা চায় word-এর মধ্যে অনুচ্চারিত letter বাদ দিয়ে ইংরেজি বেশ কিছু word-এর সংস্কার করতে। ধরা যাক 'প্রোগ্রাম' ইংরেজি শব্দটার বানানের কথা। ব্রিটিশরা লিখছেন programme। আমেরিকানরা শেষের 'me' letter দুটো ছেঁটে দিয়ে বানানটা দাঁড় করাতে চাইছেন program হিসাবে। এছাড়া আরও অনেক শব্দ মূলগতভাবেই দু'দেশে দু'রকম। যেমন, ব্রিটেনে যেটা bathroom, আমেরিকায় সেটা toilet। এখানে কিছু word-এর পার্থক্যটা দেখানো হলো।

British	*American*
angry	incid
analyse	analyze
autumn	fall
axe	ax
Acknowledgement	Acknowledgment
aeroplane	airplane

British	*American*
advice (noun)	advise (verb ও noun)
bathroom	toilet
barrister	attorney
behaviour	behavior
biscuit	cookie
bonnet	hood
catalogue	catalog
centre	center
cheque	check
colour	color
crossroads	intersection
calibre	caliber
conexion	connection
defence	defense
flat	apartment
film	movie
fibre	fiber
grey	gray
ground floor	first floor
honour	honor
holiday	vacation
jewellery	jewelry
licence	license
labour	labor
lift	elevator
lorry	truck
maize	corn
mad	crazy
main road	highway
metre	meter
mould	mold
neighbour	neighbor
offence	offense
paralyse	paralyze
practise (verb)	practice (verb ও noun)
puncture	flat tire

British	*American*
petrol	gas
post	mail
phone engaged	phone busy
public toilet	rest room
pavement	sidewalk
plough	plow
queue	line
realise	realize
rubber	eraser
rubbish	garbage
rialway	railroad
rumour	rumor
skilful	skillful
sweets	candy
stupid	dumb
theatre	theater
tyre	tire
traveller	traveler
taxi	cab
tin	can
tap	faucet
torch	flashlight
trousers	pants
time table	schedule
in a team	on a team
live in M.G. Road	live on M. G. Road
Sunday to Friday	Sunday through Friday

অধ্যায় : ছয়

৬. Phrases and Clauses

Phrase মানে বাক্যাংশ। Clause-এর অর্থও বাক্যাংশ। English Grammar-এর এই দুটো বিষয়ের একই বাংলা পরিচিতি 'বাক্যাংশ'। অর্থাৎ বাক্যের অংশ। শুধু এইটুকু জানলে গোল বাধবে। ভাবনা দাঁড়াবে, দুটোর বাংলা মানেই যখন বাক্যাংশ তখন তফাৎ করা হবে কীভাবে? এই তফাতের কথাটাই প্রথমে জানতে হবে। তফাৎ এক, একটা phrase-এ কোনো finite verb বা প্রধান ক্রিয়া থাকে না। কিন্তু একটা clause-এ একটা finite verb তো থাকবেই। সেই সঙ্গে থাকবে একটা subjectও। দুই, একটা sentence-এ একটা phrase কাজ করে part of speech হিসাবে। আর clause কাজ করে একটি 'প্রায়' sentence এবং একটা part of speech হিসাবে। তিন, phraseগুলোকে সাতটা ভাগে ভাগ করা যায়। কিন্তু clauseকে ভাগ করা যায় তিন ভাগে। একটা উদাহরণ —

The boy sits on the wall. — এই sentence-এ 'on the wall'— একটা phrase। এর কোনো finite verb এবং subject নেই। এটা sentence-এর অংশ। তাই এটা একটা part of speech। The boy who is a wicked sits on the wall. এই sentence-এর প্রথম ও শেষ অংশটুকু মিলে The boy sits on the wall। এবং মাঝের অংশটুকু who is a wicked! এই দুটো অংশই clause। প্রথম অংশে 'the boy' subject, 'sit' টা finite verb। পরের অংশে who টা boy-এর pronoun হিসাবে subject এবং 'is' টা এখানে finite verb।

Sentence লিখতে হলে অনেক কথা বলার জন্য অনেক word লিখতে হয়। phrase অত কথা লেখাটাকে অপছন্দ করে। অল্প কথায় অনেক কথা লেখার কৌশলটা রয়েছে phrase ব্যবহারের মধ্যে। কীভাবে? Jasim is walking. Mahim is walking by his side. এত কথা না বলে আমরা বলতে পারি, Jasim and Mahim are walking side by side. এই side by side (পাশাপাশি) phraseটা কত কথা কমিয়ে দিল, লক্ষ করো।

৬.১ *Phrase-এর পরিচিতি*
জানতে হবে আঁতিপাঁতি

আগেই বলা হয়েছে যে, phrase-এর কাজ একটা part of speech-এর মতো। Part of speech-এর মতো কাজ করে বলে phrase-এর ভাগও একাধিক। এখানে পর পর phrase-এর নানা পরিচিতি তুলে ধরা হবে।

Part of speech-এর noun-এর আমরা কিছু phrase ব্যবহার করতে পারি। Noun-এর মতো ব্যবহৃত হয় বলে এদের noun phrase বলে। বাংলায় বিশেষ্যধর্মী শব্দগুচ্ছ।

৬.১.১ Noun phrase : 'and'কে মাঝে রেখে দু'পাশে দুই noun

Mahim and Mita are husband and wife.
মহিম এবং মিতা স্বামী-স্ত্রী।
Man and money, I have none.
লোকবল বা অর্থবল, কোনটাই আমার নেই।
Food and clothing were given to the refugees.
বাস্তুহারাদের অন্নবস্ত্র দেওয়া হয়েছিল।
The lives of birds and beasts are now in danger.
পশুপাখিদের জীবন এখন বিপদাপন্ন।
He likes the works of pen and ink.
তিনি কালি-কলমের কাজ পছন্দ করেন।

আরও কতিপয় উদাহরণ

Food and clothing অন্নবস্ত্র, men and money লোকবল বা অর্থবল, profit and loss লাভ-লোকসান, heaven and earth স্বর্গ ও মর্ত্য, weal and woe সুখ-দুঃখ, thick and thin সুখে-দুখে, light and shade আলো-ছায়া, right and wrong হিতাহিত, father and son পিতা-পুত্র, king and queen রাজা রানী bread and butter রুটি মাখন, rice and curry ভাত-তরকারি, curry and rice ডালভাত, food and drink অন্নজল, fish and flesh মাছ মাংস, day and night দিবারাত্র, wind and rain ঝড়-বৃষ্টি, board and lodging আহার ও বাসস্থান, right and wrong ন্যায় অন্যায়, life and death জীবন-মরণ প্রভৃতি।

মনের রাখার ঃ বাংলা পদের ক্রম অনুসারে ইংরেজি phraseগুলো এই রকম।

Flesh and blood রক্তমাংস, land and water জল এবং স্থল, virtue and vice পাপ-পুণ্য, ebb and flow জোয়ার-ভাঁটা, friend and foe শত্রুমিত্র, bow and arrow তীরধনুক, word and deed কাজ ও কথা, mind and body দেহ-মন, assets and liabilities দেনা-পাওনা, stars and planets গ্রহ-নক্ষত্র, merits and demerits দোষগুণ, father and mother মা বাপ, man and woman স্ত্রী-পুরুষ, reading and writing লেখাপড়া, mind and body দেহ-মন, birds and beasts পশুপাখি, hearth and home বাড়িঘর প্রভৃতি।

মনে রাখার ঃ ইংরেজিতে যে-পদটি আগে বাংলায় সে পদটি পরে চলে গিয়ে phrase তৈরি করেছে।

Noun phrase : দুটো Noun-এর মধ্যে একটি preposition বসিয়ে

Madhu Babu is a man of character.
মধুবাবু একজন চরিত্রবান ব্যক্তি।
He fears a man of might.
সে শক্তিমান লোককে ভয় করে।
Try to understand the key to success.
সাফল্যের রহস্য বুঝতে চেষ্টা কর।

Rabindranath was a man of genius.
রবীন্দ্রনাথ একজন প্রতিভাবান পুরুষ ছিলেন।
Mr. Roy is all in all in the office.
মি. রায় অফিসে সর্বেসর্বা।

আরও কতিপয় উদাহরণ

a man without charactert চরিত্রহীন ব্যক্তি, a man of means সঙ্গতিসম্পন্ন লোক, a man dull of understanding মোটা বুদ্ধির লোক, involved in debt ঋণগ্রস্ত, beast of burden ভারবাহী পশু, devotion of duty কর্তব্যনিষ্ঠা, sense of duty কর্তব্যজ্ঞান, want of money অর্থাভাব, man of high rank উচ্চপদস্থ ব্যক্তি, sense of self-respect আত্মসম্মান জ্ঞান, breach of peace শান্তিভঙ্গ, cause for anxiety চিন্তার কারণ, genius for acting অভিনয় প্রতিভা, a vow of silence মৌনব্রত, search for truth সত্যের সন্ধানে, regard for truth সত্যনিষ্ঠা, source of income আয়ের পথ, lust for money অর্থলিপ্সা, presence of mind উপস্থিত বুদ্ধি, a stain of one's character চরিত্রের কলঙ্ক, taste for music সঙ্গীতে প্রীতি, a man of very few words অল্পকথার মানুষ, প্রভৃতি।

৬.১.২ Noun phrase : পাশাপাশি দুটো Noun বসিয়ে

The man is on death-bed.
লোকটি মৃত্যুশয্যায়।
The boy has been suffering from toothache.
দাঁতের যন্ত্রণায় বালকটি ভুগছে।
We are going to Darjeeling in the next Puja Holidays.
পরবর্তী পুজোর ছুটিতে আমরা দার্জিলিং যাচ্ছি।
Keep these ornaments in an iron-chest (safe).
এই গয়নাগুলো লোহার সিন্দুকে রাখো।
Train fares have been raised again.
আবার ট্রেনের ভাড়া বাড়ানো হয়েছে।

আরও কতিপয় উদাহরণ

gold ring সোনার আংটি, bed-room শোবার ঘর, summer vacation গরমের ছুটি, X-mas holidays বড়োদিনের ছুটি, school fees স্কুলের বেতন, mother tongue মাতৃভাষা, battle field রণক্ষেত্র, bloodshed রক্তপাত, mountain pass গিরিপথ, battle drum রণবাদ্য, lime light পাদপ্রদীপ, touch stone কষ্টিপাথর, animal propensities পশুপ্রবৃত্তি, sea voyage সমুদ্রযাত্রা প্রভৃতি।

৬.১.৩ Noun pharse : কখনও কখনও adjective বা participleকে noun-এর আগে বসিয়ে

Daily wages of the labourers should be raised.
শ্রমিকদের দৈনিক মজুরী বাড়ানো উচিত।

You can meet me at the dining hall.
খাওয়ার ঘরে তুমি আমার সঙ্গে দেখা করতে পারো।
He reads the newspaper in the drawing room.
বসার ঘরে তিনি খবরের কাগজ পড়েন।
Don't show me an angry look.
আমাকে রক্তচক্ষু দেখিও না।
Mosquitoes breed in stagnant water.
বদ্ধ জলে মশা জন্মায়।

আরও কতিপয় উদাহরণ

golden opportunity সুবর্ণ সুযোগ, deplorable condition শোচনীয় অবস্থা, lame excuse বাজে অজুহাত, untimely death অকাল মৃত্যু, sad news শোক সংবাদ, bad news দুঃসংবাদ, knee-deep water হাঁটুজল, outright lie ডাহা মিথ্যা, joint family একান্নবর্তী পরিবার, domestic peace পারিবারিক শান্তি, conjugal love দাম্পত্য ভালবাসা, firm faith অটল বিশ্বাস, biting cold কন্‌কনে শীত, profound knowledge অগাধ পাণ্ডিত্য, an auspicious moment শুভক্ষণ, a lying room আঁতুড় ঘর, the beaten track গতানুগতিক পথ, colloquial language চলতি ভাষা, ancestral property পৈতৃক সম্পত্তি, matchless beauty অসাধারণ রূপলাবণ্য, a blank shot ফাঁকা আওয়াজ, retentive faculties ধারণ শক্তি, earthly paradise ভূস্বর্গ, chaste language সাধুভাষা, hard cash নগদ টাকা, ocular proof প্রত্যক্ষ প্রমাণ, lame excuse বাজে ওজর, versatile genius সর্বমুখী (বহুমুখী) প্রতিভা, a dilapidated house ভগ্নপ্রায় বাড়ি, a daring act অসমসাহসিক কাজ, a contemporary event সমসাময়িক ঘটনা।

মনে রাখার মতো

(এক) এমন কতিপয় noun phrase আছে যেগুলোর ক্ষেত্রে adjectiveটি noun-এর পরে বসে।

The President elect মনোনীত সভাপতি, Glory eternal চিরস্থায়ী গৌরব, matter spirititual আধ্যাত্মিক ব্যাপার, time immemorial স্মরণাতীত কাল প্রভৃতি।

(দুই) gerund দিয়েও noun phrase তৈরি করা যায়।

I enjoy <u>reading</u> books — আমি বই পড়তে ভালবাসি।

<u>Passing</u> the examination is not the important thing — পরীক্ষায় পাশ করাটা বড়ো কথা নয়।

Passing the examination is not a <u>life and death</u> question. — পরীক্ষায় পাশ করাটা জীবন-মরণের প্রশ্ন নয়।

<u>Ups and downs</u> of life is inevitable — জীবনে উত্থান-পতন আসতেই পারে।

Try to go ahead considering the <u>pros and cons</u> of the matter — বিষয়টির অগ্র-পশ্চাৎ ভেবে এগোনোর চেষ্টা করবে।

(তিন) দুটো Noun-এর মাঝখানে 'or' ব্যবহার করে Noun Phrase করা যায়।

Friend or foe, everyone loves him.

কী শত্রু কী মিত্র সবাই তাঁকে ভালবাসে।

I have no reliance on men or money.

কী ধন কী জন কিছুতেই আমার ভরসা নেই।

Everybody high or low attended the meeting.

কী ইতর কী ভদ্র সবাই সভায় এসেছিল।

Everyone man or beast try to gather food.

কী মানুষ কী পশু প্রত্যেকেই খাদ্য জোগাড়ের চেষ্টা করে।

Adjective phrase হলো বিশেষণধর্মী শব্দগুচ্ছ। একটা phrase যখন noun -এর দোষ, গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি প্রকাশ করে তখনই সেটা adjective phrase। একটি adjective এবং একটি adjective phraseএর তফাৎটাও বুঝতে হবে।

The man lives in a wooden house. (adjective)

The man lives in a house made of wood. (adjective phrase)

লোকটি একটি কাঠের তৈরি বাড়িতে থাকেন।

৬.১.৪ ***Adjective phrase : Present Participle-এর পরে Preposition.***

The tree is bending under the weight of fruit.

ফলের ভারে গাছটি নুইয়ে পড়েছে।

Is this conduct befitting a gentleman?

এটা কি ভদ্রোচিত ব্যবহার?

The house is teeming with people.

ঘরটা জনাকীর্ণ।

The bird flying in the sky is very beautiful to see.

আকাশচারী পাখিটা দেখতে খুব সুন্দর।

The aeroplane sailing in the air dropped food packets for us.

আকাশসঞ্চারী বিমানটি আমাদের জন্য খাবার-প্যাকেট ফেলেছিল।

৬.১.৫ ***Adjective pharse : Past Participle-এর পরে Preposition***

The man is confined to bed.

লোকটি শয্যাগত।

The prisoner is condemned to death.

আসামীকে মৃত্যুদণ্ড দেওয়া হলো।

The man will be confined in prison for six months.

লোকটিকে ছয়মাসের জন্য কারারুদ্ধ করা হবে।

You should be ashamed of your own conduct.

নিজের ব্যবহারে তোমার লজ্জিত হওয়া উচিত।

He has been reduced to a skeleton for prolonged illness.

দীর্ঘ রোগ তাকে কঙ্কালসার করে ছেড়েছে।

আরও কতিপয় উদাহরণ ঃ

Lost in thought চিন্তামগ্ন, absorbed in meditation ধ্যানমগ্ন, overwhelmed with sorrow দুঃখাভিভূত, enveloped in mist কুয়াশাচ্ছন্ন, exhausted with hard labour কঠিন পরিশ্রমে ক্লান্ত, erased (blotted out) from memory স্মৃতি থেকে অপসারিত, shrouded (wrapt) in mystery রহস্যাবৃত, প্রভৃতি।

৬.১.৬ ***Adjective Phrase : Appropriate Preposition -এর সাহায্যে***

He is <u>devoid of</u> common sense.
তার কাণ্ডজ্ঞান নেই।
He is <u>sensitive to</u> criticism.
সমালোচনা সম্পর্কে তিনি সংবেদনশীল।
India is <u>rich in</u> natural wealth.
প্রাকৃতিক সম্পদে ভারত সমৃদ্ধ।
The actor is <u>fond of</u> fun.
অভিনেতাটি কৌতুকপ্রিয়।
The journey was <u>full of</u> joy.
বেড়ানোটা আনন্দময় হয়েছিল।

আরও কতিপয় উদাহরণ ঃ

averse to work শ্রমবিমুখ, guilty of murder খুনের অপরাধী, hard of hearing কানে খাটো, land free of rent নিষ্কর জমি, joys of home-life গৃহের আনন্দ, free from care নিশ্চিন্ত, full of dangers বিপদসঙ্কুল, easy of access সহজলভ্য, conducive to health স্বাস্থ্যের পক্ষে অনুকূল, devoid of pity নির্দয় হৃদয়, injurious to health স্বাস্থের পক্ষে ক্ষতিকর, sure of success সাফল্য সম্পর্কে সুনিশ্চিত, প্রভৃতি।

৬.১.৭ ***Comparison of Adjective phrases***

এদের phrases of comparisonও বলা হয়। তুলনা বোঝাতে এদের ব্যবহার। বাংলা থেকে ইংরেজিতে অনুবাদের সময় এই ধরনের adjective phrase কাজে লাগাতে হয়। Adjective-এর আগে কিংবা পরে অথবা আগে ও পরে 'as' বসিয়ে এই তুলনার কাজ করা হয়। যথা ঃ Hard as stone. As hard as stone. পাথরের মত শক্ত।

The luggage is as heavy as lead.
বোঝাটা সীসার মত ভারী।
The man is as busy as a bee.
লোকটি মৌমাছির মত ব্যস্ত।
Cotton is as white as snow.
তুলো যেন বরফের মতো সাদা।

আরো কতিপয় উদাহরণ ঃ

as black as pitch মিশমিশে কালো, as silent as grave মৃত্যুর মতো নিস্তব্ধ, as pale as ghost মড়ার মতো ফ্যাকাশে, as dry as a bone শুকনো খটখটে, as light as

cork শোলার মতো হালকা, as sharp as a needle সূঁচের মতো তীক্ষ্ণ, as hard as nail লোহার মতো শক্ত, as light as feather পালকের মতো হালকা, as sweet as honey মধুর মতো মিষ্টি, as cold as ice বরফের মতো ঠান্ডা, as soft as butter মাখনের মতো নরম, as white as milk দুধের মতো সাদা, as dump as a statue পুতুলের মতো নির্বাক, as red as rose জবাফুলের মতো লাল, as black as soot ঝুলের মতো কালো, poor as a church mouse নিতান্ত গরীব, silly as a sheep OR studip as a donkey গাধার মতো বোকা, quick as lightning বিদ্যুৎগতি, প্রভৃতি।

৬.১.৮ ***Idomatic Adjective phrases***

এই ধরনের phrase-এর পরিচিতি হলো বাগ্‌বৈশিষ্ট্যযুক্ত adjective phrase।

You must be *up and doing* in passing the examination.

পরীক্ষায় পাশ করার জন্য তোমাকে উঠে পড়ে লাগতে হবে।

My father is out of sorts to day.

আমার বাবার শরীরটা আজ ভালো নেই।

Mr. Bose is all in all in the club.

ক্লাবে মি. বোস হলেন সর্বেসর্বা।

There is a hard and fast rule in this matter.

এ ব্যাপারে একটা বাঁধাধরা নিয়ম আছে।

I am over head and ears in debt.

আমি ঋণে জর্জরিত।

৭. **Adverbial Phrases**

আমরা আগেই জেনেছি যে, adverb, part of speech হিসাবে verb, adjective এবং adverb-এর স্থান, সময়, প্রকার, পরিমাণ প্রভৃতি সূচিত করে। এক কথায় ইংরেজিতে এটাকে বলে modify করা। Adverbial phraseগুলো adverb-এর মতো এই একই কাজ করে।

৭.১ ***Adverb phrase : স্থানসূচক (Place)***

Try to keep the wicked boy at arm's length.

দুষ্টু ছেলেটিকে দূরে দূরে রাখার চেষ্টা করো।

The children were running to and fro.

শিশুরা ইতস্তত (এদিক সেদিক) দৌড়োচ্ছিল।

I tried to buy it at all places but failed.

আমি এটা কেনার জন্য সর্বত্র খুঁজেও পাইনি।

The wounded man died on the spot.

ঘটনাস্থলেই লোকটি মারা গেল।

One day man will live on the moon.

শীঘ্রই মানুষ চাঁদে বাস করতে পারবে।

৭.২ ***Adverb phrase : সময়সূচক (Time)***

Now and then he comes to me. (occasionally)
কখনও কখনও তিনি আমার কাছে আসেন। (কখনও সখনও)
He comes to me off and on. (irregularly)
সে কখনও কখনও আমার কাছে আসে। (অনিয়মিতভাবে)
He comes to me every now and then. (frequently)
তিনি প্রায়ই আমার কাছে আসেন। (ঘন ঘন)
He was bed-ridden for a long time.
তিনি দীর্ঘদিন শয্যাশায়ী ছিলেন।
You will be rewarded in the long run. (ultimately)
তুমি আজ না হয় কাল পুরস্কৃত হবেই।

৭.৩ ***Adverb phrase : প্রকার/পদ্ধতি বোঝাতে***

The soldiers at last fought hand to hand. (manully)
সৈন্যরা শেষ পর্যন্ত হাতাহাতি লড়াই করল।
The boy tried heart and soul to win the prize. (hard)
ছেলেটি পুরস্কারটি জিতে নিতে প্রাণপণ চেষ্টা করল।
The soldiers fought tooth and nail to defend their country. (desperately)
দেশের স্বাধীনতা বাঁচাতে সৈন্যরা প্রাণপণে লড়েছিলেন।
The things were left at sixes and sevens.
এলোমেলো অবস্থায় জিনিসপত্র ফেলে রাখা হয়েছিল।
Leave this place bag and baggage.
তল্পিতল্পাসহ এই স্থান পরিত্যাগ কর।

৮. Every-day use of adverbial phrases (প্রতিদিন কাজে লাগবে)

at dead of night গভীর রাতে, all day long সারা দিন, in course of time কালক্রমে, day afterday দিনের পর দিন, day by day দিন দিন, in the long run পরিণামে, at the eleventh hour শেষ মুহূর্তে, at full speed পূর্ণবেগে, without stopping for breath এক নিঃশ্বাসে, in the mean time ইতিমধ্যে, step by step ক্রমে ক্রমে, far and wide দেশে দেশে, in no time চট করে, somehow or other কোনোমতে, with a long face মুখ ভার করে, in the twinkling of an eye চোখের নিমিষে, in haste তাড়াতাড়ি, in a hurry ব্যস্ত সমস্ত, in an auspicious hour শুভক্ষণে, in order of merit যোগ্যতা অনুসারে, through and through সম্পূর্ণভাবে, at any cost যে কোনও ভাবেই, at the top of one's voice প্রাণপণে, by chance দৈবক্রমে, by mistake ভুল করে, by turns পালা করে, by no means কিছুতেই নয়, in broad daylight প্রকাশ্য দিবালোকে, in public প্রকাশ্যে, in private গোপনে, every alternate day একদিন অন্তর একদিন, every three hours তিন ঘণ্টা অন্তর, a little

way off কিছু দূরে, in course of conversation গল্পচ্ছলে, on the whole মোটের ওপর, on good terms সদ্ভাবে, on speaking terms কথা বলার সম্পর্ক, by chance দৈবাৎ, by all means সর্বপ্রকারে, by force জোর করে, on oath শপথ করে, by all means সর্বপ্রকারে শেষবারের মতো, in course of time কালক্রমে, to this day আজ পর্যন্ত, in all respects সর্বতোভাবে, owing to illness অসুস্থতা বশত, the other day সে দিন, up the river নদীর স্রোতের বিপরীত দিকে, down the river নদীর স্রোতের দিকে, along (down) the street রাস্তা দিয়ে, by twos/two at a time দু'জন দু'জন, for want of time সময়ের অভাবের জন্য, through shame লজ্জাবশত, by turn পর্যায়ক্রমে, in the long run শেষ পর্যন্ত, bit by bit/little by little একটু একটু, by no menas/on no account কিছুতেই না।

৯. Prepositional Phrases

Prepositional phrase-এর ক্ষেত্রে কতিপয় preposition-এর বিশেষ গুরুত্ব রয়েছে। এমন কতিপয় preposition হলো — of, at, by, with, over, from, to প্রভৃতি। এদের বিশেষ গুরুত্ব কেন ? কারণ এসব preposition দিয়ে পদসমষ্টি শুরু এবং শেষ হয়। এইসব preposition-এর মধ্যে শুরুতে 'in' এবং শেষে 'of'-এর ব্যবহার সব থেকে বেশি। Prepositional phrase-এর বাংলা হলো পদান্বয়ী অব্যয়যুক্ত শব্দগুচ্ছ।

There stands a tree in front of our school.
আমাদের স্কুলের সামনে একটি গাছ আছে।
I am busy in search of my lost pen.
আমার হারানো কলমটা খুঁজতে আমি ব্যস্ত।
Mihir spoke in the meeting on behalf of the members.
সদস্যদের পক্ষে মিহির সভায় কথা বলেছিল।
With reference to your letter, I am sending some papers.
আপনার চিঠির প্রসঙ্গে আমি কিছু কাগজপত্র পাঠাচ্ছি।
In the name of reading the book he cut out some pages.
বই পড়ার নামে সে কিছু পৃষ্ঠা কেটে নিল।

আরও কতিপয় উদাহরণ

one the eve of প্রাক্কালে, on the plea of অজুহাতে, in lieu of পরিবর্তে, in spite of সত্ত্বেও, in exchange of বদলে, in course of time কালক্রমে, in opposition to বিরুদ্ধে, in the middle of মাঝখানে, in place of স্থানে, in accordance with অনুযায়ী, in connection with সম্পর্কে/সম্বন্ধে, in honour of সম্মানার্থে, in quest of অন্বেষণে, in proportion to অনুপাতে, in consequence of ফলে, in the hope of আশায়, in fear of আশঙ্কায়, by virtue of/by dint of দ্বারা, জোরে, গুণে, by way of an example দৃষ্টান্তস্বরূপ/উদাহরণস্বরূপ, for the sake of জন্য, for want of অভাবে, with an eye to লক্ষ্য রেখে, by way of অথবা with a view to উদ্দেশ্যে, in company with সঙ্গে, at enmity with শত্রুভাবাপন্ন, in

prospect of আশায়, at the instance of অনুরোধে, in consideration of বিবেচনায়, on the ground of/on account of কারণে, at home in পারদর্শী, in case of /in the event of সাপেক্ষে, on the pretence of অজুহাতে, as a token of নিদর্শন স্বরূপ, in defiance of অমান্য করে, in compliance with সম্মত হয়ে, at variance with বিপরীত, in pursuance of অনুসারে, in the teeth of মুখেও, in view of বিবেচনায়, in comparison with তুলনায়, in agreement with একমত, on the ground of কারণে, প্রভৃতি।

১০. Verbal Phrase

Verbal phrase-এর বাংলা বাগ্‌বৈশিষ্ট্যপূর্ণ ক্রিয়ার্থক পদসমষ্টি। এই phrase-এ verbগুলোর একটা বিশেষ অর্থ প্রকাশ পায়। Appropriate preposition এবং Group verb-এর মধ্যে এই Verbal phrase-এর বহু উদাহরণ রয়েছে।

Try to learn the rhyme by heart.
ছড়াটা মুখস্থ করার চেষ্টা করো।

My friend threw cold water on my efforts.
আমার বন্ধু আমার চেষ্টাকে নিরুৎসাহ করলেন।

The student was brought to book by the teacher.
ছাত্রটি শিক্ষক কর্তৃক তিরস্কৃত হয়েছিল।

His hidden plan was brought to light.
তার গোপন পরিকল্পনা প্রকাশ হয়ে পড়েছে।

The life of the young man was cut short by a fatal accident.
মারাত্মক দুর্ঘটনায় যুবকটির হঠাৎ মৃত্যু হয়েছিল।

১১. Some Foreign Phrases

Foreign phrases হলো বিদেশী ভাষার শব্দগুচ্ছ। প্রধানত Latin Language থেকে এগুলো আহরিত। এছাড়া French, German প্রভৃতি ভাষাতেও এ-ধরনের phrase রয়েছে। এ-ধরনের phrase-এর সংখ্যা নেহাত কম নয়। এখানে মাত্র কয়েকটা phrase-এর কথা বলা হবে। সেগুলোর কথাই বলা হবে যেগুলো অহরহ ব্যবহার করতে হয় কিংবা যেগুলোর ব্যবহার জানতেই হয়।

alias (এলায়াস) ওরফে (otherwise), apropos (আপ্রপৌ) প্রসঙ্গে (to the point), ad interim (এড্ ইন্টারিম) ইত্যবসরে (meanwhile), bonafide (বোনা ফাইড) যথার্থ (in good faith), de facto (ডি ফ্যাক্টো) কার্যত (in fact), de jure (ডি জুরে) নামে মাত্র (in law), en route (অঁ রুৎ) পথিমধ্যে (on the way), et cetera (এট্‌সেট্রা) ইত্যাদি (and the rest), ex parte (এক্‌স্ পারটে) এক তরফা (on one side only), inter alia (ইন্‌টার আলিয়া) অন্যান্য বিষয়ের মধ্যে (among others), in to (ইন্ টোটো) সর্বসাকুল্যে (totally), lingua franca (লিঙ্গুয়া ফ্রাঙ্কা) যোগাযোগের ভাষা (link language), locus standi (লৌকাস্ স্টানডাই) কথা বলা/হস্তক্ষেপের অধিকার (right to interfere), modus operandi (মোডাস ওপেরন্ডি) পদ্ধতি

/কার্যপ্রণালী (manner), post morterm (পোস্ট মর্টেম) মৃত্যুর পর (after death), prima facie (প্রাইমা ফাশি) প্রাথমিক ধারণায়/বিবেচনায় (on the first view), sine die (সাইনে ডাই) অনির্দিষ্টকালের জন্য (indefinitely), ultra vires (আলট্রা ভাইরিজ) আইনসিদ্ধ ক্ষমতা বা অধিকার বহির্ভূত (beyond one's powers), via media (ভায়া মিডিয়া) মধ্যপন্থা (a middle course), visce versa (ভাইসি ভ্যারসা) উল্টে নিলে (the term being exchanged), vis-a-vis (ভিজ-আ-ভি) মুখোমুখি (opposite), viva-voce (ভাইভা ভোসি) মৌখিক (by oral testimonly)।

১২. Clause

Clause-এর বাংলা 'বাক্যাংশ' কিংবা 'শব্দগুচ্ছ'। এই শব্দগুচ্ছ থাকে একটা বড়ো sentence-এর মধ্যে। তাই বলা যায় একটা clause হলো একটা সম্পূর্ণ sentence-এর মধ্যে একটি অসম্পূর্ণ sentence। অসম্পূর্ণ কেন বলছি? Sentence-এর এই আংশিক sentence-এর মধ্যে subject থাকে, finite verb-ও থাকে। তবুও এই আংশিক sentenceটি পূর্ণ sentence-এর মতো পুরো অর্থ প্রকাশ করতে পারে না। এই আংশিক sentenceটাকে পুরো অর্থ প্রকাশের জন্য সংশ্লিষ্ট sentenceটার Principal Clause বা প্রধান বাক্যাংশের ওপর নির্ভর করতে হয়। অবশ্য Principal Clauseটা অন্য Clause-এর উপর নির্ভর না করেও পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে। একটা উদাহরণ।

I know the boy who came to me yesterday.

Principal clause subordinate clause

উপরের উদাহরণে দুটো cluase। কার কী পরিচয় সেটা দেখানো হয়েছে। এখানে 'who came to me yesterday'--- এই clauseটা নিজে পুরো অর্থ প্রকাশ করতে পারে না। 'who' থেকে clauseটা লিখলে হবে না। তাই 'who'-এর আগে Principal clauseটার 'the boy'কে লিখতে হয়েছে। তাহলে পরের subordinate clauseটা পূর্ণ অর্থের জন্য আগের Principal clauseটার ওপর নির্ভরশীল। তাইতো এর পরিচয় subordinate অর্থাৎ গৌণ বা অপ্রধান বাক্যাংশ।

এর মধ্যেই আমরা জেনে ফেলেছি যে, clause-এ একটা finite verb থাকতেই হয়। প্রশ্ন হবে, finite verbটি প্রকাশ্যভাবে না লিখেও clause লেখা চলে কি? উত্তর হবে অবশ্যই চলে। কোন্ ক্ষেত্রে? Finite verbটি উহ্য (silent) অবস্থায় থাকলে এমনটা হতে পারে। যথা, When in America, I visited many cities, towns, and villages. When in America — এই clauseটাতে finite verb 'was' উহ্য রয়েছে। When I was in America......মূল অংশটুকু এইরকম।

Clause-এর তিনটি ভাগ। Principal clause মুখ্য বা প্রধান বাক্যাংশ, Subordinate clause গৌণ বা অপ্রধান বাক্যাংশ এবং Co-ordinate clause সংযোগমূলক বাক্যাংশ।

Principal clause – He gave me a pen which was red in colour.

Subordinate clause - I know that the boy is honest.

Co-ordinate clause – The boy is honest and I know it.

Clause-এর তিনটি ভাগের পর আমাদের জানতে হবে উপ-ভাগের কথা। Principal clause এবং Co-ordinate clause-এর কোনো উপ-ভাগ নেই। কিন্তু Subordinate clause-এর তিনটি উপভাগ রয়েছে। এগুলো — Subordintae Noun Clause. Subordinate Adjective/Relative Clause এবং Subordinate Adverb Clause।

যে-Clause একটা sentence-এর মধ্যে noun-এর মতো কাজ করে তার পরিচয় Subordinate noun clause। যে clause একটা sentence-এ adjective-এর মতো কাজ করে তাকে Subordinate adjective বা Relative clause বলে। একটা sentence-এর adverb যা যা করে সে-সব যখন একটা clause করে দেয়, তখন তার পরিচয় Subordinate adverb clause হিসাবে।

মনে রাখার ঃ Subordinate clause-এর এসব বিষয় ভালোভাবে বুঝতে হলে Part of speechগুলোর কাজ ঠিকঠাক বুঝতে হবে। Parts of speech-এর noun, adjective এবং adverb-এর কাজ ঠিকভাবে বোঝা না হলে noun clause, adjective clause এবং adverb clauseগুলো চেনা যাবে না, এদের গঠন করাও যাবে না।

১৩. *Noun clause-এর গঠন ও কাজ,*
Sentence গড়তে, জানতে হবে এর ধাঁচ

একটা sentence-এ Noun-কে যেভাবে আমরা ব্যবহার করি সেভাবেই একটা Noun clauseকে ব্যবহার করতে হবে।

১৩.১ *Subject হিসাবে*

That the sun rises in the east is known to all.

That he is honest is known to everybody.

What I want is a good book.

Who sent me the letter is a mystery.

◆ চারটে sentence-এই 'is' verb-এর subject হিসাবে noun clauseগুলো ব্যবহৃত হয়েছে।

১৩.২ *Object হিসাবে*

I know what the boy wants.

Tell me where you are going.

The teacher said that the sun is round.

The boy said that he was innocent.

◆ চারটে sentence-এর প্রথমটির ক্ষেত্রে 'know' verb-এর, দ্বিতীয়টির ক্ষেত্রে 'tell' verb-এর, তৃতীয়টি এবং চতুর্থটির ক্ষেত্রে 'said' verb-এর object হিসাবে Noun clause গুলো ব্যবহৃত হয়েছে।

১৩.৩ *Preposition-এর object হিসাবে*

I was angry at what he said.

I cannot make up what he damaged.

There is no meaning in what he says.

His success depends on how he tries.

◆ at, up, in এবং on – এই prepositionগুলোর object হিসাবে noun clause-গুলো ব্যবহৃত হয়েছে।

Verb 'be'-এর complement (পরিপূরক) হিসাবে

This is what the boy said in the class.

Money is what money does.

Life is what we make it.

The question is how he will do the work.

◆Verb to be (এখানে 'is')-এর complement হিসাবে Noun clauseগুলো ব্যবহৃত হয়েছে।

১৩.৪ *Apposition হিসাবে*

See to it that he can pass the examination.

My belief that the boy is honest proved right.

Rabindranath who wrote Gitanjali is a great poet.

The sun which gives us light is a star.

◆ কোনও শব্দসমষ্টি (clause) যখন অন্য একটি noun বা pronounকে, বিশদ করার জন্য ব্যবহৃত হয় তখন সেটাকে 'apposition' বলে।

প্রথম sentence-এ pronoun 'it'টি কী বোঝাতে চায় সেটা বিশদ করেছে 'that he can pass the examination' — এই Noun clauseটা। তাই এটা 'it'-এর apposition। দ্বিতীয় sentence-এ 'belief' বলতে কী বিশ্বাস সেটা বিশদ করেছে 'that the boy is honest' এই noun clauseটা। তৃতীয় sentence-এ 'Rabindranath' কী লিখেছিলেন এটা বুঝিয়েছে 'who wrote Gitanjali' এবং চতুর্থ sentence-এ 'the sun' কী দেয়, এটা বোঝাতে apposition হিসাবে এসেছে 'which gives us light' এই Noun clause টা। প্রশ্ন হলো, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ sentence-এ তাহলে Principal clauseগুলো কি কি? এই তিনটি sentence principle clause শুরুতে এবং শেষে ভাগ হয়ে আছে। এই দুটো ভাগকে জুড়ে নিলেই principal clause পাওয়া যাবে। প্রথমটা, My belief proved right. দ্বিতীয়টা, Rabindranath is a great poet. তৃতীয়টা, The sun is a star.

১৪. *গঠন ও কাজ, জানতে সুনিশ্চিত,*

শেখো এবার adjective clause,

কিংবা clause relative

This is the boy who gave me the news.

এই সেই বালক যে আমাকে খবরটা দিয়েছিল।

I know the girl whom you also know.

আমি যে-বালিকাকে চিনি তুমিও তাকে চেনো।

I know the place where he lives.

সে কোথায় বাস করে সে স্থানটা আমি চিনি।

Adjective বা Relative clause অবশ্যই sentence-এ adjective-এর মতোই কাজ করে। অর্থাৎ Adjective clause হিসাবে noun বা pronoun-কে qualify করে। তাই। Sentence-এ noun বা pronoun-এর সঙ্গেই adjective clauseটির সম্বন্ধ। সব সময় এমনটা হবেই যে, Adjective clause-এর ঠিক আগে noun বা pronoun থাকবে। তা না থাকলে বুঝতে হবে যে, adjective clause-এর গঠন ভুল হয়েছে। উপরের তিনটি sentence-এ adjective clause-এর আগে noun রয়েছে যথাক্রমে 'boy', 'girl', এবং 'place'। এই তিনটির পরিচয় হলো antecedent (পূর্ববর্তী/পূর্বগামী)।

আরও মনে রাখতে হবে যে, adjective clause শুরু হবে (এক) who, whom, whose, which, that এসব relative pronoun দিয়ে এবং (দুই) wh-adverbs–when, where, why, how, as প্রভৃতি দিয়ে। নিচের উদাহরণগুলো ভালোভাবে বুঝে নাও।

১৪.১ *Relative pronoun দিয়ে*

I know the man <u>who</u> came late.

যে লোকটি দেরি করে এসেছিল আমি তাকে চিনি।

This is the writer <u>whom</u> I admire.

এই সেই লেখক আমি যার প্রশংসা করি।

This is the soldier <u>whose</u> courage saved many lives.

এই সেই সৈনিক যার সাহস অনেক জীবন বাঁচিয়েছিল।

The boy lost the book <u>which</u> he got from his father.

যে-বইখানা বালকটি তার বাবার কাছ থেকে পেয়েছিল সেটি সে হারিয়েছে। / বাবার কাছ থেকে পাওয়া বইখানা ছেলেটি হারিয়েছে।

We did not board the first bus <u>that</u> came at 6 a. m.

সকাল ৬টায় প্রথম যে-বাসটি এসেছিল সেটিতে আমি উঠিনি।

১৪.২ *Wh-relative adverb দিয়ে*

This is the time <u>when</u> he will come.

এটাই সময় যখন সে আসবে।/এই সময়টাতেই সে আসবে।

The son knows the place <u>where</u> his father lives.

তার বাবা কোথায় থাকেন সেটা ছেলেটি জানে।

Do you know the reason <u>why</u> you failed?

তুমি কি তোমার অকৃতকার্যতার কারণটা জানো?

Tell me the process <u>how</u> you made bread.

রুটি বানানোর পদ্ধতিটা আমাকে বলো।

মনে রাখার ঃ (এক) Adjective clauseটা কখনও কখনও relative pronoun 'but' দিয়ে শুরু হতে পারে। There is no writer but wishes to be famous. এমন কোনো লেখক নেই যিনি বিখ্যাত হতে চান না। (একটু বিশদে — There is no writer who does not wish to be famous.)

(দুই) প্রাণীবাচক হলে, 'who', অথবা 'that', এবং অপ্রাণীবাচক হলে 'that' বা 'which' বসবে।

(তিন) কখনও কখনও who, which, that প্রভৃতি relative pronoun অথবা relative adverb উহ্য থাকতে পারে। যথা ঃ —

I have bought the book–I selected yesterday*'that' উহ্য। গতকাল যে-বইটি পছন্দ করেছিলাম তা আমি কিনেছি। The reason * he has come is to know the secret. –'why' উহ্য। যে কারণে সে এখানে এসেছে তা হল গোপনীয়তা জেনে নেওয়া।

১৪.৩ *Adjective clause-এ Apposition-এর ব্যবহার*

The boy who came to me was in need of money.

যে বালকটি আমার কাছে এসেছিল তার টাকার দরকার।

The man who could not sleep last night is tired now.

যে লোকটি গতরাতে ঘুমোতে পারেনি সে এখন ক্লান্ত।

The thief who stole my watch has been caught.

যে চোরটি আমার ঘড়ি চুরি করেছিল সে ধরা পড়েছে।

The car which was bought last year is giving troubles.

গত বছর যে গাড়িটি কেনা হয়েছিল সেটি এখন অসুবিধা করছে।

A gentleman whom you paid a visit yesterday is my friend.

গতকাল যে ভদ্রলোকের সঙ্গে তুমি দেখা করেছো তিনি আমার বন্ধু।

১৪.৪ *Noun এবং Adjective Clause পাশাপাশি*

Noun এবং Adjective clause পাশাপাশি/পরপর দেওয়া হলো। এই দুটো clause-এর তুলনাটা ঠিকমতো বুঝতে হবে।

Noun clause	*Adjective clause*
I know <u>who did the work</u>.	I know the man <u>who did the work</u>.
Tell me <u>when you will go there</u>.	Tell me the time <u>when you will go there</u>.
He knows <u>where I live</u>.	He knows the place <u>where I live</u>.
Everybody knows <u>that the girl is honest.</u>	Everybody knows the fact <u>that the girl is honest.</u>
The worker told me <u>how he did it</u>.	The worker told me the way <u>how he did it</u>.

১৫. Adverb Clause

একটা sentence-এ adverb যে যে কাজ করে, adverb clauseও সেই ধরনের কাজ করে। Adverb কী করে? Verb, adjective এবং adverb-কে modify করে। এই ধরনের কাজগুলোই adverb clause করে থাকে। Adverb clause কোনো <u>ঘটনার</u> বা <u>কাজের</u> (ক্রিয়ার) সময়, স্থান, কারণ, ফল, তুলনা, পদ্ধতি, পার্থক্য, অবস্থা বা শর্ত ও উদ্দেশ্য নির্ধারণ করে।

১৫.১ *Time (সময়) কখন, কতক্ষণ (Adverb clause of time)*

কোনো ঘটনা বা কাজের সময় বোঝাতে এই ধরনের Adverb clause শুরু হবে when, while, after, before, till, until, since প্রভৃতি link-word দিয়ে।

Make hay while the sun shines.

ঝোপ বুঝে কোপ মারো।

Wait here till the teacher comes.

শিক্ষক না আসা পর্যন্ত এখানে অপেক্ষা করো।

My father came after night had fallen.

রাত হবার পরে আমার বাবা এলেন।

He was not well since he returned from journey.

ভ্রমণ থেকে ফেরা ইস্তক তার শরীর ভালো নেই।

He supported my view when he was here.

এখানে থাকার সময় সে আমার মতটা সমর্থন করত।

Do the sum before you leave for school.

স্কুলে যাবার আগে এই অঙ্কটা কর।

১৫.২ *Place (স্থান) কোথায় (Adverb clause of place)*

এই ধরনের adverb clause শুরু হবে where, wherever, whence প্রভৃতি link-word দিয়ে।

I visited the spot where the accident took place.

দুর্ঘটনা স্থলটা আমি পরিদর্শন করেছিলাম।

He is accepted by all wherever the goes.

সে যেখানে যায় সেখানে সবাই তাকে পছন্দ করে।

I returned the money whence it come.

টাকাটা যেখান থেকে এসেছিল সেখানেই ফিরিয়ে দিয়েছি।

১৫.৩ **Reason (কারণ) হেতু, যেহেতু (Adverb of reason)**

এই ধরনের adverb clause as, because, since, that, for প্রভৃতি link-word দিয়ে শুরু হয়।

As he was ill he could not sit for the examination.

অসুস্থ থাকার কারণে সে পরীক্ষা দিতে পারেনি।

He failed in the examination because he was idle.

অলস হবার কারণে সে পরীক্ষায় অকৃতকার্য হলো।

The student left the hostel that he might prepare well for the examination.

পরীক্ষার জন্য ভালোভাবে প্রস্তুতির কারণে ছাত্রটি হস্টেল ত্যাগ করল।

Since you are very idle, you will not be able to pass the examination.

যেহেতু তুমি অলস তাই তুমি পরীক্ষায় কৃতকার্য হতে পারবে না।

১৫.৪ *Purpose (উদ্দেশ্য) যেন, যাহাতে (Adverb of purpose)*

এ ধরনের adverb clauseগুলো that, so that, in order that, lest প্রভৃতি link-word দিয়ে শুরু হয়।

Move a bit closer that you may hear me better.

একটু কাছে এস যাতে আমার কথা ভালোভাবে শুনতে পাও।

Read attentively so that you can cut a good figure in the examination.

মনোযোগ সহকারে পড়ো যাতে পরীক্ষায় ভালো করতে পারো।

Be alert lest your money bag should be pick-pocketed.

সতর্ক থেকো, যাতে তোমার মানি ব্যাগটি পকেটমার না হয়।

Take care in walking lest you (should) fall in the ditch.

সতর্কভাবে হাঁটো যাতে গর্তে না পড়ে যাও।

১৫.৫ *Result (পরিমাণ) ফলে, যার জন্য (Adverb of result)*

এ ধরনের adverb clause so, so–that, such–that প্রভৃতি link-word দিয়ে শুরু হয়।

The man is so fat that he cannot walk properly.

লোকটি এত মোটা যে ঠিকভাবে হাঁটতে পারে না।

He is so weak that he cannot speak well.

সে এত দুর্বল যে ঠিকমতো কথা বলতে পারছে না।

The teacher talked in such a low voice that few students could hear him.

শিক্ষক এতে নিচু স্বরে কথা বলছিলেন যে, সামান্য সংখ্যক ছাত্ররাই তাঁর কথা শুনতে পেল।

১৫.৬ *Condition (শর্ত) যদি, যদি না (Adverb clause of condition)*

এ ধরনের adverb clauseগুলো if, unless, in case, provided, on condition, supposing that প্রভৃতি দিয়ে শুরু হয়।

You may help me if you like.

তুমি চাইলে আমাকে সাহায্য করতে পারো।

I shall attend the meeting if there is time.

যদি সময় পাই আমি সভায় যাবো।

If I had been in your position, I would reject the proposal.

তোমার অবস্থায় পড়লে আমি এই প্রস্তাব প্রত্যাখ্যান করতাম।

I will see you in case I have time.

সময় পেলে আমি অবশ্যই তোমার সঙ্গে দেখা করব।

I promise to pay provided you keep your word.

তুমি তোমার কথা রাখলে আমি টাকা দেবার প্রতিজ্ঞা করছি।

Unless you attend the class, you will be punished.

You will be punished unless you attend the class.

ক্লাসে না গেলে তুমি শাস্তি পাবে।

১৫.৭ *concession (অনুমান) যদিও, যে কেউ, যা কিছু (Adverb clause of Concession)*

এ ধরনের adverb clauseগুলো though, although, even, even it, whoever, whatever, whichever, however প্রভৃতি link-word দিয়ে শুরু হয়।

Though the man is poor, he is happy.

লোকটি গরীব হলেও সুখী।

Although I asked you to do the sum, you did not do it.

আমি তোমাকে অঙ্কটি করতে বলা সত্ত্বেও তুমি এটি করনি।

Even it rains, I will go to school.

যদি বৃষ্টি পড়ে তবুও আমি স্কুলে যাবো।

Whoever you may be, you must abide by the rules.

তুমি যেই হও না কেন, তোমাকে অবশ্যই নিয়ম মানতে হবে।

Whatever you may say, I do not believe you.

তুমি যাই বল না কেন, আমি তোমাকে বিশ্বাস করি না।

Whichever plan you make, you will not succeed.

তুমি যে পরিকল্পনাই কর না কেন, সফল হতে পারবে না।

However intelligent you may be, you will not be able to solve this problem.

তুমি যত বুদ্ধিমানই হও না কেন, এই সমস্যার সমাধান তুমি করতে পারবে না।

১৫.৮ *Comparison (তুলনা) যত-তত (Adverb of comparison)*

এ ধরনের adverb clauseগুলো than, as – as, so–as, such–as প্রভৃতি link-word দিয়ে শুরু হয়।

No one writes better than Mimi (does).

কেউ মিমির চেয়ে ভালো লেখে না।

The lady is older than she looks.

মহিলাটিকে যেমনটা দেখতে তার চেয়ে বেশি বয়স।

He is as stupid as his brother.

সে তার ভাইয়ের মতোই বোকা।

He is not so fool as you think.

তুমি যতটা ভাবো ততটা বোকা নয়।

You are not such a man as I believe.

তুমি এমন লোক নও যাকে আমি বিশ্বাস করতে পারি।

(Adverb clause of manner) হলে as, as if, as though, just as, much as

প্রভৃতি দিয়ে শুরু হয়।

Do as you like.
যা (যেমন) খুশি করো।
Say as you like.
যা (যেমন) খুশি বলো।
He left the meeting as if he was unhappy.
সে সভা ত্যাগ করল যেন সে অখুশি।

১৬. Co-ordinate Clause

একটা sentence-এ একাধিক co-ordinate clause থাকে। এইসব co-ordinate clause কেউ কারোর ওপর নির্ভরশীল নয়। সবক'টি clauseই সমপদস্থ বা সমান পদের। Co-ordinating conjunctionগুলো এইসব clauseকে যুক্ত করে দেয়। এই ধরনের co-ordinating conjunctionগুলো হলো — and, but, for, or, yet, till, until, unless, therefore, both and, not only – but also, either – or, neither – nor ইত্যাদি।

Write with your own pen and (write) in your own language.
নিজের কলমে এবং নিজের ভাষায় লেখো।
Mimi is very meritorious but (she is) very idle.
মিমি খুবই মেধাবী কিন্তু সে বড়ই অলস।
He was absent in the school for he was ill.
অসুস্থ থাকার কারণে সে স্কুলে অনুপস্থিত ছিল।
Come if you like or I will go to your place.
ইচ্ছে হলে তুমি এসো নতুবা আমিই তোমার ওখানে যাবো।
He has enough money yet he wants more.
তার যথেষ্ট টাকা আছে তবুও তার আরও চাই।
I shall wait here till he comes.
তার আসা পর্যন্ত আমি এখানে অপেক্ষা করব।
He will wait until you meet him.
তুমি তার সঙ্গে দেখা না করা পর্যন্ত সে অপেক্ষা করবে।
The ground was wet, therefore, it must have rained.
মাটি ভেজা ছিল, অতএব, অবশ্যই বৃষ্টি হয়েছিল।
Mahim is not only a wicked but a liar also.
মহিম শুধু দুষ্টু নয়, মিথ্যাবাদীও বটে।
You will find him either in the school or at home.
তুমি তাকে হয় স্কুলে অথবা বাড়িতে পাবে।
He is neither a poet nor (he is) a novelist.
তিনি কবিও নন কিংবা ঔপন্যাসিকও নন।

১৭. Non-Finite Clause

আধুনিক Grammarians (ব্যাকরণবিদগণ) বলছেন, clause-এ finite verb-এর বদলে non-finite verb ব্যবহার করলে সেটি non-finite clause হিসাবে পরিচিত হতে পারে। Non-finite clauseগুলোর কাজ কী? এগুলোর কাজ হলো adjective এবং adverb clauseকে shortened form-এ নিয়ে আসা অর্থাৎ সংক্ষিপ্ত করা।

I saw some boys who were running. (Adjective clause)
I saw some running boys.
As it was Sunday, the school was closed. (Adverb clause)
It (the day) being Sunday, the school was closed.
Adjective এবং Adverb clauseকে তিনটি উপায়ে সংক্ষিপ্ত করা যায়।
উপায় এক ঃ Verb-এর সঙ্গে 'ing' যোগ করে —
The boy boarded a bus which was running (Adj. cla.)
The boy boarded a running bus.
India is a country which is advancing. (Adj. cla.)
India is an advancing country.
When the boy saw the tiger, he felt unconscious. (Adv. cla.)
Having seen the tiger, the boy felt unconscious.
When the sun set we went home. (Adv. cla.)
The sun having set, we went home.
As the class ended, the students returned home. (Adv. cla.)
The class being ended, the students returned home.
উপায় দুই ঃ Verbএর Past Participle form বসিয়ে —
This is a cat which was once burnt. (Adj. cla.)
This is a burnt cat.
The tiger which is wounded is ferocious. (Adj. cla.)
The wounded tiger is ferocious.
The book which was lost has been found. (Adj. cla.)
The lost book has been found.
I helped the boy when he was isolated. (Adv. cla.)
I helped the isolated boy.
The king played the flute while the city burnt.
The king played the flute over the burnt city.
I supported the man when he was deserted. (Adv. cla.)
I supported the deserted man.
উপায় তিন ঃ 'Verb-to' clause-এর সাহায্যে —
He was the first who raised a protest. (Adj. cla.)

He was the first to raise a protest.
Mimi was the girl who first spoke against injustice. (Adj. cla.)
Mimi was the girl to speak against injustice first.
Mr. Roy is the speaker who will speak last. (Adj. cla.)
Mr. Roy is the speaker to speak last.
The girl went home so that she can sleep well. (Adv. cla.)
The girl went home to sleep well.
I helped him so that he can stand on his own foot. (Adv. cla.)
I helped him to stand on his own foot.
Read attentively in order that you pass well. (Adv. cla.)
Read attentively to pass well.

১৮. Verbless Clause

Verb ছাড়াও clause-এর ব্যবহার লক্ষ করছেন আধুনিক ব্যাকরণবিদগণ। এদের পরিচয় verbless clause।

If possible, work out all the sums of this chapter.
সম্ভব হলে এই চ্যাপ্টারের সব অঙ্কগুলোই করে ফেল।
এখানে If possible হলো If it is possible.
Even if true, it is unsupportable.
সত্য হলেও এটা অসমর্থনীয়।
এখানে Even if true = Even if it is true.
The Exam over, the students left the hall.
পরীক্ষা হয়ে গেলে ছাত্ররা হল ত্যাগ করল।
এখানে The Exam over = when the Exam was over.
The competition over, the competitors left the place.
প্রতিযোগিতা শেষ হলে প্রতিযোগীরা স্থান ত্যাগ করল।
এখানে The competition over = when the competition was over.

১৯. Joining of Sentences with Noun Clauses

1. He is a thief. It is known to all.
   That he is a thief is known to all.
2. He will come. Nobody knows when.
   Nobody knows when he will come.
3. Mahim is a talented actor. This fact cannot be denied.
   That Mahim is a talented actor cannot be denied.
4. Moumita is a good singer. Everyone knows it.
   Everyone knows that Moumita is a good singer.

5. the earth moves round the sun. It is a natural law.
   It is a natural law that the earth moves round the sun.
6. Nobody believes the man. It is a fact.
   The fact is that nobody believes the man.
7. He says something. There is no truth in it.
   There is no truth in what he says.
8. The boy has gone away. No one knows where.
   No one knows where the boy has gone.
9. Sahin did the sum very quickly. No one knows the way.
   No one knows how Sahin so quickly did the sum.
10. He said something. I cannot understand it.
    I cannot understand what he said.

২০. Joining of Sentences with Adjective Clauses

1. The letter is written in Urdu. I could not read it.
   I could not read the letter which is written in Urdu.
2. A boy cut the tree. This is he.
   This is the boy who cut the tree.
3. Mr. Roy is a gentleman. We all respect him.
   Mr Roy is a gentleman whom we all respect.
4. He has a daughter. This daughter has become very successful.
   He has a daughter who has become very successful.
5. He lives in a village. I do not know that village.
   He lives in a village which I do not know.
6. The boy is only eight years old. He can draw very well.
   The boy who is only eight years old can draw very well.
7. A man was run over by a car. He was a writer.
   The man who was run over by a car was a writer.
8. The book is a collection of short stories. It has 200 pages.
   The book that/which is a collection of short stories has 200 pages.
9. When will you be free? Can you tell me the time?
   Can you tell me the time when you will be free?
10. I left the watch here. Where is it ?
    Where is the watch that I left here?

২১. Joining of Sentences with Adverb Clauses

1. My friend received the news. He wrote to me without delay.
   As soon as my friend received the news he wrote to me.
2. The thief concealed the letter somewhere. Nobody would find it there.
   The thief concealed the letter where nobody would find it.
3. He berayed his friend. He did this to satisfy his own interest.
   He betrayed his friend that he could satisfy his own interest.
4. The students returned home. They did this because of the teacher's absence.
   As the teacher was absent, the students returned home.
5. You have some hesitation. You should tell it now.
   If you have any hesitation, tell it now.
6. A company of armed police was sent. They were sent to disperse the mob.
   A company of armed police was sent that the mob could be dispersed.
7. She speaks well. She writes even better.
   She writes better than she speaks.
8. Sumit Babu is a very sincere teacher. Very few teachers are sincere.
   Very few teachers are as sincere as Sumit Babu.
9. He insulted me. Even then I remain fond of him.
   Though he insulted me, I remain fond of him.
10. You may say anything. Nobody will believe you.
    Whatever you may say nobody will believe you.

২২. A Right Selection of Words
সঠিক শব্দ বাছাই

সঠিক জায়গায় সঠিক শব্দ
পাঠক পাবে সঠিক অর্থ

লেখক এবং পাঠক — উভয়ের কথা মাথায় রেখেই বলতে হয়, যে-কোন বাক্যে সঠিক শব্দ ব্যবহারের বিকল্প নেই। লেখকের অন্যতম দায় নিজেকে পরিষ্কারভাবে, যথাযথভাবে, এবং সহজে বোধগম্যভাবে তাঁর লেখার মধ্য দিয়ে নিজেকে তুলে ধরা। এটা

সফলভাবে করতে হলে লেখককে এমন শব্দ খুঁজে নিতে হবে যে-শব্দ তাঁর ভাবনা ও আবেগ পুরোপুরি ও যথাযথ প্রকাশ করে। যিনি কিছু লিখবেন তাঁর প্রথম ও প্রধান চিন্তা হবে পাঠকের ভালোলাগার বিষয়টা। স্কুল-কলেজের পড়ুয়ারা যে-সব ইংরেজি বাক্য লিখবে তাদেরও এইসব কথাগুলো মনে রাখতে হবে। অপ্রচলিত ও বেজায় কঠিন শব্দ ব্যবহারে কোনও বাহাদুরি নেই। সহজ-সরলভাবে যারা চিন্তা প্রকাশ করতে পারে না তারাই এ-ধরনের শব্দ ব্যবহারের দিকে ঝুঁকে পড়ে। এতে যোগ্যতাও নেই, পাণ্ডিত্যও নেই। বাক্যলেখার পরিচিত শব্দ বা শব্দগুচ্ছ ব্যবহারের কথাই বলা হবে এখানে।

লিখতে হবে	লেখা উচিত নয়
to show great zeal	to exhibit great enthusiasm
sent for a carriage	sent for a conveyance
shut the door	close the door
he was sent for	he was summoned
a brave soldier	a valiant soldier
I have nothing to say	I have nothing to remark
buy the book	purchase the boy
don't hide yourself	don't conceal yourself
finish this page	complete this page
our exam begins on 10th	our exam commences on 10th
he suffered a heavy loss	he sustained a heavy loss
the fire was put out	the conflagation was extinguished
we had lunch at noon	we had luncheon at noon
there was no room for me	there was no accommodation
you get a first class	you obtain a first class
the result will be given out	the result will be announced
a sad event	a sad happening
the trouble was made worse	the trouble was aggravated
I got/received a prize	I was the recipient of
the doctor was sent for/called in	the services of the physician were called into requisition
since he is senior	in view of the fact that
kindly grant me leave	leave in my favour
I want to know who left early	I want to be told the names of all those that left the place before the time was over
I like cool breeze	I like cold breeze
I never expected that he would fail	I never hoped that he would fail

You have no reason to suspect him	you have no reason to doubt him
You talk like a fool	you say like a fool
He turned his eyes in another direction	he turned his glance in another direction.
Try to look cheerful	try to look happy
Who started the trouble?	who began the trouble?
He came late and left early	he arrived late and departed early
They are often to blame	they are frequently to blame
I want your help	I want your assistance

বেশি কথা একদম নয়
কম লেখাটাই ভালো হয়

an actual fact	a fact
another one	another
at all times	always
both of them	both
can't be possible	can't be
depreciate in value	deprecient
due to the fact that	because
for a period of a month	for a month
in a most careful manner	careful
in a satisfactory manner	satisfactorily
in the event that	if
in view of the fact that	since
report to the effect that	report that
until such time as	until
we would ask that you	we ask you

অধ্যায় : সাত

৭. ইংরেজি বাক্য গঠন

English sentence (ইংরেজি বাক্য) গঠন করতে দরকার English word (ইংরেজি শব্দ)। Part II-তে English word তৈরির নানা কথা বলা হয়েছে। এটা করা হয়েছে প্রধানত আট ধরনের parts of speech-এর আলোচনা করে। Sentence-এ যে কোনও ধরনের word বসাতে হলে সেটা এই parts of speech জেনেই করতে হবে। Parts of speech জানা মানে ইংরেজি ভাষার যে কোনও word-এর চরিত্র বুঝে ফেলা। এটা যে যত ভালো বুঝতে পারবে, সে তত দক্ষ ও শুদ্ধভাবে sentence তৈরি করতে পারবে।

Sentence মানে হলো এক বা একাধিক word এমনভাবে বসানো যাতে কোনও ভাব পুরোপুরি প্রকাশিত হয়। একটিমাত্র word দিয়েও একটি sentence হয় ঠিকই। কিন্তু কোন্ ক্ষেত্রে সেটা হয়? কথ্য ইংরেজি (Spoken English)-এর ক্ষেত্রে এটা বেশি ব্যবহৃত হয়। বলা হয় এই one-word sentence-ই Spoken English-এর স্টাইল (style)। যেমন ঃ Mini : I'm going now. Rini : Where? Mini : Market. এখানে আর একটি কথা বলতে হবে। এটা জানা কথা যে, verb ছাড়া ইংরেজি sentence তৈরি করা যায় না। কিন্তু Spoken English-এর ক্ষেত্রে verb ছাড়াই sentence বলার চল আছে। উপরের sentenceগুলোতে Rini-র প্রশ্ন এবং Mini-র উত্তরে পরের দুটোতে কোনও verb নেই।

এখানে আমাদের বিষয় লেখ্য ইংরেজি বা Written English। তাই আমরা বলবো একটা sentence-এ একটা nominative (নমিনেটিভ) এবং একটা finite (ফাইনাইট) verb থাকবে। Nominative-এর বাংলা পরিচয় কর্তৃকারক, কর্তৃপদ, কর্তা। আমরা এটাকে এখন 'কর্তা' বলেই জানবো। আর finite verb হলো সমাপিকা ক্রিয়া। তাহলে, মোট কথা দাঁড়াল এই, একটি sentence-এ একটি subject এবং একটি verb থাকতে হবে। যথা ঃ Mimi came home. 'Mimi'—subject. 'came'—finite verb।

মনে রাখতে হবে কিছু word পাশাপাশি বসিয়ে দিলেই সেটা sentence হয় না। যে-word-গুলো বসানো হবে সেগুলো দিয়ে কোনও ভাব প্রকাশ পেলে তবেই তা sentence হবে। *Ramu good a boy is. এখানে প্রতিটি word-এর বানান ঠিক আছে। কিন্তু* word-গুলো ঠিকভাবে বসানো হয়নি। তাই কোনও অর্থ বা ভাব প্রকাশ করে না। সুতরাং, এটি sentence নয়। Sentence হতে হলে এই wordগুলোকে সাজাতে হবে এইভাবে—Ramu is a good boy. Wordগুলো এভাবে সাজানোর নিয়ম আছে। এই নিয়ম জানার জন্যই এই আলোচনা।

৭.১ *দুটো অংশ এক করো একটি Sentence তৈরি করো*

একটি sentence-এর দুটো অংশ থাকে। একটি subject (সাবজেক্ট) মানে উদ্দেশ্য। অন্যটি predicate (প্রেডিকেট) বা বিধেয়।

একটা sentence লিখতে গিয়ে আমরা কোনও ব্যক্তি, বস্তু বা প্রাণীকে উদ্দেশ্য করে কিছু বলি। যাকে উদ্দেশ্য করে কিছু বলি সেটিই subject। এটি একটি অংশ। এই অংশটিকে বা subject-কে উদ্দেশ্য করে আবার অন্য কিছু বলি। এই অংশটা তখন predicate। যেমন ঃ He reads a book. এখানে 'he' হলো subject এবং 'reads a book' এই অংশটি predicate. এই অংশের 'reads' হলো verb.

Predicate অংশের দুটো বিষয় থাকে। একটি verb এবং অন্যটি object (অবজেক্ট) বা কর্ম। তাহলে একটি sentence-এ থাকে subject (কর্তা), verb (ক্রিয়া) এবং object (কর্ম)।

এখানে বাংলা বাক্য গঠন এবং ইংরেজি বাক্য গঠনের বিষয় দুটো পাশাপাশি রেখে বুঝতে হবে। একটা উদাহরণে বিষয়টা বোঝা যাক।

বাংলায়—	আমি	কাজটি	করি।
	কর্তা	কর্ম	ক্রিয়া
ইংরেজিতে—	I	do	the work.
	subject	verb	object

বাংলা বাক্যে প্রথমে 'কর্তা', তারপর 'কর্ম' এবং শেষে 'ক্রিয়া'। ইংরেজি বাক্যে প্রথমে subject, তারপর verb এবং সবশেষে object। বাংলা থেকে ইংরেজি করার সময় মনে মনে একটা ব্যাপার ঠিক করে নিতে হবে। 'আমি কাজটি করি'—এটাকে মনে মনে ভেবে নিতে হবে 'আমি করি কাজটি'। এবার ইংরেজি করে I do the work লিখতে হবে। বাংলা থেকে ইংরেজি করার এই নিয়মটি মাথায় গেঁথে নাও।

৭.২ *কোন্ pronoun-এর পরে কী জানতে হবে verb 'to be'*

Sentence গঠন শুরু করতে হবে কোন্ pronoun-এর পর কোন্ auxiliary verb বসে সেটা দিয়ে। Part II-তে pronoun এবং auxiliary verbs-এর সাথে পরিচয় হয়েছে। 24টি auxiliary verb-এর মধ্যে 10টিকে এই sentence গঠনের জন্য কাজে লাগিয়ে দেখানো হলো এখানে।

৭.২.১ Verb'to be'—am, is, are, was, were

আমি হই বা আছি I am.

আমরা হই বা আছি We are.

তুমি হও বা আছ You are.

তোমরা হও বা আছ You are.

সে হয় বা আছে He is./She is.

তিনি হন বা আছেন He is./She is.

তাহারা হয় বা আছে They are.

বালকটি হয় বা আছে The boy is.

মিমি হয় বা আছে Mimi is.

মনে রাখার ঃ Subjectটি first person এবং singular number হলে 'am' বসবে। Subject-টি third person, singular number হলে 'is' বসবে। অন্য সব ক্ষেত্রে 'are' বসবে।

আমি ছিলাম I was.

আমরা ছিলাম We were.

তুমি ছিলে You were.

তোমরা ছিলে You were.

সে ছিল He was./She was.

তিনি ছিলেন He was./She was.

বালকটি ছিল The boy was.

মিমি ছিল Mimi was.

মনে রাখার ঃ Subjectটি first person ও singular number এবং third person ও singular number হলে 'was' বসবে। অন্য সব ক্ষেত্রে were বসবে।

৭.২.২ Verb 'to have'—have, has, had

আমার আছে I have.

আমাদের আছে We have.

তোমার আছে You have.

তোমাদের আছে You have.

তাহার আছে He has./She has.

তাহাদের আছে They have.

বালকটির আছে The boy has.

মিমির আছে Mimi has.

মনে রাখার ঃ Subjectটি third person ও singular number হলে 'has' এবং অন্য সব ক্ষেত্রে 'have' বসে।

আমার ছিল I had.

আমাদের ছিল We had.

তোমার ছিল You had.

তোমাদের ছিল You had.

তাহার ছিল He had./She had.

তাহাদের ছিল They had.

বালকটির ছিল The boy had.

মিমির ছিল Mimi had.

Verb 'to have'-এর past tense 'had' সকল ক্ষেত্রেই বসবে।

৭.২.৩ Auxiliary verb—shall এবং will

আমি যাইব / যাব I shall go.

আমরা যাইব / যাব We shall go.

তুমি যাইবে / যাবে You will go.

তোমরা যাইবে / যাবে You will go.

সে যাইবে / যাবে He will go./She will go.

তিনি যাইবেন / যাবেন He will go./She will go.

তাহারা যাইবে / যাবে They will go.

বালকটি যাইবে / যাবে The boy will go.

মিমি যাইবে / যাবে Mimi will go.

মনে রাখার ঃ First person (I, we)-এর পর 'shall' এবং second ও third person-এর পর 'will' বসে।

৭.২.৩ *বাংলায় যদিও নেই*
ইংরেজিতে থাকবেই

বাংলা বাক্যে হই, হও, হয় প্রভৃতি ক্রিয়াপদ উহ্য থাকতে পারে। কিন্তু English sentence-এ অনুবাদের সময় এগুলোর ইংরেজি লিখতেই হবে।

'আমি (হই) একজন বালক' এভাবে না লিখে বাংলায় লেখা হয় 'আমি একজন বালক', 'হই' এখানে উহ্য। কিন্তু এই বাক্যটির ইংরেজি অনুবাদ হবে I am a boy। বাংলা অনুযায়ী 'I a boy' লিখলে sentenceটির verb থাকে না, তাই এটি ভুল বাক্য। এরকম আরও শুদ্ধ বাক্য —

আমরা ছাত্র We <u>are</u> students.

তুমি একজন খেলোয়াড় You <u>are</u> a player.

তিনি একজন শিক্ষক He <u>is</u> a teacher.

বালকেরা খেলোয়াড় The boys <u>are</u> players.

৮. *ইংরেজি শিখতে নেই কো কোনও ভয়*
এবার শেখো
Negative *আর* ***Interrogative***
কেমন করে হয়—

যে-sentence-এ 'হ্যাঁ' বোঝায় সেটা affirmative (এফারমেটিভ) বা হ্যাঁ-বাচক। যেমন ঃ আমি একজন ছাত্র— I am a student. যে-sentence-এ 'না' বোঝায় সেটি negative (নেগেটিভ) বা না-বাচক। যেমন ঃ আমি ছাত্র নই—I am not a student. যে sentence-এ প্রশ্ন করা বোঝায় সেটি interrogative (ইনটারোগেটিভ) বা প্রশ্ন-বাচক। যথা ঃ আমি কি একজন ছাত্র? Am I a student ?

মনে রাখার ঃ Negative করার জন্য 'no' বা 'not' ব্যবহার করতে হবে। Interrogative করতে হলে auxiliary verbটি subject-এর আগে বসাতে হবে। এই ধরনের sentence-এর শেষে একটি প্রশ্নবোধক চিহ্ন (?) বসাতে হবে। নিচের তিন ধরনের sentence দেওয়া হল। এগুলো বুঝে নাও।

৮.১ Affirmative হ্যাঁ-বাচক	**Negative** না-বাচক	**Interrogative** প্রশ্ন-বাচক
আমি (হই) একজন ছাত্র।	আমি ছাত্র নই।	আমি কি একজন ছাত্র?
I am a student.	I am not a student.	Am I a student?
তিনি (হন) একজন শিক্ষক।	তিনি শিক্ষক নন।	তিনি কি একজন শিক্ষক?
He is a teacher.	He is not a teacher.	Is he a teacher ?
তুমি (হও) একজন বালক।	তুমি বালক নও।	তুমি কি একজন বালক?
You are a boy.	You are not a boy.	Are you a boy ?
আমি একজন ছাত্র ছিলাম।	আমি ছাত্র ছিলাম না।	আমি কি একজন ছাত্র ছিলাম?
I was a student.	I was not a student.	Was I a student ?
তুমি একজন খেলোয়াড় ছিলে।	তুমি খেলোয়াড় ছিলে না।	তুমি কি খেলোয়াড় ছিলে?
You were a player.	You were not a player.	Were you a player ?
আমার একটি কলম আছে।	আমার কোনও কলম নেই।	আমার কি একটি কলম আছে?
I have a pen.	I have no pen.	Have I a pen?
তাহার একটি গাড়ি আছে।	তাহার কোনও গাড়ি নেই।	তাহার কি একটি গাড়ি আছে?
He has a car.	He has no car.	Has he a car?
আমার একটি কুকুর ছিল।	আমার কোনও কুকুর ছিল না।	আমার কি একটি কুকুর ছিল?
I had a dog.	I had no dog.	Had I a dog ?
আমি একজন শিক্ষক হইব।	আমি শিক্ষক হইব না।	আমি কি শিক্ষক হইব?
I shall be a teacher.	I shall not be a teacher.	Shall I be a teacher?
তুমি একজন ডাক্তার হইবে।	তুমি ডাক্তার হইবে না।	তুমি কি ডাক্তার হইবে?
You will be a doctor.	You will not be a doctor.	Will you be a doctor?
আমি কাজটি করিতে পারি।	আমি কাজটি করিতে পারি না।	আমি কি কাজটি করিতে পারি?
I can do the work.	I cannot do the work.	Can I do the work?
সে কাজটি করিতে পারিত।	সে কাজটি করিতে পারিত না।	সে কি কাজটি করিতে পারিত?
He could do the work.	He could not do the work.	Could he do the work?
তুমি সেখানে যাইতে পার।	তুমি সেখানে যাইতে নাও পার।	তুমি কি সেখানে যাইতে পার?
You may go there.	You may not go there.	May you go there ?
তুমি সেখানে যাইতে পারিতে।	তুমি সেখানে যাইতে নাও পারিতে।	তুমি কি সেখানে যাইতে পারিতে?
You might go there.	You might not go there.	Might you go there?
তুমি অবশ্যই কাজটি করিবে।	তুমি অবশ্যই কাজটি করিবে না।	
You must do the work.	You must not (mustn't) do the work.	
তাহার স্কুলে যাওয়া উচিত।	তাহার স্কুলে যাওয়া উচিত নয়।	তাহার কি স্কুলে যাওয়া উচিত?

He should (ought to) go to school.	He should not (ought not to) go tq school.	Should he go to school ?
ছোটবেলা তিনি খেলে বেড়াতেন।	ছোটবেলা তিনি খেলে বেড়াতেন না।	তুমি কি আমাকে বইখানা ধার দেবে?
He would (used to) play about in his boyhood.	He would not play about in his boyhood.	Would you lend me the book?

◆ Auxiliary verb দিয়ে affirmative, negative এবং interrogative sentence গঠন করার নিয়ম শেখার পর এই ধরনের আর একটি পাঠ তৈরি করতে হবে। সেটি হলো do, does এবং did যোগ করে এই তিন ধরনের sentence তৈরি করতে শেখা।

◆ Finite verb (সমাপিকা ক্রিয়া) দিয়ে তৈরি sentence-এর negative এবং interrogative করতে এদের সাহায্য নিতে হবে। Finite verbটির form ঠিক করে দেবে do, does, did-এর কোন্ formটি বসবে। Finite verbটি present form হলে present tense-এ negative-এ do not হবে। Finite verbটি present tense এবং subjectটি third person, singular number হলে negative-এ does not হবে। Finite verbটি past form-এ থাকলে negative-এ did not হবে। Interrogative করতে হলে subject-এর আগে do, does এবং did বসাতে হবে। নিচের উদাহরণগুলো থেকে ধারণাটা পরিষ্কার করে নিতে হবে। Interrogative-এ did দিয়ে শুরু করলে finite verbটি অবশ্যই present form-এ লিখতে হবে।

৯. DO, DOES, DID-এর ব্যবহার

Affirmative হ্যাঁ-বাচক	**Negative** না-বাচক	**Interrogative** প্রশ্ন-বাচক
আমি ভাত খাই।	আমি ভাত খাই না।	আমি কি ভাত খাই?
I eat rice.	I do not eat rice.	Do I eat rice ?
সে স্কুলে যায়।	সে স্কুলে যায় না।	সে কি স্কুলে যায়?
He goes to school.	He does not go to school.	Does he go to school ?
আমি ভাত খেয়েছিলাম	আমি ভাত খাইনি।	আমি কি ভাত।
I ate rice.	I did not eat rice.	Did I eat rice ?
আমি কাজটি করি।	আমি কাজটি করি না।	আমি কি কাজটি করি?
I do the work.	*I do not do the work.*	*Do I do the work ?*
সে কাজটি করে।	সে কাজটি করে না।	সে কি কাজটি করে?
He does the work.	He does not do the work.	Does he do the work ?
তুমি কাজটি করেছিলে।	তুমি কাজটি করোনি।	তুমি কি কাজটি করেছিলে?
You did the work.	You did not do the work.	Did you do the work ?

মনে রাখার ঃ একই sentence-এ দুটো 'do' ; 'does' এবং 'do' ; 'did' এবং 'do'

কেন, এটাই এখানে বোঝার বিষয়। প্রশ্ন করার জন্য do, does, did ব্যবহার করা হয়েছে। ওই একই sentence-এ 'করা' অর্থে do, does, did বসাতে হয়েছে। একটি এসেছে প্রশ্ন করার জন্য। অন্যটি এসেছে verb হিসেবে।

৯.১ 'Not' আগে না পরে?

আমি কি স্কুলে যাই না? Do I not go to school ?

মিমি কি বাজারে যায় না? Does not Mimi go to market ?

মহিম কি সিনেমা যায় নাই? Did not Mahim go to cinema ?

সে কি বাজারে যায় না? Does he not go to market ?

সে কি সিনেমা যায় নাই? Did he not go to cinema ?

মনে রাখার ঃ উপরের sentenceগুলো আবার পড়ো। লক্ষ করো, pronoun 'I' এবং 'he'-এর পরে 'not' বসেছে। অথচ Mimi এবং Mahim-এর আগে 'not' বসানো হয়েছে। এমন ব্যবহার দেখে মনে রাখতে হবে যে, pronoun-এর পরে এবং noun-এর আগে 'not' বসাতে হয়।

৯.২ 'Not' নিয়ে সমস্যা নেই

আমি কি স্কুলে যাই না? Don't I go to school ?

মিমি কি বাজারে যায় না? Doesn't Mimi go to market ?

সে কি সিনেমা যায় না? Doesn't he go to cinema ?

মহিম কি কাজটি করে নাই? Didn't Mahim do the work ?

মনে রাখার ঃ Do not-এর short form হলো, don't, does not-এর doesn't এবং did not-এর didn't। এই short formগুলো দিয়ে interrogative করতে হলে একটা বিষয় বুঝে নিতে হবে। সেটি হল short form-এর ক্ষেত্রে 'not' নিয়ে কোনও সমস্যা নেই। Subjectটি noun বা pronoun যাই হোক, সবার আগেই 'not' বসবে।

৯.৩ 'No' অথবা 'not' ছাড়াই Negative sentence

এখানে কেউ আসেনি—Nobody came here.

এখানে কেউ আসবে না—Nobody will come here.

ক্লাসে কেউ উপস্থিত ছিল না—None was present in the class.

ক্লাসে কেউ উপস্থিত হবে না—None will be present in the class.

এ ব্যাপারে আমি কিছুই জানি না—I know nothing about this matter.

মহিম কখনও তোমার সাথে ঝগড়া করবে না—Mahim will never quarrel with you.

সে পাশ করতে পারল না--He failed to pass.

আমি তোমার অনুরোধ রাখতে পারছি না—I am unable to comply with your request.

আমার বোন আমার কথা খুব একটা শোনে না—My sister hardly listens to my advice.

আমি প্রায়ই সকালে বের হই না—I seldom go out in the morning.

আমরা খুব কমই দুজনে কথা বলি—We seldom talk to each other.

সে এত দুর্বল যে হাঁটতে পারে না—He is too weak to walk.

মনে রাখার ঃ উপরের sentence-গুলোতে নিচে দাগ দেওয়া word-গুলোর পরিচয় negative ('না' বোঝানো) অর্থবাচক word। এই ধরনের word বসালে সেই sentence-এ আর 'no' বা 'not' বসাতে হয় না।

৯.৪ Double negative-এর জন্য একটি negative

বাতাস ছাড়া মানুষ বাঁচতে পারে না—Man cannot live without air.

আমি প্রতিবাদ না করে থাকতে পারলাম না—I could not but protest.

মিমি কথাটা না বলে থাকতে পারল না—Mimi could not help speaking the word.

তোমার সাহায্য ছাড়া আমার চলবে না—I cannot do without your help.

ধনী হতে চায় না এমন লোক নেই—There is none but wishes to be rich.

মনে রাখার ঃ বাংলার double negative ইংরেজিতে একটি negative দিয়ে অনুবাদ করা যায়।

১০. Wh-word দিয়ে Wh-Sentence গঠন

'Wh'-দিয়ে শুরু যে-সব word তাদের পরিচয় Wh-words বা Question words। এগুলো হল, whoকে, why কেন, how কিরূপে, কিভাবে; what কি, whom কাহাকে, when কখন, which কোনটি, where কোথায়, whose কাহাকে। এখানে 'how' এই wordটি ব্যতিক্রম। এটি কিন্তু 'wh' দিয়ে শুরু হয়নি। তবুও এটিকে question word বলেই ধরা হয়। এই wordগুলো যখন question তৈরির কাজে লাগানো হয় তখন এদের পরিচয় Interrogative pronouns।

১০.১ Who-Sentence

তুমি কে? Who are you?

সে কে? Who is he ?

তোমার ভাই কে? Who is your brother ?

গ্লাসটি কে ভাঙল? Who broke the glass ?

বিপদে তোমাকে কে সাহায্য করবে? Who will help you in danger ?

১০.২ Why-Sentence

তুমি এখানে এসেছ কেন? Why have you come here ?

সে এখানে কেন এসেছে? Why has he come here ?

মিমি সেখানে কেন গিয়েছিল? Why did Mimi go there ?

সে স্কুলে যাচ্ছে না কেন? Why is he not going to school ?

বালকেরা গোলমাল করছে কেন? Why are the boys making a noise ?

১০.৩ How-Sentence

তোমার বয়স কত? How old are you ?
সে এখানে কীভাবে এল? How did he come here ?
মিমি সেখানে কীভাবে যাবে? How will Mimi go there ?
তুমি একা যাবে কী করে? How will you go alone ?
তুমি একা কী করে বেড়াতে পার? How can you travel alone ?

১০.৪ What-Sentence

তোমার বাবা কী করেন? (তাঁর পেশা কি?) What is your father ?
ছেলেটি কী চায়? What does the boy want ?
এখন সময় কত? What is the time now ?
আজ কত তারিখ? What date is today ?
সে কোন্ ভাষা জানে? What language does she know ?

১০.৫ Whom-Sentence

তুমি কাকে চাও? Whom do you want ?
সে কাকে পছন্দ করে? Whom does he like ?
তুমি গতকাল কাকে দেখেছ? Whom did you see yesterday ?
তুমি কাকে চেন? Whom do you know ?
তুমি কাকে দেখেছিলে? Whom did you see ?

১০.৬ When-Sentence

মিতা কখন আসবে? When will Mita come ?
তুমি কখন যাবে? When will you go ?
সে কখন তার কলমটি কিনেছিল? When did he buy his pen ?
ডাক্তার কখন এখানে আসেন? When does the doctor come here ?
কখন আবার আমাদের দেখা হবে? When shall we meet again ?

১০.৭ Where-Sentence

তুমি কোথায় যাচ্ছ? Where are you going?
ছেলেগুলো কোথায় পড়ে? Where do the boys read ?
তুমি কোথায় গিয়েছিলে? Where did you go ?
তোমার বাবা কোথায় গিয়েছেন? Where has your father gone ?
তোমার ভাই কোথায়? Where is your brother ?

১০.৮ Which-Sentence

তোমার বই কোন্‌টি? Which is your book?
তাহার কলম কোন্‌টি? Which is his pen ?
কোন্ কলমটি তার? Which pen is his?
কোন্ ছেলেটি তোমার ভাই? Which boy is your brother?

কোন্ বালকটি শ্লেট ভেঙেছিল? Which boy broke the slate ?

১০.৯ Whose-Sentence

এই বাড়িটি কার? Whose house is this ?

এরা কাদের ছেলে-মেয়ে? Whose children are they ?

এই মহিলা কার মা? Whose mother is this lady ?

এটি কার পেন্সিল? Whose pencil is this ?

এখানা কার বই? Whose book is this ?

১১. Interrogative Sentence-এর শেষে Prepositions

তুমি কোন্ ক্লাসে পড়? What class do you read in ?

তুমি কাকে খুঁজছো? Whom are you looking for?

দীঘা কীজন্য বিখ্যাত? What is Digha famous for?

সে কিসের গর্ব করে? What does he boast of ?

তুমি কার জন্য অপেক্ষা কর? Whom do you wait for?

তুমি কোথা থেকে আসছ? Where are you coming from ?

তুমি কোন্ স্কুলে ভর্তি হতে চাও? Which school do you seek admission in?

মনে রাখার ঃ What, Whom, Which, Where প্রভৃতির সঙ্গে preposition দরকার হলে সেটা একেবারে শেষে বসাতে হবে।

১১.১ How much, how many, how far, how long দিয়ে Interrogative Sentences

How much-এর অর্থ 'কতটুকু পরিমাণ'।

শিশুটির ওজন কত? How much does the child weigh ?

ছেলেটি লম্বা কতটা বেশি? How much taller is the boy?

এই মেরামতির খরচ কত? How much does this repairing cost ?

তোমার ভাই কত ছোটো (তোমার চেয়ে)? How much younger is your brother ?

ইলিশ মাছ এখন কত দামে বিক্রি হচ্ছে? How much does Hilsa fish sell now?

How many দিয়ে 'কত' বা 'কতজন' বোঝায়।

ওখানে কতজন ছাত্র আছে? How many students are there?

তোমাদের স্কুলে কতজন শিক্ষক আছেন?

How many teachers are there in your school ?

কতজন ছাত্র বনভোজনে অংশ নিচ্ছে?

How many students are taking part in the picnic?

বইমেলা থেকে মিমি কত বই কিনেছে?

How many books did Mimi buy from the bookfair?

কতগুলো ডিম তোমার লাগবে? How many eggs do you want ?

'How far' দিয়ে 'কতদূর' বা 'কতদূর পর্যন্ত' বোঝায়।

স্টেশন এখান থেকে কতদূর? How far is the station from here?

তোমার বাড়ি থেকে দমদম এয়ারপোর্ট কতদূর?

How far is the Dum Dum Airport from your house ?

গতকাল মেয়েটি কতদূর পর্যন্ত গিয়েছিল?

How far did the girl go yesterday ?

বৃদ্ধ লোকটি প্রাতঃভ্রমণে কতদূর পর্যন্ত যান?

How far does the old man go in the morning walk ?

এক লাফে তুমি কতদূর পর্যন্ত যেতে পার?

How far can you go in a single jump ?

'How long' দিয়ে 'কতক্ষণ' বা 'কত সময় পর্যন্ত' বোঝায়।

ছেলেটি এখানে কতদিন পর্যন্ত থাকবে?

How long will the boy stay here ?

গতরাতে মেয়েটি কতক্ষণ পড়েছিল?

How long did the girl read last night ?

ক্রিকেট ম্যাচটি কতক্ষণ চলেছিল?

How long did the cricket match last?

তুমি সকালে কতক্ষণ বেড়াও?

How long do you walk in the morning?

অঙ্কগুলো শেষ করতে তুমি আর কত সময় নেবে?

How long will you take to work out the sums ?

১২. Question-tag দিয়ে Interrogative Sentence

প্রশ্ন করে যাচাই করা
তেমনি প্রশ্নের লেজুড় ধরা

ইংরেজি ভাষায় একটা বিবৃতি দিয়ে বা কোনও কিছু ঘোষণা করে সাথে সাথে ওই বাক্যেরই অংশ হিসেবে একটা ছোট্ট প্রশ্ন রাখা হয়। এই ছোট্ট প্রশ্নটি করার উদ্দেশ্য হলো, বাক্যে ঘটনাটা ঠিক কিনা তা যাচাই করা। যথা: It's raining, isn't it?

মনে রাখা দরকার question-tag সাধারণত কথোপকথনে ব্যবহৃত হয়।

এই question-tag গঠনের দুটো নিয়মও মনে রাখতে হবে। নিয়ম এক, ঘোষণা (statement)-টা যদি affirmative হয়, তাহলে question-tag হবে negative। নিয়ম দুই, statementটা যদি negative হয়, তাহলে question-tag হবে affirmative। দুটো নিয়মের দুটো করে উদাহরণ।

The man is doing the work, isn't he?

The man is not doing the work, is he ?

The boy is playing football, isn't he ?

The boy is not playing football, is he ?

মনে রাখার ঃ Statement-এ যে-ধরনের auxiliary verb এবং subject থাকে, question-tag-এ সেই অনুযায়ী auxiliary verb এবং subject বসাতে হবে। আরও কতিপয় উদাহরণ দেওয়া হল।

তুমি একজন খেলোয়াড়, তাই নও কি?

You are a player, aren't you?

তুমি খেলোয়াড় নও, তাই তো?

You are not a player, are you ?

সে তোমাকে চেনে, তাই নয় কি?

He knows you, doesn't he?

সে তোমাকে চেনে না, তাই তো?

He does not know you, does he ?

তুমি আমাদের ছেড়ে যাচ্ছ না, যাচ্ছ কি?

You aren't going to leave us, are you ?

সে বেশিক্ষণ এখানে ছিল না, ছিল কি?

He didn't wait long here, did he ?

১৩. **Declarative-type** ঘোষণাত্মক

ঘোষণাত্মক প্রশ্নসূচক বাক্য (declarative-type sentence)গুলো affirmative-এর মতোই, তফাৎ শুধু এটাই যে, এই ধরনের বাক্যের শেষে প্রশ্নসূচক স্বরের স্পষ্ট আভাস পাওয়া যায়। এ ধরনের বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসাতে হয়।

খাবার কিছু আছে (না)?

There is something to eat?

তুমি উত্তরটা সম্পূর্ণ করনি, তাই না?

You didn't complete the answer ?

আমি তোমাকে রহস্যটা বলে দিয়েছি না?

I have told you the secret ?

ও আমার সাহায্য চায় (না)?

He wants my help ?

এখন তুমি তোমার ভুল বুঝতে পারছো, তাই না?

You realize your mistake now?

তোমার কাছে টিকিট আছে তো?

You have got the tickets ?

Alternative-type Sentence বিকল্প ধারায় বাক্য

এই ধরনের প্রশ্নবোধক বাক্যে প্রশ্নকর্তা দুটি অথবা তার অধিক বিকল্প, উত্তরদাতার সামনে রাখে, যার মধ্যে একটিকে বেছে নিতে হয়।

আপনি চা খেতে পছন্দ করবেন না কফি?
Would you like tea or coffee?
তুমি কোন্ শার্টটা পছন্দ করলে সবুজ, লাল, হলুদ অথবা নীল?
Which shirt do you choose, green, red, yellow or blue ?
আমরা বাসে যাব, না ট্যাক্সি অথবা ট্রেনে?
Shall we go by bus, taxi or train ?
বালকেরা আসছে কি না?
Are the boys coming or not ?
ম্যাচে কে জিতল, ভারত না পাকিস্তান?
Did India or Pakistan win the match ?

১৪. Three kinds of Sentences
গঠনগত বাক্যের ভাগ তিন

এদের কাছেই গঠনগত ঋণ
সব ধরনের ইংরেজি বাক্যের

ইংরেজি বাক্য গঠন অবশ্যই নিয়ম মেনে চলে। ইংরেজি শেখা মানে তো ইংরেজি বাক্য শুদ্ধভাবে গঠন করতে শেখা। গঠনের দিক থেকে sentence-এর তিনটে ধরন। গঠনের এই ধরনগুলো ঠিকভাবে ধরতে হবে, বুঝতে হবে পড়ুয়াকে। এই তিন ধরনের sentence হলো— simple sentence (সরলবাক্য), complex sentence (জটিল বাক্য) এবং compound sentence (যৌগিক বাক্য)।

১৪.১ Simple Sentence

এই ধরনের sentence-এ একটিমাত্র subject (কর্তা) এবং একটি মাত্র finite verb (সমাপিকা ক্রিয়া) থাকবে। এই finite verb-র পরিচয় কী? যে-verbটি sentence-এর কোনও কাজ সম্পূর্ণ করা বুঝিয়ে দেবে এবং sentence-এর অর্থ সমাপ্ত করে দেবে সেটাই finite verb। বাংলা মানেটা তাই সমাপিকা ক্রিয়া। একটা উদাহরণ, I do my lessons daily। 'do' এখানে finite verb। এটা মনে রাখতে হবে যে, sentence-এর কোনও অংশ কোনও কোনও সময় উহ্য থাকতে পারে। সেক্ষেত্রে সেটাকে sentence বলা হবে। যেমন ঃ come here। এখানে 'you'-এই subjectটি উহ্য রয়েছে। এই প্রসঙ্গে আর একটা কথাও মনে রাখতে হবে। কখনও কখনও simple sentence-এর finite verb-এর সঙ্গে non-finite verb (অসমাপিকা ক্রিয়া) থাকতে পারে। যথা ঃ He took the pen to write a letter. এখানে 'took' হলো finite verb এবং 'to write' টা non-finite verb।

১৪.২ Complex Sentence

এই ধরনের sentence গঠন করতে clause (বাক্যাংশ) সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। আগের অধ্যায়ে আমরা clause এবং phase নিয়ে বিশদে আলোচনা করেছি। এই মুহূর্তে আর-একবার ওই অধ্যায়টা পড়ে নিতে হবে। যে sentence-এ একটি principal clause (প্রধান বাক্যাংশ) এবং এক বা একাধিক subordinate clause অপ্রধান বা

নির্ভরশীল বাক্যাংশ থাকে সেটাই complex sentence।

I know	that the boy is clever
principal clause	*subordinate clause*
This is the pen	which my father gave me.
prin. cl.	*sub. cl.*
I know the time	when he will come.
prin. cl.	*sub. cl.*

১৪.৩ *Compound Sentence*

এই ধরনের sentence-এ দুটো বা তার বেশি clause থাকে। প্রতিটি clauseই স্বাধীন অর্থাৎ একটি clause অন্য clause-এর উপর নির্ভরশীল নয়। এই clause গুলোকে co-ordinating conjunction দ্বারা (and, but, or, as well as, either – or, neither– nor প্রভৃতি) যুক্ত থাকে। এই clause গুলোকে আমরা co-ordinating clause-ও বলতে পারি।

Mimi is a good girl	and	she helps her mother.
co-ordinating clause	*cordinating conjunction*	*co-ordinating clause*

He is a rich man but he never cheats other. You may sit in the class or you may leave now.

মনের রাখার ঃ দুটোর বেশি independent clause দিয়েও compound sentence গঠন করা যায়। এমন sentenceকে বর্তমানে multiple sentence বলা হয়। যথা ঃ — The student entered the classroom, took his seat on the back bench and began to talk. কিংবা My father got the sad news and he was ready to go but my mother did not allow him to leave.

১৫. Five Kinds of Sentences

অর্থগত বাক্যের ভাগ, পাঁচ
বিশদে বুঝতে হবে এসবের ধাঁচ

অর্থ (meaning) অনুযায়ী sentence গঠন করা যায়। অর্থের দিকটা ভেবে ইংরেজি ভাষায় বাক্যগুলোকে পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। এগুলো—Assertive (Declarative) sentence, Interrogative sentence, Imperative sentence, Optative sentence এবং Exclamatory sentence। বাংলায় এই বাক্যগুলোকে বোঝা যায় এভাবে—ঘোষণা/বিবৃতিমূলক, প্রশ্নবোধক, আদেশ-অনুরোধমূলক, ইচ্ছা-প্রার্থনাসূচক, আবেগসূচক বাক্য।

১৫.১ Assertive Sentence

যে-sentence দ্বারা সাধারণ উক্তি বা বিবৃতি বা কিছু ঘোষণা করা হয়, সেটাই Assertive sentence। Assertive sentence-এর এই ঘোষণার দুটো রূপ হতে পারে।

এক, Affirmative হ্যাঁ-বোধক এবং Negative না-বোধক। He is a good boy (affirmative). He is not a bad boy (negative)। Affirmative এবং Negative sentence নিয়ে আগেই বিশদে আলোচনা করা হয়েছে।

১৫.২ Interrogative Sentence

প্রশ্ন করার জন্য যে-sentence গঠন করতে হয় সেটাই Interrogative sentence। Interrogative sentence-কেও affirmative এবং negative করে লেখা যায়। Interrogative sentence-এর নানা ধরন নিয়ে আগের আলোচনাটা পড়ে নাও।

আমি কি একজন ছাত্র—Am I a student ?

আমি কি একজন ছাত্র নই? Am I not a student ?

সে কি কাজটি করে? Does he do the work ?

সে কি কাজটি করে না? Does he not do the work ?

তুমি সেখানে যাচ্ছ কেন? Why are you going there ?

তুমি সেখানে যাচ্ছ না কেন? Why are you not going there ?

১৫.৩ Imperative Sentence

যে-sentence-এ আদেশ (order), অনুরোধ (request), উপদেশ (advice), নির্দেশ (direction), নিষেধ (forbid), প্রস্তাব (suggestion) এসবের যে কোনও একটা বোঝায় তাকে Imperative sentence বলে।

আদেশ : Open the door. Stand up on the bench.

উপদেশ : Do your homework regularly. Obey your parents.

অনুরোধ : Please give me your pen. Lend me your umbrella, please.

নির্দেশ : Go and attend your class. Go home immediately and have some rest.

নিষেধ : Don't run in the sun. Don't make a noise in the class.

প্রস্তাব : Let us go out for a walk. Let us attend our class now.

Request দিয়ে এমন Imperative sentence আছে যেগুলো সবিনয় প্রশ্নের (polite question) চেহারা নিতে পারে। যথা : May I come in, Sir ? Will you please lend me some money? Could you tell me the way to the post office ? Would you mind waiting for ten minutes ?

Request দিয়ে Imperative sentence-এর আর এক ধরনের রূপ হতে পারে। 'If you would'—এটাকে বলা হয় common request form। এটা Spoken English-এই ব্যবহৃত হয়। এটা যাকে বলা হয়, ধরেই নেওয়া হয়, তিনি কথাটা রাখবেন। উদাহরণ—If you would, wait for five minutes only. If you would, take your seat. If you would, give me a patient hearing.

প্রেরণা দেবার আদেশ (persuasive command) বোঝালে Imperative sentence হয়। এই sentence-এ আদেশকারী ব্যক্তি দ্বিতীয় ব্যক্তিকে তাঁর আদেশ পালন করার

জন্য প্রেরণা দেয়, প্রভাবিত করে। মূল verb-এর সাথে 'do' লাগিয়ে এই ধরনের sentence গঠন করা যায়।

আরও একটু চা খান—Do have some more tea.

অবশ্যই এসো কিন্তু—Do come please.

এটা সময় মতো করে দিও—Do this in time.

Imperative sentence-এও question-tag হতে পারে। কতিপয় question-tag আছে যেগুলো নানা উদ্দেশ্যে Imperative sentence-এর সাথে ব্যবহার করা যায়। সেগুলো—Will you? Won't you? Can you ? Can't you ? Could you ? Would you ? প্রভৃতি।

কিছু উদাহরণ ঃ

Post this packet for me, can you ?/could you ?/would you?

Come in, will you?/won't you?

Take note, will you?/won't you?

১৫.৪ Optative Sentence

ইচ্ছা (wish) বা প্রার্থনা (prayer) বোঝায় যে-sentence-এ সেই sentence-ই হলো Optative sentence।

তুমি জীবনে সুখী হও—May you be happy in life.

শিশুটি দীর্ঘজীবী হোক—May the child live long.

আমাদের মাতৃভূমির শ্রীবৃদ্ধি ঘটুক—May our motherland prosper.

তুমি যেন জীবনে উন্নতি করতে পার—May you prosper in life.

লোকটি সুখে-স্বচ্ছন্দে থাকুক—May the man live in peace and comfort.

১৫.৫ Exclamatory Sentence

যে-সব sentence হর্ষ, বিষাদ, ভয়, বিস্ময় প্রভৃতি আবেগ বোঝায় সেসব sentence-ই Exclamatory।

আনন্দ (joy) Hurrah! We have won the game !

দুঃখ (sorrow) Alas! my father is no more!

বিস্ময় (surprise) How nice the bird is!

মনে রাখার ঃ Hurrah এবং alas আগে বসিয়ে sentence করার সময় এই interjection দুটোর পর note of exclamation (বিস্ময়সূচক চিহ্ন) বসাতে হবে। What, how দিয়ে exclamatory sentence গঠনের সময় verbটি sentence-এর শেষে বসবে।

কী মজার ছিল! How delightful it was!

কী প্রচণ্ড ভিড়! What an enormous crowd!

কী লম্বা লাইন! What a long queue!

কী সাংঘাতিক পতন! What a terrible fall!

কী নিদারুণ অবক্ষয়! What a great degradation!
পাখিটি কী সুন্দর! What a nice bird it is!
তুমি কী বোকা ! How foolish you are.

১৬. *Tense-এর ধারণায় Sentence গঠন*

Verb জানলে, ভুল থেকে মেলে পরিত্রাণ
Verb-ই ইংরেজির অর্থগত প্রাণ

Number এবং gender-এর word-গুলো জানা প্রয়োজন। কিন্তু জরুরী প্রয়োজন verb-এর সাথে নিবিড় ও গভীর পরিচয়। ইংরেজি বাক্যের প্রাণ tense। আর সেই tense-এর প্রাণের প্রধান উপাদান হল verb। বলা চলে; tense তো দাঁড়িয়ে থাকে verb-এর উপর। Verb-এর নানা ব্যবহারই হলো tense। ইংরেজরা বলেন, Tense centres round the verb। বলাই যায় যে, অতীত, বর্তমান ও ভবিষ্যৎ—সময়ের এই তিনটি ধারণাকে ধরা হয় verb দিয়ে।

Sentence-এর মধ্যে verb বসাতে গিয়ে পড়ুয়া বিচিত্র সব ভুল করে। দু-চারটে নমুনা এরকম। He told me to went home. 'to'-এর পর verb-এর past form বসানো হয়েছে। We must obeyed our parents. Must-এর পরে 'obey'-টার past form বসানো হলো। Did he went there ? এখানে 'did' এই past form থাকা সত্ত্বেও 'go' না লিখে 'went' লেখা হলো। এ রকম might, ought, would, should, could—এসবগুলোর পরেও কোনও কোনও পড়ুয়া verb-টির past form বসায়। এ ছাড়া continuous tense-এর sentence লেখে—I am go to school অথবা I going to school. কিংবা লেখে Present perfect tense-এর sentence-এ—He has eat rice. He eaten rice. Process Writing-এ sentenceগুলো লিখতে গিয়ে Present Indefinite Tense-এর voice change করে sentence লেখার সময় সেই verb-এর ভুল করে। যেমন, পড়ুয়া লিখল—Mangoes are buy from the market. লেখা উচিত ছিল, Mangoes are bought from the market। যেভাবেই হোক, পড়ুয়াকে verb বসানোটা বুঝতেই হবে। এটা বোঝার জন্য নিচের আলোচনা পড়ুয়াকে অনুধাবন করতে হবে। Verb-এর চার রকমের চেহারা পড়ুয়াকে মনে রাখতে হবে। এক, base form (মূল form)। দুই, 's' form। তিন, 'ing'-form। চার, 'ed'-form (past and past participle form)। একটি উদাহরণে বিষয়টি বুঝে নেওয়া যাক—base form (love); s-form (loves) ; ing-form (loving) এবং ed-form (loved). নানা ধরনের Sentence গঠনের সময় প্রধানত verb-এর তিনটি form ঠিকঠাক ব্যবহার করতে হয়। এগুলো—verb-এর present form, verb-এর past form এবং verb-এর past participle form। এই form-গুলো এবং এর সাথে 's'-form এবং 'ing'-form যোগ করে tense-এর নিয়মে sentence গঠন করা হয়। 'Do' এবং 'go'—এই দুটো verb-এর পাঁচটি করে form হতে পারে। যথা ঃ do, does, did, done, doing। Go, goes, went, going, gone।

নিত্যদিন নানা sentence-এ যেসব verb, tense-এর নিয়মে বসাতে হয় তার মোটামুটি একটা তালিকা সংগ্রহ করে নিতে হবে। এই verb-গুলোর বানান এবং বাংলা অর্থসহ আয়ত্ত করে ফেলতে হবে।

একটি sentence লিখতে তার subject লাগে। সব sentence-এ না হলেও, প্রায় সব sentence-এ subject লাগে। আর verb ছাড়া, দু-চারটি ব্যতিক্রম বাদ দিলে, sentence-ই লেখা যায় না। এখানে verb-কে মনে রেখে tense-এর গঠনটা মাথায় রাখার জন্য একটা ছক দেওয়া হল। এটি গেঁথে ফেলতে হবে পড়ুয়ার মনে একখানা ভালো-লাগা ছবির মতো।

Present Indefinite	V_1	প্রয়োজনে 's'/'es'
Present Continuous	am/is/are	V_{ing}
Present Perfect	have/has	V_3
Present Perfect Continuous	have been/has been	V_{ing} + time
Past Indefinite	V_2	
Past Continuous	was/were	V_{ing}
Past Perfect	had	V_3
Past Perfect Continuous	had been	V_{ing} + time
Future Indefinite	shall/will	V_1
Future Continuous	shall be/will be	V_{ing}
Future Perfect	shall have/will have	V_3
Future Perfect Continuous	shall have been/ will have been	V_{ing} + time

[V = verb ; V_1 = verb-এর present form ; V_2 = verb-এর past form ; V_3 = verb-এর past participle form ; V_{ing} = verb-এর সাথে 'ing' যোগ]

মনে রাখতে হবে : সময় (time)-এর উল্লেখ থাকতে পারে present perfect, past perfect ও future perfect।

এই formula-chart দেখে পড়ুয়াকে কিছু অত্যন্ত দরকারি বিষয় মনে রাখতেই হবে। এক, Present Indefinite Tense-এর sentence-এর subjectটি third person singular number হলে verb-এর সাথে 's' বা 'es' যোগ করতে হবে। Present Indefinite Tense ছাড়া অন্য কোনও tense-এ subjectটি third person singular number হলেও verb-এর সাথে 's' বা 'es' বসবে না। He goes হবে, কিন্তু he wents নয়, he will goes নয়। দুই, সব continuous tense-এর verb-এর সাথে 'ing' যোগ করতেই হবে। তিন, সব perfect tense-এ মূল verb-টির past participle form হবে। চার, সব perfect continuous tense-এ 'been' আসবেই। পাঁচ, shall/will-এর পর verb-টি হবে present form। ছয়, future continuous tense-এই কেবল 'be' বসে।

১৬.১ *ওরা তিন ভাই : be, being আর been*
এদের না চিনলে লেখার উন্নতি হবে ক্ষীণ

'be' verb-টির present tense-এ তিনটি রূপ—am, is, are। Past tense-এ এর রূপ দুটো was, were। আর Past participle-এ এই পাঁচটি form-এর (am, is, are, was, were) জন্য হবে শুধু been।

Present	*Past*	*Past Participle*
am	was	been
is	was	been
are	were	been

এই 'been'-এর পরিচয় অনেক পড়ুয়ার কাছে পরিষ্কার নয়। তাই sentence-এ এর ব্যবহারে যত গোলমাল বাঁধে। সবচেয়ে বেশি ভুল হয় sentence-এর fill in the blanks করার সময়। রীতিমতো ধন্দে পড়ে পাঁচটি form এবং been-এর কোন্‌টা ওই blank-এ বসাতে হবে, এই নিয়ে। যার tense-এর ধারণা স্পষ্ট সে sentenceটা পড়েই বুঝে নিয়ে সেই মতো verbটা বসায়। বিষয়টার জন্য একটা উদাহরণ।

Fill in the blanks with proper form of the verb given in the bracket (Bracket-এ দেওয়া verbটির যথাযথ form বসিয়ে শূন্যস্থান পূরণ কর) :

At first a kettle—(fill) with water. Then it—(put) on the oven. Water—(be) thus—(boil). Next tea-leaves—(put) into the tea-pot and the boiled water—(pour) into it. After that milk and sugar—(add) to the liquor.

Answer : At first a kettle <u>is filled</u> with water. Then it <u>is put</u> on the oven. Water <u>is</u> thus <u>boiled</u>. Next tea-leaves <u>are put</u> into the tea-pot and the boiled water <u>is poured</u> into it. After that milk and sugar <u>are added</u> to the liquor.

'been' verbটির ব্যাপক ব্যবহার voice change-এর ক্ষেত্রে। তিনটি perfect tense-এর (present perfect, past perfect এবং future perfect) passive voice করার সময় 'been'-এর সাহায্য নিতে হয়। উদাহরণ দেখো—He has written a letter.—A letter has been written by him. He had written a letter —A letter had been written by him. He will have written a letter.—A letter will have been written by him.

এবার তাহলে 'being'। দু'ধরনের sentence-এর ক্ষেত্রে 'being'-এর ব্যবহার খুব ভালোভাবে বোঝা দরকার। এক, continuous tenseগুলোর voice change করার জন্য 'being'-এর সাহায্য নিতেই হবে। যেমন, He is doing the work. The work is being done by him. He was doing the work. The work was being done by him. He will be doing the work. The work will be being done by him. (লক্ষ্য করো, 'be' এবং 'being' পাশাপাশি বসেছে।)

Present participle হিসেবে 'being'-এর ব্যবহার রয়েছে। যথা : Being tired,

the man took rest for some time. একাধিক sentence-কে join করার ক্ষেত্রে present participle হিসেবে এই 'being'-এর ব্যবহার গুরুত্বপূর্ণ। উদাহরণে—He was tired of playing. He sat down to take rest. Join করে—Being tired of playing, he sat down to rest.

Nominative absolute হিসেবেও 'being' ব্যবহার করা যায়। যথা ঃ

The fire went out. There was nothing to burn. Join করে—

There being nothing to burn, the fire went out.

এই প্রসঙ্গে 'have' verb নিয়ে দু-একটা কথা বলা দরকার। Have-এর সাথে 'ing' যোগ করে 'having' পাওয়া গেল। এই 'having'-টাও nominative absolute। Join করার ক্ষেত্রে এই 'having' ব্যবহার করা হয়। যথা ঃ The Sun rose. The fog went away. Join করে—The sun having risen, the fog went away.

'ing' নেব না, continuous হব না

Verb-এর present form-এর সাথেই কেবল 'ing' যোগ করা যায়। Verb-এর সাথে 'ing' যুক্ত করে continuous tense গঠন করতে হয়। কিন্তু ইংরেজিতে এমন কিছু verb আছে যারা ওদের লেজুড় হিসেবে 'ing'-কে নিজ দেহে জুড়তেই চায় না। এসব verb-গুলোর কথা ঃ 'ing' নিয়ে আমরা verb-এর continuous form হতে পারব না। আমাদের tense-এ ব্যবহার করতে হলে Indefinite tense- এই ব্যবহার করতে হবে।

সে-সব verb-গুলো—see, hear, taste, smell, notice, recognize (ধারণা করার verb) ; appear, look, seem, resemble (মনে হবার verb) ; want, wish, desire, feel, like, love, hate, hope, refuse, prefer, like, dislike (আবেগের verb) ; think, suppose, believe, agree, consider, trust, remember, forget, know, understand, imagine, mean, mind, doubt, guess, realise (চিন্তার verb) ; own, possess, belong to, contain, consist of, deserve, include, involve। এসব verb-এর সাথে 'ing' যোগ করে continuous form করা যায় না। গুটিকতক উদাহরণ—I see a bird. (I am seeing নয়)। I hope to do well. (I am hoping নয়)। I understand what you say. (I am understanding নয়)।

১৭. Tense-এর ধারণায় Sentence গঠন
বার বার বোঝা আর বার বার পঠন

Tense-এর ধারণা দিয়ে sentence গঠন করার সব কথা জানা গেল। এবার বাংলা বাক্যের উদাহরণে এই ধরনের বাক্য গঠন ভালোভাবে বুঝে নিতে হবে। Present Indefinite Tense দিয়ে sentence গঠনের সময় মনে রাখতে হবে যে, এই tense-এর চারটে বৈশিষ্ট্য। এক, কোনও কাজ যা সাধারণভাবে ঘটে ; দুই, কোনও অভ্যাসগত কাজ ; তিন, চিরন্তন সত্য বোঝানোর কাজ। চার, কোনও ঐতিহাসিক ঘটনা।

১৭.১ সাধারণভাবে ঘটা কাজ

আমি রোজ স্কুলে যাই। I go to school everyday.

রাম একখানা বই পড়ে। Ram reads a book.

আমার মা একখানা চিঠি লেখেন। My mother writes a letter.

১৭.২ *অভ্যাসগত কাজ (Habitual Action)*

রামু প্রতিদিন ভোরে ওঠে। Ramu gets up every morning.

আমার মা খবরের কাগজ পড়েন। My mother reads the newspaper.

আমি রোজ বিকালে খেলতে যাই। I go to play every afternoon.

১৭.৩ *চিরন্তন সত্য (Universal Truth)*

পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে। The earth moves round the sun.

সূর্য পূর্বদিকে ওঠে ও পশ্চিমদিকে অস্ত যায়। The sun rises in the east and sets in the west.

মেঘ থেকে বৃষ্টি হয়। Rain comes from the cloud.

১৭.৪ *ঐতিহাসিক ঘটনা (Historical Fact)*

আলেকজাণ্ডার ভারত আক্রমণ করেন। Alexander attacks (invades) India.

বাবর দিল্লির মসনদ দখল করেন। Babur occupies the throne of Delhi.

১৮. *Present Continuous Tense*

আমার বাবা একখানা বই পড়ছেন (পড়িতেছেন)। My father is reading a book.

বালকেরা মাঠে খেলা করছে (করিতেছে)। Boys are playing in the field.

তিনি একটি কবিতা লিখছেন (লিখিতেছেন)। He is writing a poem.

বালিকাটি মেঝের ওপর নাচছে (নাচিতেছে)।

The girl is dancing on the floor.

আমার মা একখানা চিঠি লিখছেন (লিখিতেছেন)।

My mother is writing a letter.

১৯. *Present Perfect Tense*

আমি ভাত খেয়েছি (খাইয়াছি)। I have eaten rice.

সে পরীক্ষায় পাশ করেছে (করিয়াছে)। He has passed the examination.

রামু আমাকে একখানা চিঠি লিখেছে (লিখিয়াছে)। Ramu has written me a letter.

তিনি উপন্যাসখানা পড়েছেন (পড়িয়াছেন)। He has read the novel.

আমরা খেলায় জিতেছি (জিতিয়াছি)। We have won the match.

২০. *Present Perfect Continuous Tense*

আমি তিন বছর ধরে এই স্কুলে পড়ছি (পড়িতেছি)।

I have been reading in this school <u>for</u> three years.

আমি ২০০০ সাল থেকে এই স্কুলে পড়ছি (পড়িতেছি)।

I have been reading in this school <u>since</u> 2000.

রামু সাতদিন ধরে জ্বরে ভুগছে (ভুগিতেছে)।

Ramu has been suffering from fever <u>for</u> seven days.

রামু গত সোমবার থেকে জ্বরে ভুগছে (ভুগিতেছে)।

Ramu has been suffering from fever <u>since</u> Monday last.

আজ ভোর থেকে মুষলধারে বৃষ্টি হচ্ছে (হইতেছে)।

It has been raining cats and dogs <u>since</u> this morning.

মনে রাখার ঃ ব্যাপক সময় (period of time) বোঝালে 'for' এবং নির্দিষ্ট সময় (point of time) বোঝালে 'since' বসাতে হবে sentence-এ।

২১. ***Past Indefinite Tense***

আমরা গতকাল স্কুলে গিয়েছিলাম। We went to school yesterday.

আমরা নদীতে সাঁতার কেটেছিলাম। We swam in the river.

লিপিকা গতকাল গান গেয়েছিল। Lipika sang yesterday.

আমি অন্যায়ের বিরুদ্ধে লড়াই করেছিলাম। I fought against injustice.

ছেলেগুলো গতকাল ঝগড়া করেছিল। The boys quarrelled yesterday.

মনে রাখার ঃ এটা জানা যে, বাংলা ক্রিয়ার শেষে 'ল' থাকলে Past Indefinite Tense হয়। কিন্তু ইয়াছি, ইয়াছ, ইয়াছে এসব থাকলেও Past Indefinite Tense-এর নিয়মে এসব বাক্য গঠিত হয়। কখন? ইয়াছি, ইয়াছ, ইয়াছেন রয়েছে এবং একটা অতীতের সময়ের উল্লেখ আছে, এই ক্ষেত্রে এমনটা হবে। নিচে উদাহরণ—

আমি গত সোমবার তার সাথে দেখা করেছি। I met him last Monday.

তুমি দু-মাস আগে এই কাজটি করেছ।

You did this work two months ago.

রবীন্দ্রনাথ ঠাকুর ১৯৪১ সালে মারা গিয়েছেন।

Rabindranath Tagore died in 1941.

আরও মনে রাখতে হবে ঃ অতীতে কাজ করার অভ্যাসের দুটো বিষয় থাকতে পারে। অতীতের নিয়মিত অভ্যাস এবং অতীতের অনিয়মিত অভ্যাস। নিয়মিত অভ্যাস বোঝালে মূল verb-এর আগে 'used to' বসাতে হবে। অনিয়মিত অভ্যাস বোঝাতে মূল verb-এর আগে 'would' বসবে।

আমার মা প্রতিদিন খবরের কাগজ পড়তেন। (নিয়মিত অভ্যাস)

My mother used to read newspaper every morning.

বালকেরা প্রতিদিন বিকেলে খেলত। (নিয়মিত অভ্যাস)

The boys used to play every afternoon.

রামবাবু আমাকে ইংরেজি পড়াতেন।

Ram Babu would teach me English.

আমি দুপুরে বাজারে যেতাম।

I would go to market at noon.

২২. ***Past Continuous Tense***

বালিকাটি গান করছিল। The girl was singing.

তুমি এম. এ. পড়ছিলে। You were reading in M.A.

সব বালকেরাই ফুটবল খেলছিল। All the boys were playing football.

চালকটি গাড়ি চালাচ্ছিল। The driver was driving the car.

ছাত্ররা ক্লাসে গোলমাল করছিল। The students were making a noise in the class.

২৩. ***Past Perfect Tense***

ডাক্তার আসার আগেই রোগীটি মারা গেল।

The patient had died before the doctor came.

ডাক্তার আসার পর রোগীটি মারা গেল।

The patient died after the doctor had come.

আমি স্কুলে ঢোকার আগে ঘণ্টা বেজেছিল।

The bell had rung before I entered the school.

আমি স্কুলে ঢোকার পর ঘণ্টা বেজেছিল।

The bell rang after I had entered the school.

ঘন্টা বাজার পর আমি স্কুলে ঢুকেছিলাম।

I entered the school after the bell had rung.

শ্রেণি শিক্ষক আসার আগেই ছাত্র-ছাত্রীরা চলে গেল।

The students had gone away before the class-teacher came.

ছাত্র-ছাত্রীরা চলে যাবার পর শ্রেণি শিক্ষক স্কুলে এলেন।

The class-teacher came to school after the students had gone away.

মনে রাখার ঃ Past Perfect Tenseটি 'before'-এর আগে এবং 'after'-এর পরে বসবে। এই tense-র বাক্য গঠনের সময় এটা মনে রাখতে হবে।

২৩. ***Past Perfect Continuous Tense***

আমি দু'বছর যাবৎ এই স্কুলে পড়ছিলাম (পড়িতেছিলাম)।

I had been reading in this school for two years.

তিনি দীর্ঘ তিন বছর ধরে এই শহরে বাস করছিলেন (করিতেছিলেন)।

He had been living in this town for long three years.

তিনি ২০০০ সাল থেকে এই শহরে বাস করছিলেন।

He had been living in this town since 2000.

বালকেরা দু'ঘণ্টা ধরে ফুটবল খেলছিল।

The boys had been playing football for two hours.

বিকেল চারটে থেকে বালকেরা ফুটবল খেলছিল।

The boys had been playing football since 4 o'clock in the afternoon (or 4 p.m.).

[ফিরে দেখা ঃ Present Perfect Continuous Tense-এ বলা 'for' এবং 'since' বসানোর নিয়মটা পড়ে নাও।]

২৬. *Future Indefinite Tense*

আমি তোমাকে একখানা বই দেবো। I shall give you a book.

আমি তোমাকে একখানা বই দেবোই। I will give you a book.

আমি স্কুলে যাবো। I shall go to school

আমি স্কুলে যাবোই। I will go to school.

সে কাজটি করবে। He will do the work.

সে কাজটি করবেই। He shall do the work.

তুমি স্কুলে যাবে। You will go to school.

তুমি স্কুলে যাবেই। You shall go to school.

তুমি কাল স্কুলে যাবে (আদেশ)। You shall go to school tomorrow.

তারা শাস্তি পাবে (ভয় দেখানো)। They shall be punished.

তুমি সত্যটা টের পাবে (ভয় দেখানো)। You shall learn the truth.

[Note : এই tense-এ সাধারণত first person-এ (I, We) shall এবং second ও third person-এ (you, he, she, it, they এবং সব ব্যক্তির নাম) will বসে। কিন্তু বক্তার প্রতিজ্ঞা বা দৃঢ় সংকল্প, আদেশ, ভয় দেখানো প্রভৃতি বোঝালে এর বিপরীত ব্যাপার মনে রেখে shall এবং will-এর ব্যবহার করতে হয়।]

মনে রাখার ঃ বাংলা বাক্যের চেহারা দেখে মনে হবে বাক্যটি Future Indefinite Tense-এর নিয়মে গঠন করা যায়। কিন্তু যেহেতু ওই বাক্যটি একটি 'মনের ইচ্ছা' প্রকাশ করছে তাই ওটি Present Continuous Tense-এর গঠনের নিয়মে গঠন করতে হবে।

রামবাবু একটি নতুন বাড়ি তৈরি করবেন।

Ram Babu is going to build a new house.

পৌরসভা এই গ্রামে একটি শিশু উদ্যান তৈরি করবে।

The Municipality is going to set up a children's park in this village.

২৭. *Future Continuous Tense*

চাঁদ আকাশে কিরণ দিতে থাকবে।

The moon will be shining in the sky.

আমরা তোমার জন্য অপেক্ষা করতে থাকব।

We shall be waiting for you.

আমি তখন একখানা বই পড়তে থাকব।

I shall be reading a book then.

২৮. ***Future Perfect Tense***

আমি বইখানা পড়ে থাকব। **I shall have read the book.**

আমি আমেরিকা যাবার আগে বি. এ. পাশ করব। **I shall have passed the B.A. before I shall go (অথবা I go) to America.**

আমি চলে যাবার আগে তোমার বইখানা দিয়ে যাবো।

I shall have given your book before I shall go (অথবা I go) away.

এই গ্রাম ছেড়ে যাবার আগে আমি তোমার সাথে দেখা করব।

I shall have met you before I shall leave (অথবা I leave) this village.

মনে রাখার ঃ ভবিষ্যৎ সময়ে দুটো কাজ বোঝাতে পারে এই tense-এ। যে- কাজটি আগে হবে সেটি Future Perfect Tense এবং পরের কাজটি Future Indefinite অথবা Present Indefinite হবে।

২৯. ***Future Perfect Continuous Tense***

মিমি তিন বছর ধরে এই স্কুলে পড়তে থাকবে।

Mimi will have been reading in this school for three years.

মহিমবাবু আগামী মার্চ মাস থেকে এই স্কুলে শিক্ষকতা করতে থাকবেন।

Mahım Babu will have been teaching in this school from the next March.

বালিকাটি সাত দিন ধরে উপন্যাসখানা পড়তে থাকবে।

The girl will have been reading the novel for seven days.

Subject-Verb-এর বনিবনা (Agreement)

Subject-এর সাথে Verb-এর চুক্তি
এভাবেই বুঝতে হয় বাক্য গঠনের যুক্তি

ইংরেজি sentence-এর গঠনের সময় sentence-এর সাথে verb-এর গরমিল sentence-এর অর্থকে বিপর্যস্ত করে। এক্ষেত্রে verb-এর কাজই হলো subject-কে অনুসরণ করা। এই অনুসরণের অর্থ কী? এর অর্থ হলো subject-এর number (বচন) এবং person (পুরুষ) যেমন হবে, verb-এর number এবং personও তেমন হবে। এখানে একবার মনে করিয়ে দেওয়া হচ্ছে যে, number-এর দুটো ভাগ—singular number এবং plural number। এবং person-এর ভাগ তিনটি। এগুলো—first person, second person আর third person। Subject-Verb Agreement অথবা Agreement of the Verb with the Subject অর্থাৎ Subject-Verb চুক্তিগুলি এইরূপ ঃ

Agreement 1 : Subjectটি singular হলে verbটিও singular হবে।

যথা ঃ <u>Mini</u> <u>is</u> a good student.

Agreement 2 : Subjectটি plural হলে verbও হবে plural.
যথা ঃ Mini and Rima are good girls.

Agreement 3 : Each অথবা every দিয়ে শুরু হয়ে এবং 'and' দ্বারা দুটো subject যুক্ত হলে verbটি sigular হবে।
Each boy and each girl was present there.
Every man and every woman was glad to see it.

Agreement 4 : দুটো Singular noun যদি একজন ব্যক্তি বা একটি মাত্র বস্তুকে বোঝায় তাহলে verbটি হবে singular।
The Headmaster and Secretary of the school is going.
The Headmaster and the Secretary are present in the school.
দ্বিতীয় sentence-এ দুটো noun-এর আগে দুটো 'the' বসার জন্য দু'জন ব্যক্তির কথা বুঝিয়েছে। verbটি তাই plural।

Agreement 5 : দুটো Subject মিলে একটা idea (ধারণা) প্রকাশ করলে verbটি হবে singular.
Bread and butter is his only food for the night.

Agreement 6 : দুটো বা ততোধিক Singular subject যদি or, nor, either—or, neither—nor যুক্ত থাকে তাহলে verb-টির singular number হয়।
Either Mini or Rini has done the work. Neither food nor water was found there.

Agreement 7 : or, nor, either—or, neither—nor দিয়ে বিভিন্ন number-এর subject যুক্ত হলে plural subjectটি শেষে আসবে এবং verbটি হবে plural number।
Either the boy or his friends have done it.

Agreement 8 : যে collective noun-এ একটা একক বোঝায় সে noun-এর পর verbটি singular number-এ হয়।
The class has been dissolved.
Parliament has elected the speaker.
['Class' অনেক ছাত্র/ছাত্রীর একক। 'Parliament' অনেক M.P. অর্থাৎ পার্লামেন্টের সদস্যদের একক।]

Agreement 9 . দুটো subject যদি with, together with, as well as, no less than, in addition to, and not প্রভৃতির দ্বারা যুক্ত থাকে তাহলে এই subject দুটোর মধ্যে প্রথম subject অনুযায়ী verbটি হবে।
The boy with his friends has come here.
Mini as well as her sisters likes hot tea.

Mini, with all her friends has attended the meeting.

Agreement 10 : যে-সব nounগুলো form-এর দিক থেকে অর্থাৎ চেহারায় plural কিন্তু অর্থে singular সে-সব noun-এর verbটি হবে singular।

The news is good and correct.

Physics is my favourite subject.

The wages of sin is death. (পাপের বেতন মৃত্যু।)

৩০. *Introductory 'There'*

বাক্যে তার অর্থ নেই, তবু বাক্যে থাকতে হবে
দখলদারি 'there' টাকে চিনে নাও সবে

ইংরেজি বাক্য গঠনে 'there'-এর ব্যবহারটা একটা বেশ মজার ব্যাপার। 'There'-এর বাংলা প্রতিশব্দ 'তথায়' বা 'সেখানে'। কিন্তু 'there' দিয়ে এমন বাক্য গঠন করা যায় যেখানে 'there' শব্দটির কোনও অর্থই থাকে না। এটি সরাসরি বাক্যের subject-ও নয়। এর অবস্থানের জন্য এর পরিচয় হলো Introductory 'there'। অর্থাৎ সূচনাকারী 'there' যা বাক্যের সূচনা করে মাত্র। এই 'there' হলো 'স্থানজ্ঞাপক'। স্থানের কথা বলে শুধু।

আমাদের গ্রামে একটি ডাকঘর আছে।

There is a post-office in our village.

এই বনে অনেক হরিণ আছে।

There are many deer in the forest.

মাঠে একটি হরিণ আছে।

There is a deer in the field.

('deer'-এর singular এবং plural একই থাকে।)

এই গ্রন্থাগারে অনেক বই আছে। There are many books in this library.

পুকুরের পাড়ে একটি নারকেল গাছ ছিল।

There was a coconut tree on the bank of the pond.

ক্লাসে কোনও ছাত্র নেই। There is no student in the class.

টেবিলের উপর অনেক বই আছে। There are many books on the table.

মাঠে খুব ভিড় ছিল। There was a large crowd in the field.

আমাদের স্কুলে নয় শত ছাত্র আছে। There are nine hundred students in our school.

দরজায় একটা জোরে আঘাত হয়েছিল। There was a loud knock on the door.

'There' দিয়ে বাক্যটার শুরু বা সূচনা করার আগে একটি verb বসিয়ে প্রশ্নবোধক বাক্য তৈরি করা যায়।

ঘরে কি কেউ আছে? Is there anyone in the room?

কলমে কি কালি নেই? Is there no ink in the pen ?

তোমাদের বাগানে কি অনেক নারকেল গাছ আছে? Are there many coconut trees in your garden ?

ক্লাসে কি অনেক ছাত্র আছে?

Are there many students in the class ?

হাওড়া থেকে কলকাতা পর্যন্ত কি কোনও বাস ছিল?

Was there any bus from Howrah to Kolkata ?

কক্ষে কি একটি বালক ছিল?

Was there a boy in the room ?

সভায় কি অনেক বালিকা ছিল? Were there many girls in the meeting?

৩১. *Introductory 'It'*

'It' মানে 'ইহা' নয়, 'It' সময়জ্ঞাপক,
'It'-এর ব্যবহার তাই এক্ষেত্রেও ব্যাপক।

'It' দিয়েও বাক্য শুরু করা যায়। এক্ষেত্রে 'it'-এর কোনও অর্থ নেই। এই 'it'-কে বলা হয় Impersonal 'it' অর্থাৎ নৈর্ব্যক্তিক 'it'। কেউ কেউ একে Introductory Itও বলেন। এই It হলো সময়জ্ঞাপক। সময়ের ধারণা দেয় শুধু।

It is very cold today. আজ বড় ঠাণ্ডা।

It is summer now. এখন গ্রীষ্মকাল।

It is half-past ten now. এখন বেলা সাড়ে দশটা।

It has just struck ten. এইমাত্র দশটা বাজল।

It is fifteen minutes past ten. এখন দশটা বেজে পনের মিনিট হয়েছে।

It is fifteen minutes to ten এখন দশটা বাজতে পনের মিনিট বাকি।

It is raining now. এখন বৃষ্টি হচ্ছে।

It is raining cats and dogs. এখন মুষলধারে বৃষ্টি পড়ছে।

It may rain tonight. আজ রাতে বৃষ্টি হতে পারে।

জোর (emphasis) দেবার জন্যও 'it' ব্যবহার করা হয়।

It was exactly at 10 p.m. when the robbers broke into the house.

রাত ঠিক দশটাতেই ডাকাতরা দরজা ভেঙে ঘরে ঢুকল।

It was nearly midnight when my father had a heart attack.

মাঝরাতেই আমার বাবার হার্ট অ্যাটাকটা (হৃদ্‌রোগের আক্রমণ) হলো।

It is I who am responsible for this.

আমিই এই জন্য দায়ী।

It is you who have done this bad work.

তুমিই এই বাজে কাজটা করেছ।

It is he who is responsible for this defeat.

এই পরাজয়ের জন্য সে-ই দায়ী।

'It' সব ক্ষেত্রেই সময়জ্ঞাপক নয় অর্থাৎ সময়ের কথা বলে না। নিছক sentenceটা শুরু করার জন্যও 'it' ব্যবহার করা যায়।

It is easy to say, but difficult to do. বলা সহজ করা কঠিন।

It is wrong to think so. এরূপ ভাবাটা ভুল।

It is not good to bathe after meals. খাওয়া-দাওয়ার পর স্নান করা ভালো নয়।

It is not good to run in the sun. রৌদ্রে দৌড়াদৌড়ি ভালো নয়।

It is not proper to memorise without understanding.

না বুঝে মুখস্থ করা ঠিক নয়।

It is a matter of great shame. এটা বড় লজ্জার বিষয়।

It is very difficult for him to overcome the situation.

পরিস্থিতিটা সামলানো তার পক্ষে খুব কঠিন।

অধ্যায় : আট

৮. ইংরেজি সঠিকভাবে লেখা

ভুল তারই হয় যে লেখে। যে লেখে না তার কোনও ভুল আমরা ধরতে পারি না। একজন পড়ুয়াকে প্রতিমুহূর্তে লিখতে হয়। অফিস-আদালত, এখানে-ওখানে যাঁরা কাজ করেন, লিখতে হয় তাঁদেরও। ইংলিশ গ্রামারের নানা বিষয়ে সতর্ক না থাকলে কখন, কীভাবে যে ভুল লেখার মধ্যে ঢুকে পড়বে তা বোঝা যায় না, আটকানোও যায় না। এই অধ্যায়ে আমরা লেখার মধ্যে ভুল ঢুকে পড়ার পথগুলো দেখিয়ে দিতে চাই। এসব পথ চেনা থাকলে সবাই সতর্ক হতে পারবে। কিছু একটা লিখে গেলেই সঙ্গে সঙ্গে মনে পড়বে ভুল ঢোকার গোপন পথটার কথা। সতর্ক পড়ুয়া ভুলটাকে আটকাতে পারবে। অন্য যাঁরা ইংরেজি লিখছেন তাঁরা তো পারবেনই।

যমের দুয়ারে কাঁটা দেওয়া যায় না,
ভুলের পথে কাঁটা বেছানো যায়

৮.১ *Sentence-এ Noun সঠিক ব্যবহার*

I have three dozen pencils.
He made two hundred runs.
She has three score pens.
কিন্তু —
Hundreds of men came to the meeting.
Thousands of farmers assembled to protest.
Dozens of pencils were bought.

সতর্কতা ঃ score, dozen, hundred, thousand প্রভৃতি শব্দগুলোর আগে একটা সংখ্যা (number) থাকলে এসব শব্দ plural হবে না। কিন্তু এগুলোর আগে কোনও সংখ্যা না থাকলে এদের plural করা যায়।

This is good news for me.
He lives with an honest means.
Mathematics is not a hard subject.
Politics is not for all.

সতর্কতা ঃ নিম্নরেখ wordগুলোর চেহারা plural-এর। কিন্তু এগুলো আসলে singular। তাই উপরের sentenceগুলোতে verbগুলো সব singular হয়েছে।

Police have come to the spot.
Cattle are gazing in the field.
The peasantry of India are poor. (কৃষক সম্প্রদায়)
Mankind do not take the lesson of History.

সতর্কতা ঃ নিম্নরেখ wordগুলো দেখতে singular-এর মতো। কিন্তু ব্যবহারে এগুলো plural। তাই এদের জন্য plural verb ব্যবহৃত হয়েছে।

All the furniture has been sold.
The scenery of Kashmir is beautiful.
He gave me all the information I needed.
All the expenditure was met by me.
The machinery was purchased for the factory.

সতর্কতা ঃ নিম্নরেখ wordগুলো সব সময় singular। তাই এগুলোর সঙ্গে s/es যোগ করা যাবে না। verbগুলোও হবে singular।

Noun-এর ক্ষেত্রে apostrophe s ('s)-এর ব্যবহার নিয়ে সতর্ক থাকতে হবে। জীবন্ত বা চেতন বস্তুর ক্ষেত্রে 's-বসবে। সাধারণত মৃত বা অচেতন পদার্থের ক্ষেত্রে s-এর বদলে of বসাতে হয়। যেমন man's arms, cow's head কিন্তু leg of the table, cap of the pen প্রভৃতি।

কিন্তু বিশেষ ক্ষেত্রে অচেতন পদার্থ হলেও 's বসাতে হয়। যেমন, a stone's throw, the sun's rays, the earth's surface, duty's call প্রভৃতি। আরও মনে রাখতে হবে যে, ব্যক্তিত্ব আরোপ-করা wordগুলো এবং সময়, ওজনবিশিষ্ট wordগুলোর ক্ষেত্রে 's হবে। যেমন — Nature's beauty, Death's icy hand, a days's journey, two seers' weight প্রভৃতি।

৮.২ Sentence-এ Pronoun-এর সঠিক ব্যবহার

You, he and I went to the zoo of Kolkata.
I, you and he did the mistake.

সতর্কতা ঃ একটা sentence-এ একাধিক (তিনটে) pronoun থাকলে সেগুলো বসবে এইভাবে — second person, third person এবং first person। মনে রাখার জন্য 231। কিন্তু কোনও ত্রুটি বা অন্যায় স্বীকার করার ক্ষেত্রে এটা বসবে এইভাবে — first person, second person এবং third person। মনে রাখতে 123।

The committee has submitted its report.
The committee were divided in their opinions.

সতর্কতা ঃ Collective noun (এখানে committee)-র পরিবর্তে pronounটি singular হবে। প্রথম উদাহরণ। কিন্তু committee-র প্রত্যেকটি সদস্যকে পৃথকভাবে বিবেচনা করলে pronounটা হবে plural।

This pen is <u>mine</u>.
My brother and <u>you</u> are friends.
The son of <u>yours</u> is very intelligent.

সতর্কতা ঃ mine, ours, yours, hers, theirs — এসব হলো possessive pronouns। এদের পরে কখনও noun বসানো যাবে না।

Yours faithfully, yours sincerely, yours affectionately, yours truly,

সতর্কতা ঃ উপরের personal pronoun গুলো letter-writing-এ ব্যবহৃত হয়। Apostrophe (') ছাড়াই এগুলো লিখতে হবে। তফাৎটা বোঝে নাও — your's = (your is) আপনার হয়। yours = আপনার/তোমার।

One must do <u>one's</u> duty.
Everybody is doing <u>his</u> best.
Anybody can get <u>his</u> due.
Each of the boys did <u>his</u> duty well.
Neither of the two boys finished <u>his</u> lesson.

সতর্কতা ঃ 'one' pronoun হিসাবে বসলে এর possessive form 'one's' বসাতে হবে। one's-এর পরিবর্তে his অথবা her বসানো যাবে না। প্রথম উদাহরণ। কিন্তু everybody, anybody, everyone, no one, each, neither দিয়ে sentence শুরু হলে his অথবা her বসানো যাবে। পরের উদাহরণগুলো বুঝতে হবে।

<u>Ours</u> is a great country.
<u>Ours</u> is not a new car.
Your pen is green in colour, <u>mine</u> is a black one.

সতর্কতা ঃ ours, mine, yours, hers, theirs এগুলো possessive pronouns। এগুলোর পরে কোনও noun বসানো যাবে না। একই আগের উদাহরণতা দেখো।

Rabindranath was one of the greatest men <u>that</u> ever lived.
He is the cleverest boy <u>that</u> I ever met.
You are the only person <u>that</u> can help me.
It is you <u>that</u> I want to speak to.
All the people <u>that</u> I invited attended the meeting.
He is the same man <u>that</u> opposed me.
Any man <u>that</u> refuses to do the job will be punished.

সতর্কতা ঃ Relative pronoun 'that' বসাতে হবে 'who' না বসিয়ে যদি sentence-এ superlative degree থাকে এবং only, all, any, same প্রভৃতির ব্যবহার থাকে।

The climate of Shimla is cooler than <u>that</u> of Delhi.
The houses of the rich are larger than <u>those</u> of the poor.

সতর্কতা ঃ যে-nounটা একবার ব্যবহৃত হয়েছে সেটা পুনরায় লেখার পরিবর্তে 'that' এবং 'those' বসানো উচিত।

৮.৩ Sentence-এ Adjective-এর ব্যবহার

He is senior to me in service.
I am junior to him in service.
This pen is superior to that.
This cloth is inferior to that.
Greek civilization in anterior (পূর্ববর্তী) to Roman civilization.
He left this place prior to his retirement.

সতর্কতা ঃ নিম্নরেখ, comparative adjectiveগুলোর পরে 'than' না বসে 'to' বসবে।

The rich are not always happy.
The poor should not be looked down upon.
The wicked must be avoided.
The cautious (সতর্ক ব্যক্তি) are not always cowards.
The dead never come back to protest.

সতর্কতা ঃ rich, poor, wicked, cautions, needy, aged, blind, dead প্রভৃতি adjectiveগুলোর আগে 'the' বসিয়ে noun-এর মতো ব্যবহার করা হয়। এগুলো plural noun হিসাবে ব্যবহৃত হয়। এখানে the rich = rich people, the poor = poor people, the wicked = wicked (bad) people, the cautious = cautious people, the brave = brave persons, the dead = all those who have died or been killed.

৮.৪ Sentence-এ verb-এর সঠিক ব্যবহার

Mini is a good girl.
Mini and Rina are good girls.

সতর্কতা ঃ Subjectটি singular হলে verbটি singular এবং subjectটি plural হলে verbটি plural হবে।

Bread and butter is my usual breakfast.
Slow and steady wins the race.
To take pay and then not to work is dishonesty.
Rice and curry is our principal good.

সতর্কতা ঃ দুটো বিষয় যদি একটি ধারণা প্রকাশ করে তাহলে verbটি singular হবে।

Each boy and each girl was present.
Every man and woman is happy in this village.

Each of the boys <u>was</u> rewarded.

সতর্কতা ঃ Each এবং every দিয়ে sentence শুরু হলে এবং and দ্বারা যুক্ত হলে verbটি হবে singular।

The number of books <u>is</u> very small.

A number of books <u>are</u> missing.

সতর্কতা ঃ 'The number of' লিখলে verbটি singular এবং 'a number of লিখলে verbটি plural হবে।

Neither Mimi nor her brother <u>was</u> present.

Either of them <u>has</u> done it.

Neither Mimi or Rimi <u>has</u> done the work.

সতর্কতা ঃ দুটো বা ততোধিক singular subject যদি or, nor, either–or, neither–nor দ্বারা যুক্ত হয় তাহলে verbটি singular হবে।

Either the boy or his friends <u>have</u> done it.

Neither Rimi nor her brother <u>are</u> here.

Ramu or his brothers <u>have</u> done it.

সতর্কতা ঃ বিভিন্ন number-এর subject যদি or, nor, either – or, neither – nor দ্বারা যুক্ত হয় তাহলে verbটি plural হবে।

Ramu, and not you, <u>has</u> won the prize.

The captain, with the players, <u>was</u> present.

Mini as well as Rimi <u>likes</u> hot tea.

সতর্কতা ঃ দুটো subject যদি with, together with, as well as, and not, in addition to প্রভৃতি দ্বারা যুক্ত থাকে তাহলে verbটি প্রথম subject অনুযায়ী হবে।

The United States of America <u>has</u> a big army.

One thousand rupees a month <u>is</u> a good income.

Fifty miles <u>is</u> a long distance.

Tagore Tales <u>is</u> an a interesting reading.

সর্তকতা ঃ যখন একটা plural noun একটা একক বোঝায় অথবা যখন এটা একটা দেশের নাম বা পুস্তকের নাম বোঝায় তখন verbটি singular হয়।

The Headmaster and Secretary of the school <u>is</u> going.

The Headmaster and the Secretary of the school <u>are</u> going.

সতর্কতা ঃ দুটো singular noun (প্রথম উদাহরণে Headmaster এবং Secretary) যদি একটিমাত্র বস্তু বা একজন ব্যক্তিকে বোঝায় তাহলে verbটি singular হয়। এখানে একটা 'the' বসেছে। কিন্তু দ্বিতীয় উদাহরণে দুটো 'the' বসে Headmaster এবং Secretary দু'জন ব্যক্তিকে বুঝিয়েছে। তাই দ্বিতীয় উদাহরণে verbটি plural।

Mr. Roy has two sons, either is fit for this job.
He has two girls, neither is beautiful.

সতর্কতা : 'or' ছাড়া either এবং 'nor' ছাড়া neither ব্যবহার করলে verbটি singular হবে।

৯. Tense-এ verb-এর সঠিক ব্যবহার

Verb-এর বিষয়-আসয় নিয়েই tense। tense মানে ক্রিয়ার কাল বা ক্রিয়ার সময়। Time-এর তো তিনটে ভাগ। Present time, Past time এবং Future time। এই তিনটে time-এর উপর দাঁড়িয়েই সব verbগুলোর ব্যবহার করতে হয়।

Present simple tense টা এমনই একটা tense যাকে present, past এবং future — এই তিনটে tense-এর ক্ষেত্রেই ব্যবহার করা যায়। উদাহরণে বিষয়টা বোঝা যায়।

(এক) Tulsidas is one of the greatest poets of India. অথবা Alexander attacks India. দুটো ঘটনাই অতীতেব। অথচ এদের Present Indefinite tense-এ প্রকাশ করা হলো।

(দুই) He is going to Kanpur tomorrow. কাজটা ভবিষ্যতে ঘটবে। কিন্তু present continuous tense-এ প্রকাশ করা হলো।

(তিন) The Rajdhani Express starts from Howrah at 4 p.m. এই tenseটা Present simple কিন্তু এটা present, past এবং future—এই তিনটে সময়ের কথাই প্রকাশ করে। অতীতে এই ট্রেনটি বিকেল 4টায় ছেড়েছে, বর্তমানে ছাড়ছে এবং ভবিষ্যতেও এই একই সময়ে ছাড়বে।

মনে রাখার : এইসব verbগুলোকে continuous tense হিসাবে ব্যবহার করা যাবে না। Sentenceটি Present continuous tense হলেও তাকে Present Indefinite-এ ব্যবহার করতে হবে। যথা : আমি একটি পাখি দেখিতেছি I see a bird. এমনটা লিখতে হবে। লেখা যাবে না I am seeing a bird। এই ধরনের —

(a) Verbs of possession : possess, own, owe, contain, consist, etc. (b) Verbs of emotion : Love, like, hate, hope, admire, expect, forgive, refuse, desire, like, dislike, please, want, wish, prefer, etc (c) Verbs of perception : see, hear, smell, notice, recognise, etc. (d) Verbs of thinking : think, suppose, mean, understand know, agree, disagree, forget, remember, recollect, believe, doubt, imagine, etc. (e) Verbs of appearing : look, appear, seem (f) Miscellaneous : depend, resemble etc.

এই verbগুলোর কথা আগে বলা হলেও এখানে পরিচিতিসহ বিন্যস্ত করে দেখানো হলো।

(এক) Present perfect tense অতীতে শুরু-হওয়া কোনও দীর্ঘ সময়ের কাজ

বোঝাতে ব্যবহার করতে হবে। যেমন ঃ

I have written ten pages since this morning.

I have always taught intelligent students.

He has not worked for years.

(দুই) Present perfect continuous tense-ও অতীতে শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত চলা কোনও কাজ বোঝাতে ব্যবহৃত হয়। যথা ঃ—

She has been reading a novel since morning.

He has been lying in bed all day.

Mr. Roy has been working in this college since 2002.

(তিন) Past simple অতীতের কোনও কাল্পনিক অবস্থা প্রকাশ কবতে ব্যবহৃত হয়। যেমন ঃ

If I had longer holidays I would be very happy.

If I got rich I would travel all over the world.

(চার) Past perfect tense-এ দুটো কাজ থাকতে হবে। যে-কাজটি আগে হয়েছে সেটি হবে Past perfect এবং পরে-ঘটা কাজটি Past indefinite হবে। যথা ঃ

The boy had done the work before he came here.

The mangoes were destroyed by a storm which had suddenly risen. (এটা পরিষ্কার যে, এখানে আম ধ্বংস হবার আগে ঝড়টা উঠেছিল।)

(পাঁচ) কোনও sentence-এ Past continuous tence-এর সঙ্গে Past indefinite tenseও ব্যবহৃত হয়। এক্ষেত্রে Past continuousটি বেশি সময় ধরে চলা কাজ এবং Past Indefiniteটি কম সময় ধরে চলা কাজের জন্য ব্যবহৃত হয়। যথা ঃ

She was singing and dancing, but stopped when she saw her mother.

The phone rang while I was having my meal.

He was running downstairs when he slipped and fell.

(ছয়) ভবিষ্যতে কোনও একটি নির্দিষ্ট সময়ে কোনও কাজ চলতে থাকবে এমন বোঝালে future continuous tense হয়। যথা ঃ

Please do not ring tonight–I will be having a dinner party.

This time tomorrow I shall be doing my homework.

This eventing we shall be making preparations for our departure for England.

১০. Clause-এ Verb-এর সঠিক ব্যবহার

(এক) Subordinate clause-এ 'lest' থাকলে, এই 'lest' শব্দটার পরে সবসময় 'should' বসবে ; তাতে Principal clause-এর verb যে tense-এই থাকুক না কেন। যথা ঃ

Walk carefully lest you should fall.

The robber ran away lest he should be caught.

The student worked hard lest he should fail in the examination.

(দুই) Principal clause-এর verbটি present অথবা future tense-এ থাকলে, subordinate clause-এর verbটি past tense-এ থাকলে, subordinate clause-এর verbটি যে-কোনও tense-এ হতে পারে।

I know what she does.

I know what she did.

I know what she will do.

(তিন) Principal clause-এ verbটি past tense-এ থাকলে, subordinate clause-এর verbটি অবশ্যই past tense-এ হবে।

He said that he was an honest boy.

He promised that he would help me.

Nobody knew how the poor man died.

(চার) Principal clause-এর verbটি past tense-এ রয়েছে কিন্তু subordinate clauseটি চিরন্তন সত্য অথবা অভ্যাসগত কাজ করা বোঝায়, এমন হলে subordinate clauseটির verb present tense হবে।

He told me that the earth moves round the sun.

I told him that the sun rises in the east and sets in the west.

They told me that man is mortal.

(পাঁচ) Subordinate clauseটি যদি 'than' দিয়ে শুরু হয় তাহলে এই clause-এর verb যে-কোনও tense হতে পারে, Principal clauseটির verb, past tense হলেও—

He liked me more than she likes you.

He helped us more than he helps his own children.

(ছয়) Subordinate clauseটি যদি একটি adjective clause হয়, Principal clause-এর verb past tense হলেও subordinate clause-এর verb যে-কোনও tense হতে পারে।

I met a man who works hard.

He met a girl who worked hard.

She met a boy who will work hard.

(সাত) Conditional sentence-এ (শর্তসাপেক্ষ বাক্য) subordinate clause-এর verb সাধারণত present tense-এ হয় এবং Principal clause-এর verbটি হয় future tense-এ।

If I go to college street, I shall bring silk saree for you.

If it rains, I shall stay at home.

If it snows, I shall keep indoor.

১১. Narration-এ Verb-এর সঠিক ব্যবহার

Direct speech থেকে Indirect speech করার সময় পরিবর্তন ঘটাতে হয় verb, pronoun এবং adverb-এর। নিয়ম মেনেই এসব বদল ঘটাতে হয়। আমরা এখানে কেবল verb বদলের নিয়ম নিয়ে বলব।

(এক) Reporting verbটি যদি present এবং future tense-এ থাকে তাহলে reported speech-এর verb যে-কোনও tense হতে পারে।

He says, "I am a student". (Direct)
He says that he is a student. (Indirect)
He says, "I shall go there".
He says that he will go there.
He will say, "I am tired".
He will say that he is tired.

(দুই) Reporting verbটি যদি past tense-এ থাকে তাহলে reported speech-এর verb অবশ্যই past tense-এ হবে।

Rima said, "Rina works hard".
Rima said that Rina worked hard.
Rima said, "Rina is working hard".
Rima said that Rina was working hard.
Rima said, "Rina has worked hard".
Rima said that Rina had worked hard.
Rima said, "Rina had been working hard".
Rima said, "Rina had been working hard".
Rima said, "I shall do the work".
Rima said that she would do the work.

(তিন) Reporting verb এবং reported speech-এর verb দুটোই যদি past tense-এ থাকে, তাহলে reported speech-এর verbটি past perfect tense-এ হবে।

He said, "Rina worked hard".
He said that Rina had worked hard.
Rupa said, "I did the work yesterday."
Rumpa said that she had done the work the previous day.

(চার) Reported speechটি যদি চিরন্তন সত্য অথবা অভ্যাসগত কাজ বোঝায় তাহলে reporting verbটি past tense হলেও reported speech-এর verbটি present tenseই থেকে যাবে।

He said, "The moon gets light from the sun".
He said that the moon gets light from the sun.

The man said, "I go for a walk every morning".

The man said that he goes for a walk every morning.

(পাঁচ) একই সময়ে ঘটা দুটো কাজের কথা নিয়ে Reported speechটি থাকলে এবং এই কাজ দুটো যদি past indefinite এবং past continuous হয়, তাহলে indirect speech-এ এগুলোর কোনও পরিবর্তন হবে না।

Mimi said, "I sang while Rina danced".

Mimi said that she sang while Rina danced.

Apu said, "I was writing a letter while Dipu was reading a book".

Apu said that he was writing a letter while Dipu was reading a book.

(ছয়) Assertive sentence-এর indirect speech করার সময় reporting verbটির পরে object থাকলে verbটি হবে 'told'। অথবা নিচের যে-কোনও verb বসতে পারে reported speech-এর অর্থটা পরিষ্কারভাবে বুঝিয়ে দিতে। verbগুলো — replied, asserted, pleaded, remind, complained, reported, threatened, stated, informed, added, remarked, assured etc.

(সাত) Interrogative sentence-কে indirect speech-এ বদলে দিতে reporting verb গুলো অর্থানুযায়ী হতে পারে – ask, demand, enquire, want to know ইত্যাদি।

(আট) Imperative sentence কে indirect speech-এ বদলে দিতে reporting verbগুলো হতে পারে, order, advise, command, request ইত্যাদি।

Imperative sentence-এ reported speech-এর অর্থ অনুযায়ী নিচের চার ধরনের verb গুলো ব্যবহার করা যায়।

(a) উপদেশ (advise) দেবার জন্য — advise, exhort, suggest, offer, prompt, urge, persuade, invoke ইত্যাদি।

(b) Command বোঝানোর জন্য —

order, tell, bid, command, summon, instruct, direct, shout, warn ইত্যাদি।

(c) অনুরোধ (request) বোঝাতে —

ask, beg, request, entreat, plead, solicit, invite, implore ইত্যাদি।

(d) নিষেধ (prohibition) বোঝানোর জন্য —

forbid, prohibit, prevent ইত্যাদি।

(নয়) Optative sentence-কে indirect speech-এ পরিবর্তন করতে — wish, pray, bless ইত্যাদি বসানো যেতে পারে।

(দশ) Exclamatory sentence তো আবেগ বা অনুভূতি প্রকাশ করে। এই ধরনের sentence-কে indirect speech-এ পরিবর্তিত করতে reporting verbগুলো হতে

পারে — exclaimed, wished, prayed, confused, cried out, applauded ইত্যাদি। Exclamatory sentence-এ যে interjection থাকে সেগুলো indirect speech-এ বাদ দিতে হবে এবং ওই interjection অনুযায়ী উপযুক্ত এই প্রকাশগুলো যুক্ত করতে হবে — with regret, with delight, with joy, with sorrow, with contempt, with impatience ইত্যাদি।

The boys said, "Hurrah! We have come out victorious".

The boys cried out/exclaimed with joy that they had come out victorious.

They said, "Alas! the most popular man of the locality is no more".

They cried out in sorrow that the most popular man of the locality was no more.

১২. 4টি Modal Auxiliary Verb-এর ব্যবহার

যে-চারটি modal auxiliary verb-এর ব্যবহারের কথা বলা হবে সেগুলো হলো — must, dare, need এবং ought to।

১২.১ Must-এর ব্যবহার

(a) obligation (বাধ্যবাধকতা) বোঝাতে —

Candidates <u>must</u> answer five out of the ten questions.
A student <u>must</u> respect his teachers.
You <u>must</u> do as you are told.
He <u>must</u> be back by 5 p.m.
When you enter the office, you <u>must</u> show the guard your pass.
We <u>must</u> do our best to serve the nation.

(b) Advice (উপদেশ) দিতে —

You <u>must</u> speak the truth.
You <u>must</u> not worry about me.
You <u>must</u> inform the police of the accident.
You <u>must</u> read this book. It is marvellous.
You <u>must</u> not keep me waiting.

(c) Probability (সম্ভাবনা) বোঝাতে —

This <u>must</u> be the book you want.
He <u>must</u> have reached the station by now.
She <u>must</u> be really sixty now.
Why is he not here? He <u>must</u> have missed the train.
Listen to the laughter! They <u>must</u> be enjoying themselves.

(d) To draw logical conclusion (যুক্তিপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে) —

You <u>must</u> be hungry after your long walk.
He <u>must</u> be having a lot of problems with the language.
He <u>must</u> be the wanted man : he is exactly like this picture.

(e) To express duty (কর্তব্য) বোঝাতে —

Government servants <u>must</u> leave for home.
You <u>must</u> serve your parents.

(f) To express prohibition (নিষেধ) বোঝাতে —

Candidates <u>must</u> not write their names on the answer-scripts.
You <u>must</u> not come here again.
You <u>must</u> not smoke in the presence of your elders.

(g) To indicate necessity (প্রয়োজনীয়তা) বোঝাতে —

You <u>must</u> hurry. You are so late.
You <u>must</u> work very hard in order to earn your livelihood.

১২.২ *Dare*-এর ব্যবহার

(a) Negative sentence-এ 'dare'-এর সঙ্গে 's' যোগ হয় না। যথা ঃ

He <u>dare</u> not go there.

(b) Affirmative sentence-এ 'dare'-এর সঙ্গে 's' যুক্ত হতে পারে এবং infinitive 'to' বসতে পারে। যথা ঃ

He <u>dares</u> me to fight with him.
He <u>dares</u> to leave the room.

(c) 'Dare' প্রধানত Interrogative এবং Negative sentence-এ ব্যবহৃত হয়।

How <u>dare</u> you speak to me so rudely?
How <u>dare</u> he says such nasty things about me?
I <u>dare</u> not oppose my wife.
Nobody <u>dare</u> disturb him.

(d) 'Dare' Modal auxiliaryটা সাধারণত affirmative sentence-এ ব্যবহৃত হয় না। একমাত্র ব্যতিক্রম 'I dare say' কথাটার ব্যবহার। এই কথাটা দুটো অর্থে ব্যবহৃত হয়। (i) I dare say মানে I suppose এই অর্থে —

I <u>dare say</u> there will be a hotel in the area.
I <u>dare say</u> there will be a post office nearby.

(ii) কোনও কিছুকে সত্য ঘটনা অথবা একটা সম্ভাব্য ঘটনা হিসাবে বললে —

I <u>dare say</u> he is not an Indian citizen. (সত্য ঘটনা)
I <u>dare say</u> you have spent all your money by now. (সত্য ঘটনা)

(e) অন্যের কাজে বিরক্তি প্রকাশে 'dare'-এর ব্যবহার এই ধরনের হতে পারে—

How dare you open my letters!
How dare you speak to me like that!

১২.৩ *Need-এর ব্যবহার*

(a) Modal auxiliary verb হিসাবে need সাধারণত negative এবং interrogative sentence-এ ব্যবহৃত হয়। এই প্রসঙ্গে মনে রাখতে হবে যে, need-এর পর 'to' বসে না এবং needটি একটি full verb হিসাবে ব্যবহৃত হয়।

Need they have sold the shop?
Need you have paid so much?
You need not have gone there.
He need not have visited her.
I need not have written to him.

(b) Affirmative sentence হলে 'need'-এর সাথে 's' যোগ হতে পারে।

He needs your help.
The unemployed young man needs Governmental help.

(c) 'Need' তো modal auxiliary verb। কিন্তু 'need' noun হিসাবেও ব্যবহৃত হতে পারে।

There is a great need for a new book on the subject.
He is in great need of money.
I find no need to talk to him.
A friend in need is a friend indeed.
I helped her in her hour of need.

১২.৪ *Ought to-এর ব্যবহার*

(a) Obligation (কর্তব্য/দায়/বাধ্যবাধকতা) বোঝাতে—

We ought to help our parents.
You ought to do your homework daily.
You ought not to neglect your old mother.
Ought I to write to say thank you?
I ought to meet her this evening.

(b) Advice (উপদেশ), expectation (প্রত্যাশা) প্রভৃতি বোঝাতে —

She ought to see a doctor immediately.
There ought to be more buses during the rush hours.
You ought not to miss the golden opportunity.
Ought not we to phone for the police?
She ought to stay with us.

১৩. Sentence-এ Adverb-এর সঠিক ব্যবহার

এটা তো জানাই যে, adverbটা sentence-এ adjective, verb এমনকি adverb কেও modify করে। তাই যে wordকে modify করে সে word-এর কাছাকাছি adverbটাকে বসাতে হবে। কারণ adverbটিকে sentence-এ কোথায় তার ওপর sentence-এর অর্থটা বদলে যেতে পারে। যেমন ঃ— His only son died. তার একমাত্র পুত্র মারা গেছে। কিন্তু Only his son died-এর মানে একমাত্র তার পুত্রই মারা গেছে।

(এক) সাধারণত adjective অথবা adverb-এর আগে adverbটি বসে। যথা—

He is a very good boy.
adv. adj.

He walks very slowly.
adv. adv.

(দুই) enough (যথেষ্ট) শব্দটা adverb হিসাবে যে wordকে modify করে তার পরে বসে।

Mr. Basu was kind enough to help me.

(তিন) Intransitive verb-এর (অকর্মক ক্রিয়া) পরে adverb বসে। She laughed heartily. He wept bitterly.

(চার) Transitive verb-এর (সকর্মক ক্রিয়া) object-এর পরে adverb বসে। He loves his son dearly.

(পাঁচ) একই sentence-এ auxiliary (সাহায্যকারী ক্রিয়া) এবং principal verb (প্রধান ক্রিয়া) থাকলে adverbটি এই দুটো verb-এর মাঝে বসে।

He has already done the work.
You have really missed the chance.
She has just left this place.

(ছয়) নিচের adverbs of mannerগুলো সাধারণত verb-এর পরে বসে কিংবা sentence-এ object থাকলে তার পরে বসে।

He acted foolishly.
He will come surely.
You should do your duty carefully.
You must prepare your lesson quickly.

Adverbs of manner হলো carefully, calmly, quickly, foolishly, slowly, badly, well, just, fast, surely, thus, so প্রভৃতি।

(সাত) মনে রাখতে হবে adverbs of place এবং adverbs of time — এরাও ঠিক উপরের নিয়ম মেনে চলে। Adverbs of place – here, there, everywhere, above, below, up, in, within, away, without, backward, far, near প্রভৃতি।

Adverbs of time – today, tomorrow, yesterday, now, then, yet, before,

soon, early, then, late, shortly, immediately, at once, since, till প্রভৃতি।

(আট) Adverbs of frequenceyগুলো subject এবং এক word-এর verb-এর মাঝখানে বসবে।

His son <u>never</u> comes here.
He has <u>never</u> seen a tiger.

Adverbs of frequency – usually, generally, rarely, always, never, often প্রভৃতি। অন্য এই adverbগুলোও এই নিয়ম মেনে চলে — already, almost, hardly, nearly, quite প্রভৃতি।

(নয়) কোনও adverb আবার sentence-এর শুরুতে বসতে পারে যদি ওই adverbটি গোটা sentenceটাকে modify করে।

<u>Unfortunately</u>, the boy failed in the examination and could not get promotion.

(দশ) Sentence-এর শুরুতে adverb বসতে পারে জোর (emphasis) দেবার জন্য।

<u>Here</u> comes the man. <u>There</u> goes the church bell.

(এগারো) Adverbটা sentence-এর শুরুতে বসতে পারে যদি sentenceটা exclamatory হয়।

How <u>nicely</u> the boy acted!
How <u>beautifully</u> he has decorated the room!

(বারো) নিচের wordগুলোকে sentence-এ adjective এবং adverb হিসাবে ব্যবহার কবা চলে।

deep, direct, far, low, long, near, pretty, right, late, wrong, well, short, just প্রভৃতি।

(তেরো) 'the'কে আমরা article হিসাবে জানি। কিন্তু নিচের তিনটি sentence-এ 'the' article নয়, adverb হিসাবে ব্যবহৃত হয়েছে।

The more, the merrier.
The sooner, the better.
The fewer, the better.

১৪. Sentence-এ Preposition-এর সঠিক ব্যবহার

Preposition sentence-এ কোথায় বসবে এ সম্পর্কে আমরা যেটা জানি তা হলো noun বা pronoun-এর পূর্বে preposition বসে। কিন্তু এই নিয়মটার ব্যতিক্রম আছে। Preposition কিন্তু sentence-এর শুরুতে এবং sentence-এর শেষেও বসতে পারে।

(এক) Sentence-এর শেষে prepostion বসবে যদি —

(i) Relative pronounটা 'that' হয়

He tore the paper that I was writing on.

(ii) Prepositionটা relative pronounকে নিয়ন্ত্রণ করে

This is the boy (whom) I spoke about.

(iii) Relative pronountটা উহ্য (understood) থাকবে

This is the boy (whom) I spoke to.

(iv) Prepositionটা একটা interrogative pronoun অথবা interrogative adverbকে নিয়ন্ত্রণ করে

What are you looking at? (interrogative pronoun)

Where are you going to? (interrogative adverb)

(v) Sentence-এর শেষে infinitve-এর সাথে preposition ব্যবহার করা হয়

Do you want a chair to sit on?

I have no money to help you with.

(দুই) Sentence-এর শুরুতেও preposition বসতে পারে।

To whom did you give my pen?

In which book did you read this story?

By which train are you going to Delhi?

(তিন) অনেক সময় noun of place এবং noun of time-এর আগে বসতে পারত এমন for, from, in. on প্রভৃতি pronounগুলো omit রাখা যায়।

Please wait a minute. (wait for a minute)

Take this medicine thrice a day. (thrice in a day)

(চার) এমন অনেক word আছে যেগুলো preposition এবং adverb হিসাবে ব্যবহৃত হতে পারে।

He came here before eight. (pronoun)

He had done this type of sum before. (adverb)

(পাঁচ) এমন কিছু word-এর সাথে preposition থাকে, যে prepositionগুলো sentence-এ তাদের পাশে gerundকে চাইবেই —

abstain form drinking, aim at doing, addicted to gambling, bent upon doing, capable of teaching, desirous of going, disqualified from holding, excel in dancing, fond of playing, insist on going, knack of getting things done, prevent from working, persist in disobeying, prohibit from entering, pretext from delaying, talent for creating.

(ছয়) prepostion-এর পরেই যদি verb ব্যবহার করতে হয় তাহলে সেই verbটা হবে gerund form-এ।

The man left without paying his bill.
He insisted on buying the book.
I apologize for writing such a lengthy letter to you.

১৫. Sentence-এ Conjunction ব্যবহারের নিয়ম

(এক) No sooner-এর পরে 'than' বসবেই

No sooner had the teacher entered the class than the students stood up.
No sooner did the teacher enter the class than the students stood up.

(দুই) Conjunction 'lest' বসালে এর পর 'should' বসাতেই হবে।

Walk carefully lest you should fall down.

(তিন) When অথবা if দিয়ে sentence শুরু করলে পরে then বসবে না। কমা (,) বসবে।

When he reached there then it was raining.
When he reached there, it was raining.
If I go to Patna then I shall bring a watch for you.
If I go to Patna, I shall bring a watch for you.

(চার) Unless তো negative (না-বোধক) শব্দ। এর অর্থ if not (যদি না)। এটার পরে আর 'not' বসানো যাবে না।

Unless you do not try, you will never succeed.
Unless you try, you will never succeed.

(পাঁচ) Hardly অথবা sacrcely থাকলে এর পরে 'when' বসবে, 'than' বসবে না।

Hardly had he left the house when it began to rain.
Scarcely had reached home when it began to rain.

(ছয়) Supposing এবং if একই sentence-এ ব্যবহৃত হয় না।

Supposing if I give you a cheque, how will you encash it?
Supposing I give you a cheque, how will you encash it?

(সাত) Not only বসালে but also বসাতেই হবে।

Not only will he go, but he will also remain there.


১৬. Word, অর্থে যদি একই হয়
ব্যবহারে এক রকম নয়

বাংলার মতো ইংরেজিতেও সমার্থক শব্দ আছে। ইংরেজিতে এইসব শব্দের অর্থ এক রকম হলেও এদের বানান ও অর্থে পার্থক্য রয়েছে। সেই কারণে এদের ব্যবহারেও ভিন্নতা থাকবে। Incorrect এবং Correct (সংক্ষেপে I এবং C) লিখে sentenceগুলো দেখানো হলো।

Incorrect	:	I have seen that film ago.
Correct	:	I have seen that film before.
I	:	The accused admitted his guilt.
C	:	The accused confessed his guilt.
I	:	Aeroplanes fly in the atomsphere.
C	:	Aeroplanes fly in the air.
I	:	I have all ready seen that film.
C	:	I have already seen that film.
I	:	I owe him Rs. 500/- all together.
C	:	I owe him Rs. 500/- altogether.
I	:	A father is naturally eager about his son's career.
C	:	A father is naturally anxious about his son's career.
I	:	Soma has no aptness for Mathematics.
C	:	Soma has no aptitude for Mathematics.
I	:	This book has reached a wide spectator.
C	:	This book has reached a wide audience.
I	:	What was the reason of the fire?
C	:	What was the cause of the fire?
I	:	Smoking is one of the reasons of heart disease
C	:	Smoking is one of the causes of heart disease
I	:	Is there any particular cause why you cannot come?
C	:	Is there any particular reason why you cannot come?
I	:	Rima is a girl of strong reputation.
C	:	Rima is a girl of strong character
I	:	Kolkata has temperate weather.
C	:	Kolkata has a temperate climate.
I	:	Rajasthan has a dry weather.
C	:	Rajasthan has a dry climate.
I	:	We had a good climate on our holiday.
C	:	We had a good weather on our holiday.
I	:	Sita is not conscious of the time.
C	:	Sita is not aware of the time.
I	:	They are conscious of the risk.

C : They are aware of the risk.
I : Consider it or not, I am feeling quite homesick.
C : Believe it or hot, I am feeling quite homesick.
I : I do not suspect that she will come.
C : I do not doubt that she will come.
I : I strongly doubt that they are trying to get rid of me.
C : I strongly suspect that they are trying to get rid of me.
I : The economical condition of the country is very bad.
C : The economic condition of the country is very bad.
I : He has an economic style of writing.
C : He has an economical style of writing.
I : He writes in short, economic sentences.
C : He writes in short, economical sentences.
I : He is a notorious historian.
C : He is a famous historian.
I : She is famous for her wild behaviour.
C : She is notorious for her wild behaviour.
I : His behaviour was intolerant.
C : His behaviour was intolerable.
I : He should not interfere with a judicious matter.
C : He should not interfere with a judicial matter.
I : I am going to take lawful action against you.
C : I am going to take legal action against you.
I : Moumi is neglectful of her duties.
C : Moumi is negligent of her duties.
I : He is negligent of his responsibilities.
C : He is neglectful of his responsibilities.
I : There were three airline personal on the plane that crashed.
C : There were three airline personnel on the plane that crashed.
I : The panda is now a scarce animal.
C : The panda is now a rare animal.
I : Mangoes are rare this year.
C : Mangoes are scarce this year.
I : She is very sensible to criticism.
C : She is very sensitive to criticism.
I : The eyes are sensible to light.

C	:	The eyes are sensitive to light.
I	:	Man is a sociable animal.
C	:	Man is a social animal.
·I	:	Death waits all men.
C	:	Death awaits all men.
I	:	A hearty welcome waits you.
C	:	A hearty welcome awaits you.
I	:	I am awaiting to hear the result.
C	:	I am waiting to hear the result.



সুরেশ কুন্ডু পেশায় ইংরেজি ভাষা ও সাহিত্যের শিক্ষক। তাঁর অন্যতম আগ্রহের বিষয় বিজ্ঞান সাহিত্য এবং পরিবেশ সংস্কৃতি। বিজ্ঞানমনস্কতা এবং পরিবেশ-ভাবনা নিয়ে লেখালেখি করছেন দুই দশকের বেশি সময় ধরে। মাতৃভাষা বাংলার মর্যাদা ও বিকাশের স্বপক্ষে তাঁর গ্রন্থ 'বেঁচে থাকব মাতৃভাষায়।' বিজ্ঞান, পরিবেশ, শিক্ষা ও স্বাস্থ্য সম্পর্কে তাঁর এ পর্যন্ত প্রকাশিত বইয়ের সংখ্যা আঠাশ। গ্রন্থরচনা শুধু নয়, 'জ্ঞান ও বিজ্ঞান', 'জ্ঞান বিচিত্রা'. 'টপ কোয়ার্ক', 'কালান্তর', 'মুখপত্র চেতনা' 'বিজ্ঞান ও নাস্তিকতা'র মতো বহু পত্র-পত্রিকার নিয়মিত প্রবন্ধকার। ইংরেজি শিক্ষণ নিয়ে তাঁর গ্রন্থাবলী—'প্রসঙ্গ ঃ পড়াশোনা ও পরীক্ষা', 'ইংরেজি শব্দের তিন প্রসঙ্গ ঃ উচ্চারণ-বানান-শব্দভাণ্ডার', 'ইংরেজি বানানের নিয়ম' এবং 'Question-Answer Way to English Grammar and Vocabulary'। দুই বাংলায় এবং বাংলা ও ইংরেজি দুই মাধ্যমের পড়ুয়াদের পড়ানোর দীর্ঘ অভিজ্ঞতায় সমৃদ্ধ তাঁর শিক্ষাবিষয়ক প্রতিটি গ্রন্থ।

জ্ঞান বিচিত্রা প্রকাশনী